^() তাৎপর্য্য—এক হলে উজ বিষয়ের, বে অক্সত্র বেরাত দেওয়া, তাহার নাম 'অতিদেশ'। এখানেও আদিত্যপুরুষের নামরূপাদির চাকুদ পুরুষে বরাত দেওয়া ইইরাছে।

(প্রভাবকথনসমাপ্তৌ)। তৎ (তশ্বাৎ হেতোঃ) • যে ইমে (জনাঃ) বীণারাং গায়স্তি, তে এতং (অক্ষিপুরুষম্ এব) গায়স্তি ; তশ্বাৎ (কারণাৎ) তে (গায়কাঃ) ধনসনয়ঃ (ধনলব্ধারঃ ধনিনঃ) [ভবস্তীতি শেষঃ]।

এই সেই অক্ষিপুরুষই, ইহার অধোবর্তী যে সমস্ত লোক আছে, তাঁহাদের এবং মনুষ্যগণের অভিলাষেরও ঈশ্বর। সেই কারণেই এই যাহারা বীণা-যন্ত্রে গান করিয়া থাকে, তাহারাও ইহারই গান করে; সেই কারণেই তাঁহারা ধনস্নি—ধনলনা অর্থাৎ ধনী হইয়া থাকে॥

শাঙ্কর-ভাষ্যম। স এব চাক্ষ্য পুরুষ, যে চ এতখাদাধ্যাত্মিকাৎ আত্মনঃ অর্বাগ্গতা লোকাঃ, তেবাং চ ঈষ্টে, মনুষ্যদম্বনিনাঞ্চ কামানাম্। তৎ তখ্মাদু বে ইমে শীণায়াং গায়ন্তি গায়কাঃ তে এতমেব গায়ন্তি। যখ্মাদীশ্বরং গায়ন্তি, তুখাৎ তে ধনসনয়ো ধনলাভযুক্তা ধনবস্ত ইভার্থঃ ॥৮০॥৮

আনন্দলিরিঃ। আধিদৈবিকপুরুষবং আধ্যান্মিকেইপি পুরুষে নিরতিশয়ৈশ্যা-শ্রবণাচ্চ তরোরৈকাম ইত্যাহ—জ এম ইকি। তরোর্ভেদাভাবে হেতুম্বরমাহ—জ্ব ক্রান্দিকি। প্রশার্থেব প্রাপ্তম্ভাহতোর্গানবিষয়ন্বযোগ্যনাদিত্যর্থ:। তচ্ছসার্থং ক্রান্থতি— মস্মান্দিকি ! ৬০ । ৬

ভাষ্যানুবাদ। সেই এই চাক্ষুষ পুরুষই এই আধ্যাত্মিক আত্মার অধােবর্ত্তী যে সমস্ত লােক, তৎসমস্তের এবং মনুষ্যগণের অভিলাষেরও প্রভু; অতএব, যে সমস্ত বাদক বীণায় গান করেন, তাঁহারা ইহারই গান করিয়া থাকেন। যেহেতু ঈশরকেই গাম করেন, সেই জন্মই তাঁহারা ধনলাভযুক্ত ধনী হইয়া থাকেন ॥৬০॥৬

অথ য এতদেব বিৰান্ সাম গায়ত্যুভো স গায়তি । সোহমুনৈব স এষ যে চামুস্মাৎ পরাঞো লোকাস্তাভ্শ্চাপ্রোতি দেবকামাভ্শ্চ ॥৬১॥৭

অথ (অনস্তরং) [উপাসনাফলম্চাতে]— যঃ (জনঃ) এবং (উক্তঃপ্রকারেণ) বিদ্বান্ (জানন্ সন্) এতৎ (যথোপবণিতং) সাম গাঁয়তি, সঃ (গায়কঃ) উভৌ (পুর্ব্বোক্তো) চাক্ষ্যাদিতাপুরুষো) গায়তি, সঃ (গায়কঃ) অমুনা (জাদিত্যেন)—যে চ অমুনাছ (আদিত্যাং) পরাঞ্চঃ (অধন্তনাঃ) লোকাঃ, তান্ দেবকামান্ (দেবতাভিলাষান্) চ (অপি) সঃ এবঃ (গায়কঃ) আপ্রোতি (আদিত্যুমগুলে দেবদেহং লক্ষ্য প্রথা প্রাপ্রোতীতি ভাবঃ)।

• অনস্তর উপাদনাফল কথিত হইতেছে - যিনি উক্তপ্রকার তত্ত্ব অবগত হইয়া তৈই সামগান করেন, তিনি [আদিত্য ও চাক্ষ্য পুরুষ, এই] উভয়কেই গান করেন ; তিনি এই আদিত্যরূপেই—ইঁহার পরবর্তী যে সমস্ত লোক, সে সমুদ্দ ও দেবগণের কাম্যবিষয়সমূহ প্রাপ্ত হন॥

শাঙ্কর-ভাষ্যম্। অথ য এতদেবং বিদ্বান্ যথোক্তং দেবমুদ্যীথং বিদ্বান্ সাম গায়তি, উভৌ স গায়তি চাঙ্কুষমাদিত্যঞ্চ ৷ তত্তৈবংবিদঃ ফলমুচ্যতে—সঃ ভাষ্টেশবালিত্যেন স এষ যে চামুদ্ধাৎ পরাঞ্চো লোকাস্তাংশ্চাপ্নোতি,আদিত্যান্তর্গত-দেবো ভূত্বেত্যর্থঃ, দেবকামাংশ্চ ॥৬১॥৭

আনন্দিনিরিঃ। খানভেদেন যথোজোপাসনতঃ ফলোক্তার্থং পাতনিকাং করোতি—, অথেকি। এতং সানেতি সম্বন্ধঃ। এবং বিদ্বানিত্যেতদেব বিভন্ততে—যথোক্তমিতি। বিদ্বানিত্যন্ত্রাৎ উপরিষ্টাৎ অথশন্ধঃ সম্বধ্যতে। সোহমুনৈন লোকান্ কামাশ্চ আপ্নোতীতি সম্বন্ধঃ। আপ্তিপ্রকারং বিদুণোতি— ল এফইকি। উপাশুবহুপাসকস্থাপি কুতো নিরতিশন্দ্রন্থাং, ন হি ধ্রোনিরক্ষ্ণমৈথযাং বুজমিত্যাশক্যাহ—আদিত্যেকি। অমুনৈব আদিত্যেন ইত্যুক্তমেবাত্র এক্তীকৃতম্॥ ৬১॥৭॥

ভাষ্যানুবাদ। অপিচ যিনি ইহাকে এই প্রকারে জানিয়া অর্থাৎ যথোক্ত উদ্গীথ দেবতাকে অবগত হইয়া সামগান করেন. তিনি উভয়েরই অর্থাৎ চাক্ষ্ম ও আদিত্য পুরুষেরই গান করিয়া থাকেন। এবংবিধ সেই জ্ঞানীর ফল কথিত হইতেছে—তিনি এই আদিত্যরূপেই—তিনি আদিত্যের অন্তর্গত দেবমূর্ত্তি ধারণ করিয়া—যে স্মস্ত লোক (ভোগস্থান) ইহার পরবর্ত্তী, তৎসমুদ্য় এবং দেবভোগ-স্মৃহ্ও প্রাপ্ত হন॥ ৬১॥৭

তথানেনৈব যে , চৈতস্মাদর্কাকো লোকান্তাণ্শ্চাপ্নোতি শুসুষ্যকামাণ্শ্চ; তস্মাত্ন হৈবংবিত্বদ্গাতা ক্রয়াৎ ॥ ৬২॥৮ কং তে কামমাগায়ানীত্যেষ হোব কামাগানস্থেষ্টে, য 'এতদেরং বিশ্বান্ সাম গায়তি সাম গায়তি ॥ ৬৩॥৯

. ইতি প্রথমাধ্যায়স্ত সপ্তমঃ খণ্ডঃ ॥ ৭॥

[অথ (প্রকারাস্তরপ্রটকং) [স এবঃ পুরুষঃ] অনেন (চাক্ষপুরুষরপেণ) এব, যে চ (অপি) এতস্মাণ (অক্ষিপুরুষাৎ) অর্বাঞ্চঃ (অধোবত্তিনঃ) কোকাঃ, তান্ মহ্যাকামান (মহ্যাণাং যে কামাঃ, তান্) চ (অপি) আপ্রোভি। তত্মাঞ্ (কারণাৎ) হ (নিশ্চরে) এবংবিৎ (যথোক্তজানবান্) উদ্গাতা ক্রয়াৎ [যজমানম্ ইতি শেষ:]—[হে যজমান] তেঁ (তুভাং) কং (কিংনামকং) কামঃ
(অভিলম্বিতং) আগায়ানি (গানেন ইষ্টং বরবাণি)? হি (যয়াৎ) এয়ঃ এব
কামগানস্ত (উদ্গানেন কামং সম্পাদ্যিত্হ) ঈষ্টে (পভবতী হার্থঃ)। বিষঃ ?]
য়ঃ (উদ্গাতা) এবং (য়থোক্ত প্রকারং) বিদ্বান্ (জানন্ সন্) সাম (উদ্গীথং)
গায়তি। বিক্তিঃ উপাসনাসমাপ্তার্থা।

প্রকারাস্তরে বলা হইতেছে যে, [সেই উপাদক] এই চাক্ষ্য পৃশ্বীকারেই, ইহার নিম্নবর্তী যে সমস্ত লোক আছে, সে সমস্ত লোক এবং যাবতীয় মন্ত্র্যালান কামনা লাভ করিয়া থাকেন। এই কারণেই যথোক্ত-তত্ত্বদর্শী উদ্গাতা [বজ্জানতে] এইরূপ বলিবেন যে, তোমার কোন্ কামনা [দিদ্ধির জন্ম] গান করিব ? যেহেতু ইনিই যথার্থ কাম-গানের ঈশ্বর বা অধিকারী, এই প্রকার জান লাভ করত: সামগান করেন। উপসনাসমাপ্তি স্চনার উদ্দেশে 'সাম গায়তি' কথাটির বিক্লক্তি হইয়াছে ॥

শীক্ষর-ভাষ্যম। অথ অনেনৈব চাক্ষ্যেণৈব, যে চৈতীনাং শ্রুবাঞে লোকাঃ, তান্ চ আপ্নোতি মনুষাকামাংশ্চ, চাক্ষ্যো ভূষেত্যর্থঃ। .ত্রাং উ হ এবংবিং উদ্গাতা ক্য়াদ্ যজমানং—কম্ ইষ্ঠং তে তব কামম্ আগায়ানীতি। এষঃ হি যন্মাং উদ্গাতা কামগানস্থ উদ্গানেন কামং সম্পাদ্যিতুমীষ্টে সমর্থ ইত্যর্থঃ। কোহসৌ ? য এবং বিশ্বান্ সাম গায়তি সাম গায়তি। দিকক্ষিক্ষপাসক্ষমাপ্তার্থা॥ ৬২ —৬০॥ ৮— ৯

ইতি প্রথমাধ্যায়স্ত সপ্তমথণ্ড-ভাষ্যম্॥ १॥

আনন্দ্রিরিঃ। অথশন: তথাপর্যায়:। চাকুন্ত: ভূতা অনেনৈব °চাকুনেনৈবেতি
সম্বন্ধ:। উক্তমলক্ত বাজমানতং দর্শরতি—ক্তম্মাদিক্তি। তচ্ছনার্থমেব কথরতি—গ্রহ্ম ক্রীক্তি। উদ্গাতারং বিশিনষ্টি—ক্রোইন্সাবিক্তি। উদ্গীথে পরক্ত সম্পাদ্যোপাসনং বিভাগেনোক্তমুপসংহরতি—দ্রিক্রাক্তিবিক্তি। ৬২—৬০॥৮—১

ইতি প্রথমাধ্যায়শু সপ্তমঃ খণ্ডঃ।

ভাষ্যানুবাদ। অ্ব্যপ্রকার ফলোল্লেখ-সূচনার্থ 'অথ' শব্দ প্রযুক্ত হইয়াছে। এইরূপে—চাক্ষ্বরূপে অর্থাৎ নিজে চাক্ষ্ব পুরুষ হইয়া। বেহেতু এই উদ্গাতা কামগানের দ্বারা অর্থাৎ উদ্গীথ গান ষারা অভিলাষ সম্পাদন করিতে সমর্থ, সেইহেতু নিশ্চয়ই যথোক্ত-জ্ঞানসম্পন্ন উদ্গাতা যজমানকে (যজ্ঞানুষ্ঠাতাকে) এই প্রকার বলিকেন—তোমার কোন্ অভীষ্ট বিষয় তোমার ইচ্ছানুসারে গান করিধ। ইনি কে? যিনি এই প্রকার জানিয়া সামগান করিয়া থাকেন। উপাসনাপ্রকরণ-সমাপ্তি-সূচনার্থ ['সাম গায়তি' বাক্যের] বিরুক্তি হইয়াছে॥ ৬২—৬৩। ৮—৯॥

সপ্তম খণ্ডের ভাষ্যান্মবাদ সমাপ্ত॥ ৭॥

প্রথমাধ্যায়স্থ

অফুমঃ খণ্ডঃ।

ত্রয়ো হোদ্গীথে কুশলা বভুবঃ – শিলকঃ শালাবত্যশৈচকিতায়নো দাল্ভ্যঃ প্রবাহণো জৈবলিরিতি; তে হোচুরুদ্গীথে বৈ কুশলাঃ স্মো হস্তোদ্গীথে কথাং বদাম ইতি ॥৬৪॥১

[ইদানীং প্রকারান্তরেণ উদ্গীথোপাদনাং বক্ত মুপ্রক্রমতে 'এয়ঃ' ইত্রাদিনা। বিরঃ (বক্ষামাণা ঋষয়ঃ) হ (ঐতিহে) উদ্গীথে (উদ্গীথবিজ্ঞানে) কুশ্লাঃ (নিপুণাঃ) বভূবুঃ। [কে তে ? ইত্যাহ]—শিলকঃ (তরামা) শালাকতঃ (শব্রা-বতঃ পুত্রঃ), দাল্ভাঃ (দল্ভবংশীয়ঃ) চৈকিতায়নঃ (চিকিতায়নপুত্রঃ), প্রধাহণঃ (তরামা) জৈবলিঃ (জীবলস্থ পুত্রঃ) ইতি (এতে এয়ঃ)। তে (শিলকাদয়ঃ) হ (ঐতিহে) উচুঃ (পরম্পরং কথিতবস্তঃ)—[বং] [বয়ং] বৈ (এব) উদ্গীথে (উদ্গীথবিজ্ঞানে) কুশ্লাঃ স্মঃ (ভবামঃ); হন্ত (সম্মতিজিজ্ঞানামঃ তিদ্গীথে (উদ্গীথবিজ্ঞাবিষয়ে) কথাং বদামঃ (পক্ষ-প্রতিপক্ষ-পরিগ্রহ-পূর্বকং বিচারং কুর্ম ইত্যর্থঃ) ইতি।

এথীনৈ প্রকারাস্তরে উদ্গীথোপাসনা প্রদর্শন করিতেছেন;—পূর্ব্বকালে শলাবতের পুত্র শিলক, দল্ভবংশীয় চৈকিতায়ন, এবং জীবলের পুত্র প্রাহণ, এই তিন জন ঋষি উদ্গীথবিভায় নিপুণ ছিলেন। তাঁহারা বলিলেন,—, নিশ্চয় আমরা উদ্গীথবিভায় পণ্ডিত, যদি অমুমতি হয় [তবে এস], আমরা উদ্গীথবিভার করি॥

শাঙ্কর-ভাষ্যম্। অনেকধোপাশুখাৎ অক্ষরশ্ব প্রকারস্তরেণ পরোবরীয়ন্ত্র: গুণফলম্ উপাসনাস্তরমানিনায়। ইতিহাসস্ত প্রথাববোধনার্থ:। অয়ন্ত্রিসংখ্যকাঃ; হ ইতি ঐতিহার্থ:। উদ্গীথে উদ্গীথজ্ঞানং প্রতি কুশলা নিপুণা বভূবঃ; কস্মিং-শিচদেশে কালে চ নিমিত্তে বা সমেতানামিত্যভিপ্রায়ঃ। "ন বহ সর্কান্তিন জ্বাণামেব কৌশলমুদ্গীথাদিবিজ্ঞানে। শ্রান্তে হি উষন্তি-জানশ্রতি-কৈকেয়-প্রভুত্যঃ সর্বজ্ঞকরাঃ। কে তে ত্রয়ঃ ইত্যাহ—শিলকো নামতঃ শ্লাবভোহপত্যং

শালাবতাঃ ; চিকিতার্থনকাপৃতাং চৈফিতারনঃ ; দল্ভাগোত্রো দাল্ভাঃ ; দাম্বাারণো বা ; প্রবাহণো নামতো জীবলস্থাপৃত্যং দ্বৈবলিঃ, ইত্যেতে ত্রয়ঃ—, তে হোচুঃ অন্যোক্তম্ উদ্গীথে বৈ কুশলা নিপুণা ইতি প্রসিদ্ধাঃ স্মঃ । অতো হস্ত--বস্তম্মতির্ভবতাম, উগীথে উদ্গীথজ্ঞাননিমিত্তাং কথাং বিচারণাং পক্ষ-প্রতিপক্ষোপস্তামেন বদামো বাদং কুর্ম ইত্যর্থঃ । তথাচ তদ্বিস্তসংবাদে বিপরীতগ্রহণনাশঃ
অপ্রবিজ্ঞানোপজনঃ সংশয়নিবৃত্তিশেচ্তি । অতস্তদ্বিস্তসংযোগঃ কর্ত্বর ইতি চ
ইতিহাস-প্রয়োজনম্ । দৃশ্যতে হি শিলকাদীনাম্ ॥ ৬৪॥>

আননকি নিঃ। অধ্যায়াধিদৈবতস্থানভেদাবিছিয়—পরমায়দৃষ্ট্যা উদ্গীথোপাসনমণিল-পাপ্যাপসমগলম্জন্। সম্প্রতি স্থানভেদাবিছেদং ছিছা পরোবরীয়য়-গুণক-পরমায়দৃষ্ট্যো-দ্গীধোপাসনং পরোবরীয়য়প্রাপ্তিফলকমানীতবান্ আয়ায়ঃ,ইতি প্রকরণতাৎপর্যামাহ—অনেক্র-ধ্রেক্তি। তর্হি বিবক্ষিতমুপাসনমেব উচ্যতাং, কিমাথ্যায়িকয়া ইত্যাশস্থাহ—ইতিহালন্তিতি ইতিহাল, পুর্বর্ত্তম্ : ইতিহন্ত ভাব ঐতিহ্যম্ । সমেতানামিতি নির্ধারণে ষঞ্চী । নমু সর্ব্বন্ধি গণতি ত্রয়াণামেবোদ্গীথাদিজ্ঞানে কৌশলমিতি কিং নোচ্যতে, কিমিতি তেবাং মধ্যে ত্রয়াণামেব তর্মপুণাং প্রতিজ্ঞায়তে, তত্রাহ—ন হীতি । অমুধ্য প্রসিদ্ধস্তাপত্যম্ আমুব্যায়ণঃ, ছয়েং:অমুব্যায়াণঃ ল্যাম্ব্যায়ণঃ ৷ তথ মম চায়মিতি পরিভাষয়া ধর্মতঃ পরিগৃহীত ইতি বাবং ৷ কিমর্থেদ বাদারস্বপ্রত্ত আহ—তথাচেতি ৷ প্রত্তে বাদে তম্মন্ বিবক্ষিতে হর্থে বিদ্যাধিবাং, তৈঃ সহ সংবাদে দৃষ্টমেব ফলমিত্যর্থঃ ৷ ইতি-শব্দ্ত প্রয়োজনমিতানেন্ সম্বন্ধঃ ৷ বাদারপ্রস্থাত্ত কলিত মাহ—ত্যক্ত ইতি ৷ ইতিহাসস্ত্র স্থাব্রোধার্থ ইত্যুক্তেন সমুচ্চয়ার্থক্ত কারঃ ৷ কথং যথোক্তঃ ফলং দৃষ্টমিত্যাশক্ষাহ—চ্নুস্যুক্তে হীতি ৷ শিলকাদীনাং ভদ্বিদ্যসংবাদে বিপরীত-ধীধ্বংসাদিকং ফলমিতি শেষঃ ॥ ৪৬৪১৪

ভাষ্যান্ত্রাদ। উদগীথাক্ষরের অনেকপ্রকার উপাসনা আছে; এইজন্য প্রকারান্তরে 'পরোবরীয়স্ত্র'-গুণ-প্রাপ্তিরূপ ফল-বিধানার্থ অন্ত-প্রকার উপাসনা উপদেশ করিয়াছেন। বোধসৌকর্য্যার্থ আখ্যায়িকা রুচিঙ হইয়াছে।

'ত্রয়ঃ' অর্থ—সংখ্যায় তিন জন, 'হ' শব্দ ঐতিহ্যসূচক; 'উদ্গীথে'
অর্থ—উদ্গীথ জ্ঞানসম্বন্ধে, কুশল অর্থাৎ নিপুণ (স্থপণ্ডিত) হইয়াছিলেন। অভিপ্রায় এই যে, কোন সময়ে কোন কারণে কোন এক
স্থানে সমঝেত জনসংঘের মধ্যে ঐ তিন জনই উদ্গীথ-বিভায় বিচক্ষণ
বিদয়া প্রতিপন্ন হইয়াছিলেন; নচেৎ সমস্ত জগতে বে,কেবল এই তিন
জানেরই উদ্গীথবিভায় নৈপুণ্য ছিল, তাহা সম্ভবপর নহে; কেন না,
ভানা বায়—উবস্তি, জানশ্রুতি ও ফৈকেয় প্রভৃতিরাও সর্বব্যুত্রলা
জিলেন। সেই তিন জন কে কে? তাহা বলিতেছেন—শিলক নামে

শলাবানের পুত্র-শালাবত্য, চিকিতায়নের পুত্র-চৈকিতায়ন; দল্ভ-বংশে উৎপন্ন দাল্ভ্য, অথবা ব্যাম্যায়ণ, অর্থাৎ চিক্নিতায়ন ও দল্ভ, এই উভয়েরই পুত্র (১); আর প্রবাহণ নামে জীবলের পুত্র—জৈবলি, এই তিনজন; তাঁহারা পরস্পর পরস্পারকে বলিয়াছিলেন—আমরা উদ্গীথবিভায় নিপুণ বলিয়া প্রসিদ্ধ আছি; অতএব যদি আপনাদের অমুমতি হয়, [তাহা হইলে আহ্রন,] আমরা উদ্গীথজ্ঞানের নিমিন্ত কথা বলি, অর্থাৎ পক্ষ ও প্রতিপক্ষ কল্পনাপূর্বক বাদ-বিচার করি। এইরূপ হইলে, তদ্বিভাসংবাদের ফলে (২) বিপরীত জ্ঞানের (ভ্রান্ত-ধারণাব) নাশ, অভিনব বিজ্ঞানোৎত্তি, এবং সংশয়েরও নিক্তি হইবে। অতএব তদ্বিভাসংযোগ করা আবশ্যক; ইহা প্রদর্শন করাও উক্ত ইতিহাস বা আখ্যায়িকার উদ্দেশ্য। শিলক প্রভৃতির সম্বন্ধেও [এইরূপ ব্যবহার] দেখা যায়—॥৬৪॥১

তথেতি হ সমুপবিবিশুঃ, স হ প্রবাহণো জৈবলিরুরাচু— ভগবন্থাবগ্রে বদতাং ব্রাহ্মণয়োর্ব্বদতোর্বাচণ্ড . শ্রোষ্যা-মীতি॥ ৬৫॥২

[তে ত্রয়:] তথা (এবম্ অস্তু) ইতি [কুড়া] সমুপবিৰিশু: (সমেতা উপবিষ্ট্রা:) হ (ঐতিহে), [তেষু মধ্যে] সঃ (প্রাগুক্তঃ) প্রবাহণঃ নাম জৈবলিঃ হ (কিল) উবাচ (ইতরৌ উক্তবান্)—ভগবস্তৌ (পুজনীয়ৌ শিলকঃ দালুভান্চ)

⁽১) ভাৎপর্য্য—ছাঁদশপ্রকার পুত্রের অতিরিক্ত 'দ্যাম্য্যায়ণ'ও এক প্রকার পুত্র। বিশ্ব তোমার (জনকের) ও আমার (গ্রহীতার) উভয়েরই জলপিণ্ডাদি দানে অধিকারী হউক,' এগপ্রকার সংক্রপুর্বেক ধর্মামুসার গৃহীত পুত্র 'দ্যামুষ্যায়ণ' নামে কথিত হয়। এইরূপ পুত্রগ্রহণ যুগাস্তরে ব্যবস্থিত ছিল।

⁽২) তাৎপথ্য—'তদ্বিদ্য-সংবাদ' অর্থ বাহার যে বিদ্যার অনুশীলন আছে, সেই প্লেদার অনুশীলনকারী অপরের সহিত তাহার বিজ্ঞেয় বিদ্যাবিষয়ে আলোচনা করা। সাংখ্যে ইহাকে সহৎপ্রাপ্তি বলিয়া নির্দ্দেশ করিয়াছেন। তাহারা বলেন, নিজের মনে মনে যে সিদ্ধান্ত স্থির করা হয়, তাহা ততক্ষণ পথ্যন্ত সিদ্ধান্ত বলিয়াই গ্রহণীয় নহে, যতক্ষণ ভবিষয়ে অভিজ্ঞ লোকের অনুমোদন না হয়। তাহার স্থারণ এই যে, অনেক সময়ে বৃদ্ধিদোষে বিপরীত প্রার্থকেও প্রকৃত সিদ্ধান্ত বলিয়া গ্রহণ করা হইয়া থাকে, বছকালেও তাহার সেই দোষ উপলব্ধি করা সম্ভব হয় না, কিন্ত অপরেশ তাহার দোব অনায়াসে দেখাইয়া দিতে পারেন। এইরূপে স্ক্রিদ্ধান্ত সংশন্ধত নিবৃত্তি ছইয়া যায়, এবং জনম তদ্বিয়ে বিমল জ্ঞান উৎপন্ধ হুইতে থাকে।

আত্রে (প্রথমং) বদতাম্ (বাদং বিচারং ক্রেতাম্); বদতোঃ (বাদং ক্রেতাঃ) ব্রাহ্মণয়োঃ (ভবতোঃ) বাচং (বাদকথাং) শ্রোষ্যামি ইতি।

'তাহাই হউক' বলিয়া তাঁহারা সমুপবেশন করিলেন। তন্মধ্যে জীবলতনয় প্রবাহন,বলিলেন,—প্রথমে আপনারা হুইজনেই বিচার করুন, আমি ব্রাহ্মণছয়ের বিচার শ্রবণ করিব॥

শাঙ্কর-ভাষ্যম। তথেত্যুক্ত্বা তে সমুপবিবিশুঃ, হ উপবিষ্টবস্তঃ কিল। তত্ত্ব রাজ্ঞঃ প্রাগল্ভ্যোপপত্তেঃ স হ প্রবাহণো জৈবলিক্বাচ ইতরৌ—ভগবস্তৌ পূজাবস্তো অগ্রে পূর্বাং বদতাম্। ব্রাহ্মণয়োরিতি লিঙ্গাৎ রাজাসৌ; যুবয়োর্ত্রাহ্ম-ণয়োঃ বদুভোর্বাচং শ্রোষ্যামি। অর্থরহিতামিত্যপরে বাচমিতি বিশেষণাৎ॥ ৬৫॥২

,আননকিরিঃ। তত্ত্রতি নির্ধারণার্থে সপ্তমী। রাজ্ঞঃ প্রাগল্ভ্যোপণত্তেরিতযুক্তং, তক্ত রাজত্বে হেম্বভাবাদিত্যাশস্ক্যাহ—ব্রাহ্মশস্ক্রোরিক্তীক্তি। পক্ষান্তরং বিশেষণসামর্থ্যা-হুম্বাপ্যাসীকরীতি—অথেকি ॥ ৬৫॥২

ভাষ্যানুবাদ। তাঁহারা 'তথাস্ত্র' বলিয়া তৎকালে উপবেশন করিলেন। তন্মধ্যে রাজাঁর প্রগল্ভতা সম্ভবপর, এইজন্মই জীবল-পুত্র প্রবাহণ (রাজা) অপর তুই জনকে বলিয়াছিলেন—ভগবান্ অর্থাৎ পূজনীয় আপনারা তুইজনেই প্রথমে বিচার করুন, বাদ-কারী (৩) অপিনাদের তুই ব্রাক্ষণের বাক্য আমি শ্রবণ করিব। কেহ কেহ বলেন যে, 'বাচং' এই বিশেষণ [বুঝিতে হইবে], থাকায় 'বাচং' অর্থ—অর্থহীন (নিরর্থক) শব্দ মাত্র। শিলক ও দাল্ভ্যকে ব্রাক্ষণ বলিয়া উল্লেখ করায় প্রবাহণের ক্ষল্রিয়ত্ব সূচিত হইল ॥৬৫॥২

্ব হ শিলকঃ শালাবত্যশৈচকিতায়নং দাল্ভ্যমুবাচ—হস্ত দ্বা পূচ্ছানীতি, পুচ্ছেতি হোবাচ॥ ৬৫॥ ৩

'স: (পূর্ব্বোক্ত:) শালাবত্য: শিলক: হ (কিল) চৈকিতায়নং দাল্ভ্যম্ উুবাচু—হস্ত (ইতি অনুমতিজিজ্ঞাসায়াং, যদি অনুমতি: ভবেং) ত্বা (ত্বাং)

⁽৩) তাৎপথ্য—কোন একটি তত্ত্ব নির্দারণ লইয়া যে বিচার কথা হয়, তাহা চারিপ্রকার (১) বাদ, (২) জল, (৩) বিতর্ক (৪) বিতত্তা,। কেবলই তত্ত্ব নিরূপণ করা যে বিচারের উদ্দেশ্য, তাংকে বাদ বলে। পক্ষ প্রতিপক্ষ কল্পনা করিং। তত্ত্বনিরূপণার্থ যে বিচার হয়, তাহাকে বলে 'জল'। তত্ত্বনির্দার দিকে লক্ষ্য, রাথিয়া যে, কেবল নিজ নিজ মত সমর্থনের জন্ম বিচার, তাহার নাম বিতর্জ। আর যেখানে তত্ত্বনিরূপণ উপলন্ধে কেবল পরপক্ষ থঙান করাই প্রধান লক্ষ্য, নিজের কোনও মত থাকে না; তাহার নাম বিত্তাা—ইহা স্ক্রাপেক্ষা নিকৃষ্ট। কেহ কেহ বিতর্জ কথাকে বিতৃত্তার অন্তর্গত করিয়া তিন প্রকার মাত্র কথা তেদ স্বীকার করিয়া থাকেন।

পৃচ্চানি (প্রষ্ট্রিচ্ছামি) ইতি; পৃচ্ছ (প্রশ্নং ক্র্রু) ইতি ২ উবাচ (উক্তবান্) কুলাল্ভ্য ইতি শেষঃ]।

শলাবতের পুত্র শিলক ঋষি চৈকিতায়ন দাল্ভাকে বলিলেন, যদি অমুমতি হয়, আমি তোমাকে এই প্রশ্ন করিতে ইচ্ছা করি। দাল্ভা বলিলেন্— প্রশ্ন কর ॥ ৬৬॥০

শাঙ্কর-ভাষ্যম্। . উক্তয়োঃ স হ শিলকঃ শালাবতাঃ চৈকিতায়নং দাল্ভা-মুবাচ-–হস্ত যন্তন্মংশুসে, স্বা স্থাং পূচ্ছানি ইত্যুক্ত ইতরঃ পুচ্ছেতি হোবাচ্,॥৬৬॥০

আনক্পিরি:। রাজ্ঞা যথোক্তেন প্রকারেণ উক্তরো ত্রান্ধণয়োর্মধ্যে শালাবত্যো দান্স্ত্যং • প্রত্যুবাচেতি সম্বদ্ধঃ॥ ৬৬॥৩

ভাষ্যা পুরাদ ৷ উক্ত উভয়ের মধ্যে শালাবতা শিলক চৈকিতায়ন দাল্ভাকে বলিলেন—যদি অনুমতি কর, আমি তোমাকে জিজ্ঞাসা করিতে ইচ্ছা করি; এই কথা বলিলে পর, অপর (দাল্ভাঁ) বলিলেন—জিজ্ঞাসা কর ॥৬৬॥৩

কা সাম্নো গতিরিতি, স্বর ইতি হোবাচ; স্বরস্থ কা গতিরিতি, প্রাণ ইতি হোব'চ; প্রাণস্থ কা গতিরিত্যুন্নিতি হোবাচ; অন্নস্থ কা গতিরিত্যাপ ইতি হোবাচ॥৬৭॥৪

[শলবস্থ প্রশ্ম দাল্ভাস্থ চ তহত্তরমাহ—'কা' ইত্যাদিনা।]—সায়ঃ
(সামাংশস্থাদ্ গীথস্থা) কা গতিঃ (পরম আশ্রয়ঃ)? স্বরঃ (নিষাদ- গান্ধাররূপঃ,
স্বরাত্মকাংশং সার ইত্যাশরঃ), ই।ত (এতং) হ (কিল) উবাচ [দাল্ভা ইতি
শেষঃ]। স্বরস্থ কা গতিঃ? ইতি [শিলক প্রশ্নঃ]; প্রাণঃ (পঞ্চবৃত্ত্যাত্মকঃ)
প্রাণাধীনতাং স্বরবাবহারস্থ) ইতি হ উবাচ [দাল্ভাঃ]। প্রাণস্থ কা গতিঃ?
ইতি [শিলক-প্রশ্নঃ]; স্বর্ম্ [স্বরাধীনতাং প্রাণস্থিতেরিতিভাবঃ] ইতি হ উবাচ
[দাল্ভাঃ]। স্বর্ম্ম কা গতিঃ? ইতি [শিলক-প্রশ্নঃ]; স্বাপঃ (জ্পানি,
জ্লাধীনতাং স্বরোৎপত্তেঃ) ইতি হ উবাচ [দাল্ভাঃ]।

শিলকের প্রশ্ন এবং দাল্ ভ্যকর্তৃক প্রদত্ত তহন্তর কথিত হইতেছে—[শিলক জিজ্ঞাসা করিলেন] সামের অর্থাৎ প্রস্তাবিত সামাংশ উদ্গীথের বথার্থ আশ্রয় কি ? [দালু ভ্য] বলিলেন—শ্বর অর্থাৎ গীতিময় সাম মথনু নিষাদ-গান্ধারাদি-শ্বরাত্মক, তথন স্বরই তাহার বথার্থ আশ্রয়। [পুন: প্রশ্ন] – স্বরের আশ্রয় কি ? [দাল্ ভ্য] বলিলেন—প্রাণ, [কারণ, প্রাণের সাহায্যেই স্বর অভিবাক্ত হয়]।

[পুন: প্রশ্ন]—প্রাণের আগ্রায় কি ? [দাল্ভা] বলিলেন—অন্ন, িকারণ, অন্ন
দারাই প্রাণের প্রিতি হয়]। [প্রশ্ন]—মন্নের আশ্রয় কি ? [দাল্ভা]
বলিলেন—জল, [কেননা, জল হইতেই মন্নের উৎপত্তি]॥

ি শাস্ত্র-ভায্য্ দরামুনতিরাহ—কা সায়: — প্রকৃতথাহলী থক্স; উলীথো হি অবোপাক্তবেন প্রকৃতঃ; "পরোবরীয়াংসমূলীথম্" ইতি চ বক্ষাতি; গতিঃ আশ্রয়ং পরারণিদিতাতং। এবং পৃষ্টো দাল্ভা উবাচ – স্বর ইতি; স্বরাত্মকত্বাং নায়ং যো ফাল্লকঃ স তলাতি স্তদাশ্রক্ষ ভবতীতি যুক্তম্, মূদাশ্রম ইব ঘটাদিঃ। স্বরক্ত কা গতির্গিত, প্রাণ ইতি হোবাচ; প্রাণনিশালো হি স্বরঃ, তন্মাং স্বরক্ত প্রাণো গতিঃ। পাণক্ত কা গতিরিতি, অর্নিতি হোবাচ; অ্যাবষ্টস্তো হি প্রাণঃ; "শুষাতি বৈ প্রাণ ঋতে হ্রাং" ইতি শ্রুতেঃ, "অরং দাম" ইতি চ। অন্নক্ত কা

আন্নদ্পিরিং। সায়ে। গতিরিতাবাঃ। সামশন্ধার্থমাহ – প্রাকৃত্রাদিতি। তম্ব দ্বাতির গ্রন্থাঃ প্রকৃত্বং প্রকট্রতি—উদ্পীথো হীতি। গতিশন্ত ক্রিয়বিষয়ত্বং বাশ্বর্ত্রিরিভি—আপ্রেইডি। উপচারিকনাশ্রয়ং নির্ম্তাতি - পরায়্রশাহিত্যেতদিতি। ব্রেরা ধ্বনিভেনঃ, দ কর্মুদ্যাধিন্ত গতিঃ ইত্যাশস্ক্যাহ—ক্রিরাত্রাক্রাদিতি। তদ্বাঞ্জকতরা তদাশ্রহেন তরাদার্যাদ্ কর্বতি স্বরম্ভ গতিরিতার্থঃ। সায়ঃ স্বরাত্রকত্রেপি কথং তদ্গতিত্বিত্যাশক্রা দৃষ্ঠান্তেন পরিহরতি—যো অদাভানিতাক ইতি। প্রাণ্ডারাব্রভাবে বাজসনেরশ্রুতিং প্রনাণ্যতি ভ্রাতিতি। বৎসন্থানীয়ন্ত প্রাণ্ড অরং দাম বন্ধনমিতি চ শ্রুতেরিতার্থঃ। তা অরম্পর্জন্ত ভ্রাক্রাপ্সন্তবহু দ্বির্ব্যাণ্য ৬৭॥৪

ভাষ্যাকুবাদ। [শিলক] অনুমতি লাভ করিয়া বলিলেন—
সামের—উদ্গীথই এখানে উপাস্থারপে প্রস্তাবিত, এবং 'প্রোবরীয়ান্'
বলিয়া পরেও [উদ্গীথের কথা] বলা হইবে; অতএব, এখানে সাম
অর্থ—উদ্গীথ। সামের অর্থাৎ প্রস্তাবিত উদ্গীথের গতি—আশ্রয়
অর্থাৎ প্রকৃষ্ট আশ্রয় স্থান কি ? দাল্ভ্য এইরূপে জিজ্ঞাসিত হইয়া
বলিলেন—স্বর; অর্থাৎ নিষাদ প্রভৃতি স্বরই আশ্রয়; কেন না.
স্বরই সামের আস্থা (প্রকৃত স্বরূপ), যাহা যদাত্মক, তাহা যে তদ্গতি
ও দোশ্রত হয়, ইহা যুক্তিযুক্ত বটে, মৃত্তিকাশ্রিত ঘটাদিই ইহার
দ্ষ্টান্ত-স্থল। স্বরের গতি বা আশ্রয় কি ? [দাল্ভ্য] বলিলেন—প্রাণ; কারণ, প্রাণই স্বর-সম্পাদক; স্বত্রাং প্রাণই
স্বরের আশ্রয়। প্রাণের আশ্রয় কে ? [দালভ্য] বলিলেন—শ্রম;
কারণ, অন্নই প্রাণের বিধার্মক; থেহেতু শ্রুতি বলিতেছেন—'অন্নের

অভাবে প্রাণ শুক্ষ, হইয়া যায়' এবং "অন্নই প্রাণ-ক্ষ্মনী' ইতি। অন্নের একাবার আশ্রয় কে ? [দাল্ভ্য] বলিলেন—জল ; কারণ, জলেই অন্নের উৎপাত্ত ॥৬৭॥৪

অপাং কা গতিরিত্যসোঁ লোক ইতি হোবাচ, অমুষ্ট লোকস্থ কা গতিরিতি, ন স্বর্গং লোকসতিনয়েদিতি হোবাচ; স্বর্গং বয়ং লোকণ্ড সামাভিসংস্থাপয়ামঃ স্বর্গদণ্ড হি সামেতি ॥৬৮॥৫

[প্নশ্চ শিলক আহ] — অপাং কা গড়িঃ ? ইতি, অসৌ লোকঃ (স্বর্গ-লোকঃ বৃষ্ট্রপোদকস্বাং) ইতি হ উবাচ [দাল্ভাঃ]। সম্বা লোকস্ত্র (স্বর্গলোকস্ত) কা গতিঃ ? ইতি, [দালভাঃ] উবাচ স্বর্গং লোকম্ অভি
(অভিক্রেমা, ততোহপূদ্ধিং কিঞ্চিৎ আশ্রয়ান্তরং) ন ন্য়েৎ [সাম ইতি শেষঃ];
(ই (ম্পাং) সাম স্বর্গসংস্থাবং (স্বর্গরূপেণ সংস্থাবো ম্ভা তৎ তথা), ইতি (হেতোঃ) ব্রং সাম (উদ্গাথং) স্বর্গং লোকম অভিসংস্থাপরামঃ; (স্বর্গলোক-প্রতিষ্ঠামের সাম জানীম ইতার্থঃ)।

মন্ত্র বিশ্ব বিশ্র বিশ্ব বিশ

্ত্যানকৰিঃ। কণমপামদে লেকিন গড়িঃ, তরাহু—ভামুদ্যানিতি। ইতি পুষ্টো দাল্ভা উবাচ হেতি সম্বয়ঃ তথু চছন্দান কালান্যমাভাবনভিপ্ৰেত্য কিয়াপদং শাকরোতি--আহেতি। ফ্যাপি পলো নাস্থাগ্রয়ান্তর: প্রতিগদ্যতে, তুর্ধাপি বরা তদ্ বাচ্য-মেন, ইত্যাশক্ষাহ—অত ইতি। অতঃশন্ধার্থমেব ক্ষোরয়তি—স্মর্কেন্ডি। তন্মাৎ বর্গ-লোকপ্রতিষ্ঠং সামেতি পুরেবণ সমন্ধঃ। সর্গসংস্থাবং সামেত্যত্র প্রমাণমাহ—ম্বর্গ ইতি ১৬৮/৫

ভাষ্যানুবাদ। [শিলক পুনশ্চ জিজ্ঞাসা করিলেন—] জলের গতি কি ? [দাল্ভ্য] বলিলেন—ঐ লোক অর্থাৎ স্বর্গলোক; কারণ, ঐ লোক হইতেই বৃষ্টি সমুৎপন্ন হয়। ঐ লোকের আবার গতি কি ? এই প্রশ্নের পর দাল্ভ্য বলিলেন—কেহই এই স্বর্গলোক অতিক্রম করিয়া অপর আশ্রয়ে সামকে লইয়া যাইবে না, অর্থাৎ স্বর্গলোকই সামের প্রকৃত আশ্রয়স্থান, অহ্যত্র তাহার অবস্থিতি চিন্তা করিবে না; ইহা বলিয়া থাকেন। অতএব, আমরাও স্বর্গলোকেই সামকে সংস্থাপিত করিয়া থাকি, অর্থাৎ সামকে স্বর্গপ্রতিষ্ঠ বলিয়াই জোনি। কি স্বর্গসংস্তাব অর্থ—স্বর্গরূপে যাহার সংস্থাব অর্থাৎ স্তৃতি কর্মা হয়, তাহাই স্বর্গসংস্থাব সাম; কেননা, শ্রুতি বলিয়াছেন—, সামকে "স্বর্গলোক বলিয়াই জানেন" ॥৬৮॥৫

তিণ্ হ শিলকঃ শালাবত্য শৈচকিতায়নং দাল্ভ্যমুবাচ, 'অপ্রতিষ্ঠিতং বৈ কিল তে দাল্ভ্য সাম; যস্তেতিই ক্রয়ামূর্দ্ধা তে বিপতিষ্যতীতি মূর্দ্ধা তে বিপতেদিতি॥ ৬৯॥৬

শালাবতাঃ শিলকঃ তং (পূর্ব্বোক্তং) চৈকিতায়নং দাল্ভাম্ উবাচ । গ্রপ্তছ)—হে দাল্ভা, তে (তব, সহক্তমিতার্থঃ) সাম কিল (শাস্তবাকা-শারকম্) অপ্রতিষ্ঠিতং (অলকস্থিতিকং) বৈ (এব)। যঃ (বাদী) তু '(পুনঃ) এতহি (এতস্মিন্ কালে) [এবম্ অপ্রতিষ্ঠিতস্ত সায়ঃ প্রতিষ্ঠিতস্ববাদেন মেথ্যাবাদাপরাধিনং ঘাং] করাৎ (কথয়েৎ)—'তে (তব) মুর্দ্ধা (শিরঃ) বিপতিষ্যতি পৈতিতং ভবিষ্যতি)' ইতি; [তহি] তে (তব দাল্ভাস্ত) মূর্দ্ধা বিপতেৎ অবশ্রমেব পতেদিতার্থঃ)।

শালাবত্য শিলক চৈকিতায়ন দাল্ভ্যকে বুলিলেন—হে দাল্ভ্য, তোমার কথিত সাম নিশ্চরই অপ্রতিষ্ঠিত রহিল; [তুমি অপ্রতিষ্ঠিত সামকে প্রতিষ্ঠিত বলিয়া অপ্রাধী হইয়াছ; অতএব] যে কোনও লোক যদি বলে,যে, 'তোমার মন্তক পতিত হইবে', [তাহা হইলে নিশ্চয়] তোমার মন্তকটি পড়িয়া যাইবে ॥ শাক্ষর-ভাষ্যম। তম্ ইতরং শিলক শালাবভাশেচকিতারনং দাল্ভামুবাচ—অপ্রতিষ্ঠিতমসংস্থিতং পরোবরীয়জেনাসমাপ্রগতি সামেতার্থঃ। কৈ ইত্যাগ্রুমং স্মারয়তি, কেলেতি চ, দাল্ভা; তে তব সাম। যস্ত অসহিষ্ণুং সামবিৎ, এতর্হি
এত্সিন্ কালে ক্রয়াং কন্চিং—বিপরীতবিজ্ঞানম্—অপ্রতিষ্ঠিতং সাম প্রতিষ্ঠিতমিতি এবংবাদাপরাধিনো মৃদ্ধা শিরস্তে বিপতিষাতি বিস্পর্যুং পতিষাতি ইতি।
এবমুক্তস্থাপরাধিনং তথৈব তৎ বিপতেৎ ন সংশয়ঃ; ন ছহং এবীমীতাভিপ্রায়ঃ।

্বস্মৃদ্ধিপাতার্হং চেদপরাধং ক্বতবান্, অতঃ পরেণাম্জস্মৃপি পতেৎ মৃদ্ধা; ন চেদপরাধী, উজ্ঞাপি নৈব পততি; অন্তথা অক্বতাভ্যাগমঃ ক্বতনানীক্ষ আতাম্। নৈষ দোষঃ; ক্বত্ত কর্মণঃ শুভাশুভন্ত ফলপ্রাপ্তের্দেশকালনিমিত্তাপেক্ষর্যাৎ। তত্ত্বিং সতি মৃদ্ধপাতনিমিত্তগাপি অজ্ঞানস্থ পরাভিব্যাহারনিমিত্তাপেক্ষ্মিতি॥ ৬৯॥ ৬

আনন্দ গ্রিং। উপদেশপারম্পণ্যমাগম:; যৎ কৃতকং তদনিত্যমিতি স্বর্গস্তান্ত-বন্ধাৎ ন পরায়ণত্বং সম্ভবতীত্যাশয়েনাহ—ক্রিলেতি চেতি। যথোক্তং স্থায়ং সুচয়তীতি শেষঃ। স্থায়াগনাভ্যানপ্রভিন্তিতং তে নামে হ্যুপদংহরতি—দোল ক্ষ্ণোক্তি। স্ব**র্গুপ্রতিষ্ঠিতং** সামেতি জ্ঞানে দোষং দর্শয়তি—ছল্ডিতি। অসহিষ্ণুমিণ্যাবচন্মসহমারঃ সন্নিতি যাবঙ। মিণ্যাবচনাবপ্তার্থামিতার্থঃ। বিপরীতং বিজ্ঞানং যশুস তথাকঃ, তং এতিশ্বিন কালে প্রতীতি বিগ্রহ:। ভদেব বিপরীতক্সানমভিনয়তি—অপ্রাক্তি ক্রিক্তিয়া সামাপ্রতিষ্ঠিতং প্রতিষ্ঠিতমিতি বিপরীতজ্ঞানং প্রতি কশ্চিদ্ ক্রয়াদিতি সম্বধঃ। তদীয়ুবচনমেব দর্শীয়তি —এব্ছিতি। সভগ কথয়তু, মম তু কিং স্থাদিত্যাশকাহ—এব্**মক্তন্সো**ক্তি। তথৈব বিদ্য: শাপবাক্যানুসারেণেতি যাবং। তদিতি শিরোনিরুক্তি:। শাপদীনায় প্রবৃত্তব্রয়মিতি শঙ্কাং বারয়তি—ন জিক্তি। মুর্দ্ধপাতোপস্থাসানর্থক্যমাশঙ্কতে—নিম্লিক্তি। পরোক্তিবশামূর্দ্ধপাতে দোষমাহ—অন্যথেক্তি। সতি চাপরাধে পরোক্তিনৈধ্যাান রূপাতাভাবে দোনং কগরতি—ক্লতেডি। অপরাধশু মুর্দ্ধপাতহেতোরপি সহকার্যপেক্ষত্বাদভিব্যাহরণং নানার্থকমিত্যত্তরমাহ— নৈম্ব দোম্ব ইতি । কর্মণঃ ওভাদেরা-চরিতশু নিমিত্তাপেক্ষয়া ফলহেতুথেহপি প্রকৃতেহপরাধিনি কুতো ব্যবহরণাপেঁকা হিত্যা-শ্বাহ—সুক্রেভি। তত্র গুভাদৌ কর্মণ্যেব নিমিত্তাপেক্ষয়া ফলপ্রদে স্ট্রীত্যর্থ:। ইতি পরাভিব্যাহরণমর্থবদিতি শেষ: ॥ ৬৯॥৬

ভাষ্যানুবাদ। শলাবতের পুত্র শিলক নামক অপর এক ঋষি
সেই চৈকিতায়ন দাল্ভ্যকে বলিলেন—সাম হইতেছে অপ্রতিষ্ঠিত
অর্থাৎ অনাশ্রিত; অর্থাৎ পরোবরীয়ত্ত (সর্বের্বান্তমত্ব) নিবন্ধন উক্ত সামের গতি বা আশ্রয়ন্থান কোথাও সমাপ্ত হয় না; "বৈ"এবং "কিল" এই উভয় পদ্দই অনুকূল শাল্পপ্রমাণের অন্তিত্ব স্মারণ ক্রিয়া দিতেছে, অর্থাৎ মনে ক্রিয়া দেখ, সামের অপ্রতিষ্ঠিতত্ব-বোধক শান্ত্র আছে। স্বে কোনও সামবিৎ ব্যক্তি অসহিষ্ণু,হইয়া—উক্ত প্রকার অনুচিত বাক্য সহু করিতে না পারিয়া, এই সময় যদি বিপরীত-জ্ঞানসম্পন্ন তোমাকে বলে যে, 'হে দাল্ভা, অপ্রতিষ্ঠিত সামকে প্রতিষ্ঠিত করায়, তোমান অপরাধ হইয়াছে; অত্এব এবংবিধ অপরাধী তোমার মস্তক নিপতিত হইবে, অর্থাৎ বিস্পষ্টরূপে পড়িয়া যাইবে।' [তাহা হইলে] উক্তপ্রকার অপরাধীর মস্তক নিশ্চয়ই পড়িবে, সংশয় নাই; অভিপ্রায়ে এই যে, আমি কিন্তু তাহা বলিতেছি না।

ভাল, মস্তকপাতের উপযুক্ত অপরাধ যদি করিয়া থাকে, তাহা হইলে অপরে না বলিলেও আপনা হইতে মস্তক খসিয়া পড়িবে; আর যদি ডাদৃশ অপরাধ না করিয়া থাকে, তাহা হইলে ঐরপ বলিলেও শিড়িবে না; ইহা না হইলে ত 'অকৃতাভ্যাগন্,' অর্থাৎ অকৃত কর্ম্মের ফলপ্রাপ্তি, আর 'কৃতনাশ,' অর্থাৎ কৃতকর্ম্মের বৈফলা, এই চুইটি দোষ আসিয়া পড়ে। না,—এ দোষ হয় না; স্বকৃত শুভাশুভ কর্ম্মের যে, ফলপ্রাপ্তি, তাহাও উপযুক্ত দেশ, কাল ও নিমিত্ত সাপেক্ষ, (উপযুক্ত দেশ, কাল ও নিমিত্ত সাবেন,)। ফলপ্রাপ্তি বিষয়ে যখন ইহাই নিয়ম, তখন (বুঝিতে হইবে,) মস্তক্তকের নিমিত্তীভূত অজ্ঞান ও পরোক্তিরপ নিমিত্ত উভয়ই অপেক্ষিত; অর্থাৎ অজ্ঞানই মস্তকপাতের নিমিত্ত সত্য, কিন্তু তাহাও আগ্রার কার্য্যসম্পাদনে অপরের উক্তির অপেক্ষা করে, নিরপেক্ষভাবে পারে না॥ ৬৯॥ ৬

হন্তাহমেতন্তগবতো বেদানীতি বিদ্ধীতি হোবাচ, অমুষ্য লোকৃষ্ণ কা গতিরিত্যয়ং লোক ইতি হোবাচ, অম্ভ লোকস্থ , কা গতিরিতি ন প্রতিষ্ঠাং লোকমতি নয়েদিতি হোবাচ, প্রতিষ্ঠাং বয়ং লোকণ্ড সামাভিসণ্ডরাপয়ামঃ, প্রতিষ্ঠাসণ্ডাবণ্ড হি সামেতি॥ ৭০॥ ৭০

্ [এবমভিহিত: দান্ভ্য আহ্—"হস্তাহম্" ইত্যাদি।]—হস্ত (ভো:) অহম্ এতং (সামপ্রতিষ্ঠাতত্বম্) ভগবত্ত: (ভগবত:—ভবতইতি বাবং) বেদানি (क्वानी ब्राम्) ইতি। বিদ্ধি (জ্বানী হি) ইতি. ইবাঁচ (উক্তবান্) শালাবতা ইতি শেষঃ)। 'অমুষ্য লোকস্ত (স্বৰ্গলোকস্ত) কা গৃতিঃ' (প্ৰতিষ্ঠা—স্থিতি-হেতুঃ)? ইতি [দাল্ভ্যেন পৃষ্টঃ শালাবতাঃ] উবাচ (উক্তবান্)—অরং (দৃশ্রমানঃ) লোকঃ (পৃথিবীতার্থঃ)। 'অস্তু লোকস্ত (পৃথিবাাঃ) কা, গতিঃ' (প্রতিষ্ঠা)? [ইতি দাল্ভ্যেন পৃষ্টঃ শালাবতাঃ] উবাচ—প্রতিষ্ঠাং লোকং (স্থিতিহেতুদেন অভিমতম্ ইমং পৃথিবীলোকং) ন অতি নয়েং, (অতীতা ন নয়েং সাম ইতি শেষঃ) ইতি। বয়ং প্রতিষ্ঠাং লোকং সাম অভিসংস্থাপম্বামঃ (পৃথিবাাং লোকে সাম সমাক্ সংস্থাপয়ামঃ); হি (য়্মাৎ) সাম প্রতিষ্ঠাসংস্তাবং, (প্রতিষ্ঠাকেন পৃথিবীক্রপেণ সংস্থাবঃ স্থাতঃ যস্তা, তৎ তথা), ইতি॥ •

এইরপ অভিহিত হইরা দাল ভা বলিলেন—মহাশর, সাম যাহাতে প্রতিষ্ঠিত, তাহা আমি আগনার নিকট হইতে জানিতে চাই; শালাবতা বলিলেন—জান। [দাল ভা জিজ্ঞাসা করিলেন,] ঐ স্বর্গলোকের প্রতিষ্ঠা কি ? [শালাবতা] বলিলেন—এই পৃথিবালোক; [দাল ভা জিজ্ঞাসা করিলেন]—ইহার গতিকি ? [শালাবতা] বলিলেন—সামকে এই প্রতিষ্ঠা লোক (পৃথিবীকে) অতিজ্ঞাকরিয়া লাইয়া যাইবে না; আমরা সামকে পৃথিবীলোকেই সংস্থাপিত করিয়া থাকি; কারণ, পৃথিবীপ্রতিষ্ঠ বলিয়াই উক্ত দামের স্থিতি হইয়া থাকে ॥

শাঙ্কর-ভাষ্যম। এবমুক্তো দাল্ভা আহ—হস্ত অহমেতদ্ ভগবতঃ ভগ্গবতঃ বেদানি যংপ্রতিষ্ঠং সাম, ইত্যুক্তঃ প্রত্যুবাচ শালাবতাঃ—বিদ্ধীতি ংহোবাচ। অমুষ্য লোকত্য কা গতিরিতি পৃষ্টো দাল্ভোন শালাবতাঃ 'অয়ং লোকঃ' ইতি হোবাচ; অয়ং হি লোকো বাগ দান-হোমাদিভিরমুং লোকং পুষাতীতি; 'অতঃ প্রদানং দেবা উপজীবস্তি' ইতি হি শ্রুতয়ঃ। প্রত্যুক্ষং হি সর্বভূতানীঃ মরণী প্রতিষ্ঠিত; অতঃ সামোহপায়ং লোকঃ প্রতিষ্ঠাবেতি বৃক্তম্। 'অত্য লোকত্য কা গতিরিত্যুক্ত আহ শালাবতাঃ—ন প্রতিষ্ঠাং ইনং লোকমতীতা নয়েৎ সাম কন্চিং। অতো বয়ং প্রতিষ্ঠাং লোকং সাম অভিসংস্থাপুরায়ঃ; বন্দাৎ প্রতিষ্ঠানংস্তাবং হি প্রতিষ্ঠাত্বন সংস্ততং সামেত্যর্থঃ; 'ইয়ং বৈ রথস্তরম্' ইতি চ শ্রুতিঃ ॥৭০॥৭

আনন্দেশিরিঃ। হস্তেতাদি ব্যাকরোতি—এবিমিতি। কণ্মমুষ্য লোকস্থ এড লোকপ্রতিষ্ঠতং, তদাহ—অহাং লোক ইতি। আদিশিদঃ • আদাদিসংগ্রহার্যং। তত্ত্বৈশুডিং প্রমাণয়তি—ইতীতি। অন্মান্ধোকাৎ প্রদীয়মানং চরুপুরোডাশাদি অগ্নিদারা উপজীবস্তি
দেবা ইছি শ্রোতা প্রসিদ্ধিরিতার্থং। ভবতু পরঃ লোকং প্রতি প্রতিষ্ঠায়মস্ত লোকস্ত, তথাপি
কথমরং লোকঃ সামাং প্রতিষ্ঠেত্যাশব্যহি—প্রত্যক্ষাৎ হীতি। পৃথিবাাঃ সর্বাণি ভূতানি প্রতি

প্রতিষ্ঠাত্বে ফলিতমাহ—অন্তইক্তি। দানোহপি সর্বান্তর্ভাবাদিত্যর্থ:। তথাপি প্রতিষ্ঠান্তরং দুরা বাচামিত্যাশন্ত্যাহ—অতেশব্রমিতি। যন্মাদেতনোকপ্রতিষ্ঠাত্বেন সংস্কৃতং সাম, তন্মাদিদং সাম প্রতি এতমেব লোকং প্রতিষ্ঠাং জানীম ইভি যোজনা। কথং প্রতিষ্ঠাত্বেন সামস্থাবিশেষাৎ পৃথিব্যা সাম সংস্কৃতমিত্যাশন্ত্যাহ—ইয়মিতি। ইয়ং বৈ রথস্তরশান্দ্রবাচ্যস্ত পৃথিবীত্বেম স্কৃত্যাই উল্লোখিস্থাপি সামস্থাবিশেষাৎ পৃথিব্যাক্সন্থং সম্ভাব্যত ইত্যর্থ:॥ ৭০॥ ৭

দাল্ভ্য এইরূপ অভিহিত হইয়া বলিলেন— ভাষ্যানুবাদ। ভাল, সাম যাহাতে প্রতিষ্ঠিত, তাহা আমি ভগবানের (আপনার) নিকট জানিতে চাই; এইরূপ অভিহিত হইয়া শালাবত্য বলিলেন— 'বিদ্ধি'—জান। ঐ লোকের (স্বর্গের) গতি (প্রতিষ্ঠা) কি ? দাল্ভ্যকর্তৃক এইরূপ জিজ্ঞাসিত হইয়া শালাবত্য বলিলেন—এই লোক, অর্থাৎ এই পৃথিবীলোক; কারণ, এই পৃথিবী লোকই যাগ, দান ও ন ছোমাদি ক্রিয়া দ্বারা ঐ স্বর্গলোককে পোষণ করিয়া থাকে, এইরূপ শ্রুতিও আছে, 'দেবগণ এই লোক হইতে প্রদন্ত বস্তু উপভোগ ুকরেন'। অতএব, সামেরও যে, এই লোকই প্রতিষ্ঠা, ইহা যুক্তি-যুক্ত'। এই লোকের আবার গতি কি ? ইহা জিজ্ঞাসিত হইয়া শালাবত্য বলিলেন—কেহই সামকে প্রতিষ্ঠাভূত এই লোক অতিক্রম ক্রিয়া লইয়া যাইবে না। এই কারণে আমরা সামকে প্রতিষ্ঠা-লোকে সংস্থাপিত করিয়া থাকি; যেহেতু এই সাম প্রতিষ্ঠাসংস্তাব অর্থাৎ প্রতিষ্ঠারূপেই সম্যক্ স্তুত। 'এই পৃথিবীই রথন্তর (সাম)'ূএইরূপ স্থান্ত আছে॥ ৭০॥ ৭

ভত্ হ প্রবাহণো জৈবলিরুবাচ, অন্তদ্বৈ কিল তে শালাবত্য সাম; যন্ত্রেভর্হি ক্রয়ামূর্দ্ধা তে বিপতিষ্যতীতি, মূর্দ্ধা কে বিপতেদিতি। হন্তাহমেতদ্ভগবত্তো বেদানীতি, বিদ্ধীতি হোবাচ॥ ৭১॥ ৮

ইতি প্রথমাধ্যায়স্য অফমঃ খণ্ডঃ॥ ৮॥

প্রবাহণ: নাম জৈবলি: (জীবলপ্র:) তং (শালাবতাং) হ (কিলু') উবাচ (উক্তবান্)—'হে শালাবতা, তে (তব) সাম কিল্ অন্তবং (ন অনন্তং) বৈ (এব); যঃ তু (পুনঃ) [এবমন্থচিতার্থং বাক্যম্ অসহিষ্ণুঃ সন্] এতহি (ইদানীং) ব্রয়াৎ (কথরেং)—'তে (তব) মৃদ্ধা (শিরং) বিপতিষ্যতি'
(বিস্পষ্টং পতিষ্যতি) ইতি; [তহি] তে (তব) মৃদ্ধা বিপতেৎ (অবশ্রমের
পতেৎ), [ন স্বংমেবং ব্রবীমি ইত্যাশয়ঃ]। [অনস্তরং শালাবতা উবাচ—] হত্ত
(তিংস্থকো) অহং ভগবত্তঃ (ভবতঃ সকাশাৎ) এতৎ (স্থাপতিষ্ঠং সাম) বেদানি
(জানীয়াম্) ইতি; [প্রবাহণঃ] উবাচ—বিদ্ধি (জানীহি) ইতি॥

প্রবাহণনামক জৈবলি সেই শালাবত্যকে বলিলেন—হে শালাবত্য, তোমার এই সাম ত নিশ্চয়ই অন্তবং, (অনন্ত নতে)। যে কোনও লোকে এ সময়ে বলে যে, 'তোমার মন্তক পড়িয়া যাইবে; তাহা হইলে নিশ্চয়ই তাই। গ পড়িবে। শোলাবত্য বলিলেন, বিশ, আমি ভগবানের (আপনার) নিক্ট হইতে ইহা জানিতে চাই; তিনি বলিলেন—জান॥

শাঙ্কর-ভাষ্য্। তম্ এবমুক্তবন্তং হ্ প্রবাহণো জৈবলিকবাচ—অস্তবং বৈ কিল তে শালাবতা সামেত্যাদি পূর্ববিং। ততঃ শালাবতা আহ—হন্তাহম্ ত এতদ্বগবন্তো বেদানীতি; বিদ্ধি ইতি হোবাচ ইতরঃ॥ ৭১॥ ৮

ইতি প্রথমাধাায়শ্র অষ্টমথণ্ডভাবাম্॥ ৮॥

আনন্দগিরিঃ। হন্তাহ্মেত্দিত্যজানস্তং সামেত্দিত্যুচ্যুতে॥ ৮॥

ভাষ্যান্ত্রাদ। শালাবত্য এইপ্রকার বলিলে পর, প্রবাহণনামক জৈবলি তাঁহাকে বলিলেন, হে শালাবত্য 'তোমার কথিত সাম
নিশ্চয়ই অন্তবং,' ইত্যাদির অর্থ পূর্ববশ্রুতির ন্যায়। অনন্তর শালাবত্য হুর্মনহ্কারে বলিলেন—আপনার নিকট হইতে আমি ইহা (সামপ্রতিষ্ঠা) জানিতে চাই। অপর (প্রবাহণ) বলিলেন,—
জামুন ॥৭১॥ ৮

প্রথমাধ্যায়ে অষ্টম খণ্ডের ভাষ্যাত্নবাদ।। ৮।।

প্রথমাধ্যায়স্থ

নবমঃ খণ্ডঃ।

অস্ম লোকস্ম কা গতিরিত্যাকাশ ইতি হোবাচ;
স র্নাগ্রি হ বা ইমানি ভূতান্যাকাশাদেব সমুৎপুদ্যস্ত আকাশং প্রত্যস্তং যন্ত্যাকাশো হেবৈভ্যো জ্যায়ানাকাশঃ পুরায়র্ণম্॥৭২॥১

- ্ [লক্কান্নতিঃ শালাবতা আহ]—অস্ত লোকস্ত (পৃণিব্যাঃ) কা গতিঃ ('প্রতিষ্ঠা)? ইতি; আকাশঃ [গতিঃ] ইতি হ (ঐতিহ্নে) উবাচ [প্রবাহণ ইতি শেষঃ]। বৈ (যশাৎ) সর্বাণি ভূতানি (স্থাবরজঙ্গমানি) আকাশাৎ এব মন্ৎপন্তস্তে (জায়স্তে), আকাশঃ প্রতি অস্তং যস্তি (আকাশে বিলীয়স্তে,), হি (গশাং) আকাশঃ এব (নিশ্চয়ে) এভাঃ (সর্বেভাঃ ভূতেভাঃ) জ্ঞায়ান্ (মহত্তরঃ); [তশ্মাদ্ হেতাঃ] আকাশঃ [এব] পরায়ণম্ (পরমা প্রতিষ্ঠাণু ত্তাগঃ)।
- ৃ প্রাহণের নিকট অনুষতি প্রাপ্ত হইয়া শালাবতা জিজ্ঞাসা করিলেন]—
 এই লোকের গতি (আশ্র) কি ? প্রবাহণ বিলিলেন আকাশ। কারণ,
 স্থাবরজঙ্গনায়ক সনস্ত ভূত এই আকাশ হইতেই উৎপন্ন হয়, "আকাশেই
 বিলীন হয়, এবং ধে হেতু আকাশই সর্বাপেক্ষা অতিশন্ন মহান্, অতএব,
 আকাশ্ই পর্ম আশ্র॥ ৭২॥ ১
- শাক্ষর-ভাব্যম্। অনুজ্ঞাত আহ—অশু লোকশু কা গতিরিতি, আকাশ ইতি হোবাচ প্রবাহণঃ। আকাশ ইতি চ পর আত্মা, "আকাশো বৈ নাম" ইতি শ্রুতে; তশু হি কর্ম সর্বভূতোৎপাদকত্বম্, তশ্মিয়েব হি ভূতপ্রলয়ঃ, "তৎ তেজোহস্কত।" "তেজঃ পরস্থাং দেবতায়াম্ ইতি" হি বক্ষ্যতি। সর্বাণি হ বৈ ইমানি ভূতানি স্থাবরজঙ্গমানি আকাণাদেব সমুৎপছ্যস্তে; তেজোবলাদি-ক্রমেণ সামর্থাং; আকাশং প্রত্যন্তং যন্তি প্রলয়কালে তেনৈব বিপরীতক্রমেণ; হি যন্মাৎ আকাশ এবৈভাঃ সর্বেভ্যো ভূতেভ্যো জ্যায়ান্ মহন্তরঃ; অতঃ সর্বেষাং ভূতানাং পরম্ অন্থনং পরায়ণং প্রতিষ্ঠা ত্রিন্তি কালেছিত্যর্বঃ॥ ৭১॥ ১

আনন্দলিরিঃ । আকাশশলত ভ্তাকাশবিষ্যন্ধ বাগবঁটা পরনাম্ববিষয়্ধ বাকাশের বাকাশির বাকাশের বাকাশির বাকাশির

ভাষ্যানুবাদ। [প্রবাহণের] অনুমতি প্রাপ্ত হইয়া শালাবতাঁ জিজ্ঞাসা করিলেন—এই লোকের গতি কি ? প্রবাহণ বলিলেন—আকাশ; 'আকাশই নাম ও রূপের নির্বাহক বা সম্পাদক,' এই শ্রুতি অনুসারে 'আকাশ' অর্থ—পরমাত্মা। সর্ববভূতকে সমুৎপুদ্দন করা তাঁহারই কার্যা; ভূতসমূহের প্রলয়ও তাঁহাতেই হয়; কারণ, পরে বলিবেন যে, 'তিনি তেজঃ স্থি করিলেন', 'সেই তেজঃ আবার পর দেবতায় পরমাত্মায় [বিলান হয়]'। 'স্থাবরজঙ্গমাত্মক সমস্ত ভূত আকাশ হইতেই সমুৎপন্ন হয়' *। অপরাপর শ্রুতির সাহার্যে [বুঝিতে হইবে যে, এই স্থি] তেজঃ, জল ও পৃথিব্যাদি ক্রেমে হয়। প্রলয়কালে উৎপত্তির বিপরীত ক্রমে আকাশেই অস্ত গমন করে

^(*) তাৎপর্যা—এথানে আশন্তা হইতে পারে যে, শ্রুতিতে আছে কেবল 'আকাশ' শন্ত ।
আকাশ শন্তি সাধারণতঃ ভূতাকাশেই প্রসিদ্ধ : মতরাং ভাষাকার 'আকাশ' অর্থ্যে ধরমান্তার এইণ করিলেন কিরপে ? এই আশন্তা অপনয়নে উদ্দেশেই ভাষ্যকার 'আকাশ' বি নামুশ ইত্যাদি শ্রুতির উল্লেখ করিয়াছেন। তিনি ইহাই প্রতিপাদন করিয়াছেন যে, 'আকাশ' শন্ত্য বিদিও ভূতাকাশে প্রসিদ্ধ হউক, তথাপি পরমান্তা— অর্থ নিতান্ত অপ্রসিদ্ধ নহে, "আকাশ' শন্ত তিলিখাং" (ব্রহ্মসত্র : ১০১০) এই সত্রে ইহা বিশদভাবে প্রতিপাদিত হইয়াছে। বিশেষতঃ এখানেও ধথন আকাশ হইতে সর্পপদার্থের উৎপত্তি বণিত হ'যাছে, অথচ 'তশ্মাদ্ বা এত্যান্দান্তা আকাশঃ সন্ত তঃ" ইত্যাদি শ্রুতিতে ধথন পরমান্তাই আকাশাদি সর্ব্য পদার্থের কারণ বিদ্যা নির্দ্ধারিত হইরাছেন তথন এই 'আকাশ' শন্তের অর্থ পরমান্তা ভিন্ন ভূতাকাশ কর্থনিই ইইতে পারে না। পকান্তরে, এখানে আকাশু শন্তের ভূণাকাশু অর্থ করিলে তাহার সর্ব্য পদার্থেণপাদ্ধতা এবং সর্ব্য পদার্থের প্রক্রেরাভাও কল্পনা করিতে হর, অথচ তাহা অপর কোন শ্রুতি দারা সমর্থিত হইতেছে,না। বিশেষতঃ, 'সর্ব্যন্তির অর্থেরও লঙ্কোচ করিতে হয়। এবং ভূতাকান্ত্রের উৎপত্তি যে ক্রোপা শ্রুতে হয়, ভাহাও অবিজ্ঞাত থাকিরা যান। এই সকল কারণে ভাষ্যকার 'আকাশ' শন্তের 'পরমান্ত্রা' অর্থ করিরাছেন ঃ

('বিলীন হয়)। যেহৈতু 'দৃশ্যমান সর্ব্বভূত অপেক্ষা আকাশই জ্যায়ান্—অপেক্ষাকৃত মহৎ। অতএব তাহা (সেই আকাশ) সমর্স্ত ভূতের, পরায়ণ অর্থাৎ কালত্রয়েই পর্মা প্রতিষ্ঠা ॥৭২॥১

স এষ পরোবরীয়ানুদ্গীথঃ স এষোহনন্তঃ, পরোব-রীয়ো হাস্থ ভবতি পরোবরীয়দো হ লোকান্ জয়তি, য এতদৈবং বিদ্বান্ পরোবরীয়াভ্সমুদ্গীথমুপান্তে॥৭০॥২ '

সঃ (পুর্বোক্তঃ) উদ্গাথঃ পরোবরীয়ান্ (পরশ্চ বরীয়ান্—অভিশয়েন বরণ্চ) এষঃ (অনন্তরোক্তঃ পরনাত্মা) [সম্পান ইত্যর্থঃ]। সঃ এষঃ (পরমাত্মরা উদ্গাথঃ) অনন্তঃ (অন্তরহিতঃ)। যঃ (উপাসকঃ) এবং (র্থোক্তপ্রকারং) বিধান্ (জানন্) এতং (এতং) পরোবরীয়াংসম্ উদ্গাথম্ উপাস্তে, [সঃ] পরোবরীয়সঃ (উত্তরোজ্রোংক্টান্) লোকান্ (শোগ্রানি) জয়তি (বশীকরোতি), অভা (উপাসকভা) [জীবনং চ] পরোবরীয়ঃ (উত্তরোজ্রম্ উংক্টং) হ (এব) ভবতি॥

় পূর্ব্বোক্ত উদ্গীথ এই পরোবরীয় (সর্ব্বোত্তন) পরনাত্মা-স্বরূপ ; সেই এই উদ্গীপই অনপ্তস্বরূপ। যে উপাসক এই প্রকার অবগত হইয়া পরোবরীয় তানস্পন্ন, এই উদ্গীথের উপাসনা করেন, তিনি উত্তর উৎকৃষ্ট লোকসমূহ করেন, এবং তাঁহার জীবনও ক্রমে সমুৎকৃষ্ট হইয়া থাকে ॥৭

শাক্ষর-ভান্যম। ষশ্বাৎ পরং পরং বরীয়ঃ বরীয়সোহপ্যেষঃ বরঃ পরশ্চ ব্রীয়ান্চ পরোবরীয়ান্ উদ্গীথঃ পরমাত্মসম্পন্ন ইত্যর্থঃ। জাতএব স এষোহনস্তঃ অবিক্যমানাতঃ, তমেতং পরোবরীয়াংসং পরমাত্মভূতমনস্তনেবং বিদ্বান্ পরোবরীয়াসম্ উদ্গীথম্ উপাত্তে, তত্মতং ফলমাহ—পরোবরীয়ঃ পরং পরং বরীয়ো বিশিষ্ট হরং জীবনং হাস্ত বিহুষো ভবতি দৃষ্টং ফলম্, অদৃষ্টঞ্চ পরোবরীয়স উত্তরোত্তরবিশিষ্টতরানেব ব্রহ্মাকাশাস্তান্ লোকান্ জয়তি, যু এতদেবং বিদ্বান্ উদ্গীথম্পাত্তে ॥ ৭৩ ॥ ২

আনন্দ্রিঃ। আকাশন্তলিঙ্গাদিতি স্থায়েনাকাশস্থ পরমাত্মত্তমিদানীং ভূস্তোদ্গীধে সম্পাদিতস্থ পরোধরীয়স্থ গুণর্শপদিশতি—মাজ্যাদিতি । উত্তরমূত্তরং শ্রেষ্ঠাদিশি শ্রেষ্ঠোহর-বিত্যেতং। সামমাত্রস্থ কথমরং গুণঃ স্থাদিশ্যাশক্রাহ—পরমাত্ত্যেতি। আকাশস্থ পরমাত্মত কিলান্তর্মাত্ত তি আকাশস্থ পরমাত্মত লিঙ্গান্তরমাহ—অত্ত্রতি । পরমাত্ম সম্পাদিতি বাবং। সাকাশো হি প্রস্থাদিশি সম্পাদিতোহনস্তঃ শ্রুতঃ। ন চানস্তাং ব্রহ্মণোহস্কত যুক্তম্। সত্যং জ্ঞানমন্তং

ব্রন্ধ'' ইতি শ্রুতেঃ। তত্মাদাকাশো ব্রন্ধেতার্থঃ। সপ্রত্যাকশিশক্তিক্ত পরক্ষোদ্গীথে সম্পা-ভাদিতক্ত পরোবরীয়ত্তগুণবিশিষ্টক্তোপাক্তিং কিদগাতি—ত্রমেত্রমিতি পরং পরস্পযুগপরীতি যাবং। তত্মাদেবমুপাদীতেতি ভাবঃ॥ ৭০॥২

ভাষ্যানুবাদ ৷ যেহেতু, উত্রোত্তর বরীয়ান, অর্থাং বরীয়ান্
আপেক্ষাও বর ও পর (শ্রেষ্ঠ)—পরোবরীয়ান, এই উদ্গীথই পরমাত্মরূপে সম্পন্ন হয়; অতএব, সেই ইহা অনন্ত, অর্থাৎ ইহার অন্ত বা
শেষ বিভ্যমান নাই ৷ সেই এই পরোবরীয়ান্ পরমাত্মস্রর্থণ
অনন্ত পদার্থকে উক্তপ্রকারে অবগত হইয়া [যিনি] পরোবরীয়ান্
(সর্বেরান্তম) উদ্গীপের উপাসনা করেন, তাহার সম্বন্ধে এইরূপ কল
নির্দেশ করিতেছেন—যিনি এইপ্রকার অবগত হইয়া এই উদ্গীপের
উপাসনা করেন, সেই বিদ্বানের জীবন নিশ্চয়ই পরপর অর্থাৎ উত্রোভর সমধিক উৎকৃষ্ট হইয়া থাকে; ইহা তাহার দৃষ্ট ফল, অর্থাৎ ঐহিক
ফল। অদৃষ্ট বা পারলোকিক ফলও এই যে, [সেই বিদ্বান্]
পরোবরীয়ান্ অর্থাৎ উত্ররোভর উৎকৃষ্টতর ব্রহ্মাকাশ্বর্ণান্ত সমস্ত
লোককে জয় করেন, অর্থাৎ আপনার আয়ত্ত করেন॥ ৭৩॥ ২

তত্ত্ হৈতমতিধন্বা শৌনক উদরশাণ্ডিল্যায়োক্ত্রোকাচ— যাবন্ধ এনং প্রজায়ামূদ্গীথং বেদিষ্যন্তে, পরোবরীয়ো হৈভ্যস্তা-বদস্মিল্লোঁকে জীবনং ভবিষ্যতি ॥ ৭৩॥৩

কিঞ্চ, [উক্তলফণে দ্গীথবিং] শৌনকঃ (শুনকপুল্রঃ) অভিধ্যা প্রায়নকঃ ঋষিঃ) তং (পুর্বোক্তপ্রকারং) এতং (উদ্দীথং অর্থাৎ উদ্গীথবিজ্ঞাং) উদরশান্তিলাায় (তন্নামকার শিষাায়) উক্ত্যা উবাচ (কথিতবান্ত্র হ (এতিছে)—যাবৃং (মংকালপর্যান্তং) তে (তব) প্রজারাং (বংশে বংশজাঃ প্রজা ইতার্থঃ) এতম্ (যথোক্তপ্রকারম্) উদ্দীথং বেদিষান্তে (জ্ঞান্তন্তি), তাবং (তৎকালপর্যান্তং) [তাসাং প্রজানাং] জীবৃন্ধং এভাঃ (সাধারণজীব-নেভাঃ) পরোবন্ধীয়ঃ (উত্তরোক্তরোহ্বস্কতিরং) হ (এব) ভবিষ্যতি॥

পূর্ব্বোক্তপ্রকার উদ্গীথবিভাবিৎ শুনকপূত্র অতিধরা থাষি উদরশাণ্ডিল্যনামক শ্লিষ্যকে এই উদ্গীথবিজ্ঞানের উপদেশ দিয়া বলিয়াছিলেন যে, বে পর্যান্ত ভোষার বংশে [সন্তানেরা] এই প্রকারে উদ্গীথবিদ্যা জানিবে, তাবৎ [তাহা-দের] জীবন নিশ্চয়ই [অন্তান্ত জীবন অপেক্ষা] ক্রমশঃ সমুৎকৃষ্ট হইবে॥

শাক্তরভাষ্যম্। কিঞ্চ, তমেতমুদ্গীথং বিদ্বান্ অতিধয়া নামতঃ, শুনকস্থা-পত্যাং শৌনকঃ উদরশান্তিল্যায় শিষ্যায় এতদ্ উদ্গীথদর্শনম্ উক্ত্বা উবাচ — যাবৎ তে তব প্রজায়াং প্রজাসন্ততঃবিতার্থঃ; এনমুদ্গীথং তংসম্ভতিজ্ঞা বেদিষান্তে জ্ঞাস্থান্তি, তাবস্তং কালং পরোবরীয়ো হ এভাঃ প্রসিদ্ধেভ্যো লৌকিকজাবনেভা উত্তরোভর-বিশিষ্টর্তরং জীবনং তেভাে। ভবিষাতি ॥৭ ০॥০

আনন্দ্রগিরিঃ। বিধিশেষম্ অর্থবাদং দর্শরতি—ক্রিঞ্জেড়। ইতশ্চাত্র বিধিরস্তীত্যে-তৎ তেন্তান্তৎসন্ততিজ্ঞা যে যথোক্তোদ্গীথে বেদিতারস্তদর্থমিতার্থঃ॥ ৭৩॥৩

ভাষ্যান্ত্রাদ। অপিচ, সেই এই উদগীথবিৎ অভিধন্ননামক শুনক্রপুত্র—শোনক উদরশাণ্ডিল্যনামক স্বশিষ্যের উদ্দেশে এই উদ্গীথবিজ্ঞান উপদেশ করিয়া বলিয়াছিলেন—যতকাল তোমার প্রজাবে অর্থাৎ সন্তানসন্ততির মধ্যে তোমার বংশজগণ এই উদ্গীথিবিদ্যা জানিবে, ততকাল, তাহাদের জীবন লোকপ্রসিদ্ধ সমুদ্য় জীবন অপেক্ষা ক্রমশঃ সমুৎকৃষ্ট জীবন হইবে॥ ৭৩॥ ৩

ৃতথামুখিল্লোঁকে লোক ইতি, স য এতদেবং বিদ্বানুপাস্তে পরোবরীয় এব হাস্থাস্মিল্লোকে জীবনং ভবতি, তথামুখ্মি-ল্লোকে লোক ইতি, লোকে লোক ইতি॥ ৭৪॥৪

ইতি প্রথমাধ্যায়স্থ নবমঃ খণ্ডঃ ॥ ৯ ॥

- [উদ্পীথবিদঃ পারলোকিকং ফলমাহ—তথেতি।] [যথোক্তোদ্গীথবিদঃ]
অমৃথিন্ লোকে (পরলোকে) [অপি] লোকঃ (ভোগস্থানং), তথা (ঐহিক-বং প্রোবরীয়ান্) [ভবতি] ইতি চ [শোনকঃ উদরশাণ্ডিল্যায় উক্তবান্ ইতি শেষঃ]। [ইদানীমপি] সঃ যঃ (কশ্চিং) এতম্ (উদ্গীথম্) এবং (যথোক্ত-প্রকারং) বিধান্ [জানন্ সন্) উপাত্তে; অস্ত্র (উপাসকত্ত্য) জীবনম্ অম্মিন্ লোকে (বর্ত্তমানদেহে) এব (নিশ্চয়ে) পরোবরীয়ঃ ভবতি হ (অবধারণে)। তথা (ঐহিকবং) অমৃথিন্ লোকে (লোকান্তরে) [অপি] লোকঃ [পরোবরী-রান্] ভবতি, ইতি শবঃ বাক্যসমাথ্যো। [লোকে লোক ইতি বিরুদ্ধিঃ খণ্ড-সমাথ্যেটকা]।

[উদ্গাথবিদের পারলোকিক ফল কথিত হইতেছে]—[সেই উদ্গাথাভিজ্ঞের]
পারলোকিক স্থানও (লোকও) সেইপ্রকার পরোবরীয়ান্ হইয়া থাকে।
এখনও বে কোন গোক প্ররূপে জানিয়া উদ্গাথের উপাসনা করে, তাহারও
প্রহিক জীবন নিশ্চয়ই পরোবরীয়ান্ হয়, এবং পরলোকেও তাহার লোক সেই
প্রকার (পরোবরীয়ান্ হয়)॥

শাক্ষরভাব্যম্। তথা অদৃষ্টেংপি পরলোকৈ অম্মিন্ পরোবরীয়ান্ লোকো ভবিষ্যতীত্যুক্তবান্ শাঙ্ভিশায় অতিধরা শৌনক:। ভাদেতং কলঃ প্রের্বাং শুম্বাভাগ্যানাং, নৈদংবৃগীনানাম্, ইত্যাশক্ষানিবৃদ্ধয়ে আহ—স যঃ কণ্টিং এতম্ এবং বিদ্বান্ উদ্গীথম্ এতাহ উপাস্তে, তস্তাপ্যেবমেব পরোবরীয় এব হ অস্তামিন্ লোকে জাবনং ভবতি, তথা অম্মিন্ লোকে লোক ইতি॥ १৪॥ ৪

ইতি প্রথমোহধ্যায়স্ত নবম-খণ্ড ভাষ্যম্॥ ৯॥

আনন্দুপরিঃ। তথা দৃষ্টবিশিষ্টতরজীবনবদিতার্থ:। অদৃষ্টেহপীতি চেছদ:। সুর্বী এতমিত্যাছাত্তরং বাক্য: শক্ষোত্তরত্বেনাথাপ্য ব্যাচষ্টে—ছস্তাদিকে। অমিন বুনৈ ভবস্তাতি এদংযুগীনাঃ, তেষাম্ এদংযুগীনানাং লোকঃ পরোবরীরানিতি শেষঃ। পুনরুজিরুদ্গীথো-পান্তিসমাপ্তার্থা। ৭৪॥৬

ইতি প্রথমাধ্যায়স্ত নবমঃ খণ্ড।

ভাষ্যাত্বাদ। ইহলোকের স্থায় অদৃষ্ট অর্থাৎ দৃষ্টির অগোচর — অপ্রত্যক্ষ পরলোকেও [তাহার] পরোবরীয়ান্ লোক লাভ হইবৈ; ইহা শুনকপুত্র অতিধন্না শাণ্ডিল্যকে বলিয়াছিলেন। ভাল, এরূপ ফল পূর্বিতন মহাভাগ্যবান্ লোকদিগের পক্ষেই সম্ভবপর হইতে পারে, বর্তুমান যুগের লোকদিগের পক্ষে নহে; এই আশঙ্কা অপনয়নের জন্ম বলিতেছেন — যে কোন লোক এখনও এই উদ্গীথকে মথোক্তরূপে অবগত হইয়া উপাসনা করে, তাহার জীবনও ইহলোকে এই প্রকারই পরোবরীয়ান্ হয়, এবং পরলোকেও সেইরূপ (পরোবরীয়ান্) লোক লাভ হয়। ৭৪॥৪

ইভি প্রথমধ্যায়ে নবম থণ্ডের ভাষ্যান্থবাদ সমাপ্ত।

গ্রথমাধ্যায়স্থ

দশমঃ খণ্ডঃ।

মট্টাহতেরু কুরুষাটিক্যা সহ জায়য়োষস্তিই চাক্রায়ণ ইভ্য গ্রামে প্রদ্রাণক উবাস॥ ৭৫॥ ১

ি দ্বিথাপাসনাপ্রসঙ্গেন প্রস্তাব-প্রতিহারবিষয়কমণি উপাসনং বজ্ঞানু মুপক্রমতে—''মটটাহতেরু'' ইত্যাদিনা। — কুরুষু (তদ্দেশস্থ-শস্থেষু) নটচ হৈতেষু (বৃজ্বতেষু বজ্ঞাগ্নিদগ্ধেরু ইতিযাবৎ) [সৎস্থা উষস্তিঃ (নান) চাক্রারণঃ (চক্রস্থা পুরুঃ) প্রদাণকঃ (হুর্গতিং গতঃ সন্) আটক্যা (অনভিব্যক্ত-স্ত্রীচিহ্না) জার্মা (পত্না) সহ ইত্যগ্রামে (ধনিকবহুলে, হস্তিপক-প্রচুরে বা গ্রামে) ভ্রাস (বস্তিং ক্রতবান্)॥

উদ্গাথোপাসনা প্রসঙ্গে প্রস্তাব ও প্রতিহার-নামক আরও তুইটি বিষয়ে উপাসনা বিন্বার উপক্রম করিবার উদ্দেশে বলিতেছেন - কুরুদেশ ঘটচীহত অর্থাৎ বজাগ্নিকে দগ্ধ হইলে পর [তদ্দেশীয়] উষন্তি নামক চাক্রায়ণ অর্থাৎ চক্রের পুত্র দুর্গতি প্রাপ্ত হইয়া স্ত্রীজনোচিত চিহ্নসমূহ যাহার অভিবাক্ত হ্য় নাই, এরপ বালিকা পত্নীর সহিত [কোন একটি] ইভাগ্রামে (ইভা অর্থ—ধনী বা হন্তিপক, তদ্বহল গ্রামে) বাস করিয়াছিলেন ॥

শাঙ্কর-ভাষ্য্য। উদ্গাথোপাসনপ্রসঙ্গেন প্রস্তাবপ্রতিষয়বর্ষ্যপ্রাপাসনং বর্ত্তব্যিনতীদমারভাতে; আখ্যায়িকা তু স্থাববোধার্থা। নটচীহতেষ্ মটচ্যোইশ্নয়ং, তাভির্তিষু নাশিতেষু কুরুষু কুরুশস্তেষিতার্থঃ। ততো গুর্ভিক্ষেট্র জাতে আটিক্যা স্থাজাতপয়োধরাদিন্ত্রীব্যঞ্জনয়া সহ জায়য়া উষস্তির্হ নামতঃ চক্রস্তান পতাং চাক্রায়ণঃ। ইভো হস্তা তমর্হতীতীভা ঈশ্বরো হস্ত্যারোহো বা তম্ম গ্রাম ইণ্ডাগ্রামঃ তামন্ প্রজাণকোহয়ালাভাৎ। দ্রা কুৎসায়াং গতৌ। কুৎসিতাং গতিং গতোহস্ত্যাবস্থাং প্রাপ্ত ইত্যর্থঃ। উবাস উষিত্রান্ কম্পচিদ্গৃহন্মান্রিত্য॥ ৭৫॥ ১॥

আনন্দু গিরিং। মা, উদ্গীথাক্ষরোপাদনশু অনেকধা উক্তত্বাৎ বক্তব্যানবশেষ থ শেপাঠকপরিসমান্তিরেব গুল্ডেভাশিক্ষাই—উদ্গীথেড়ি। ইদমাথণ্ডান্তরং পরামুখ্যতে। প্রস্তাবাদ্যপাদনং বিবক্ষিতং চেই তদেবোচ্যভাম, কিমনমা ক্রথয়েত্যাশক্ষাই—আঞ্চাহ্মিকা দ্বিতি। মউচো মর্কনহেতবোহশনমঃ পায়াগর্ইক্ষে বা। ততঃ শশুনাশাদিত্যেতৎ। সর্বতঃ বৈ নদ্ধানে ছুপি ন ব্যাভিচানশক্ষেতি কর্ণায়ি ছুনাটকোতি বিশেষণম্। প্রদাণকপদন্ত ক্রিছা-পুদেন সম্বন্ধ:। কুৎসিতগতিপ্রাপ্তে হৈতৃবন্ধানাভাদিতি। প্রদাণকশন্ধং ধাতৃপ্যাসদার। কথয়তি—দ্রাক্রামামিকি ॥ ৭৫॥ ১

ভাষ্যানুবাদ। উদগীথোপাসনা প্রসঙ্গে প্রস্তাব ও প্রতিহার নামক (১) ছুইটি সামভক্তিরও উপাসনা করা আবশ্যক; এইজন্ম এখন এই দশম খণ্ড আরক্ত ইতৈছে। বিষয়টিকে অনায়াস-বোধ্য করিবার জন্মই আখ্যায়িকা [রচিত হইয়ছে]। কুরুদেশ মটটী-হতু হইলে পর অর্থাৎ মটটা অর্থ অশনি (বজ্র), বহুবজ্রপাতে কুরুদেশীয় শম্মরাশি বিনাশিত হইলে এবং তাহার ফলে ছুর্ভিক্ষ উপস্থিত হইলে পর, উষস্তিনামক চাক্রায়ণ অর্থাৎ চক্রের পুল্র অরের অভাবে প্রদ্রাণক হইয়া, 'দ্রা' ধাতুর অর্থ কুৎসিত গতি বা তুরবন্থা; কুৎসিত গতি প্রাপ্ত হইয়া অর্থাৎ চরম তুরবন্থার (জীবনান্ত দশায়.) উপস্থিত-হইয়া, আটিকী অর্থাৎ পয়েয়ধরাদি শ্রীচিহ্ন সমূহ যাহার অভিব্যক্ত হয় নাই, এরপ [বালিকা] পত্নীর সহিত (২) ইভ্যগ্রামে—ইভ অর্থ শহস্তা, তাহার উপযুক্ত ব্যক্তি ইভ্য,—ধনী অথবা হস্তিপক;তাহার গ্রাম—ইভ অর্থ শহস্তা, ছিলেন॥ ৭৫॥ ১

শ হেভ্যং কুল্মানান্ খাদন্তং বিভিক্ষে, তণ্ড হোবাচ— নেতোহন্যে বিভাতে, নচ্চ যে ম ইম উপনিহিতা ইতি ॥৭৬॥২॰ সঃ (ডবঙিঃ) কুল্মানান্ (কুংসিতান্ মানান্ খাদন্তম্ (•ভক্ষয়ন্তম্)

⁽১) তাংপর্যা—পূর্বেজে 'উদ্গীথ' যেরূপ সামবেদের ভক্তিবিশেষ, এই প্রস্তাব এবং প্রতিহারও তদ্রুপ সামবেদেরই ভক্তি বা অংশ বিশেষ। উদ্গীথের যেমন নানাপ্রকারে উপীসনা কথিত হইয়াছে; তেমনি 'প্রস্তাব' 'প্রতিহার' সম্বন্ধেও উপাসনার বিধান করা, আবশুক; এই জম্ম এই দশম খণ্ডে একটি ফুল্মর গল্লছেলে তাহার সূচনা করিতেছেন। উপাসনার প্রণালী সমূহ ক্রমে প্রকাশ পাইবে।

⁽২) তাৎপর্য— 'আটিকী' অর্থ বাহার শ্রীলক্ষণ সমূহ প্রকাশ পার নাই, অর্থাৎ তথনপ্ত বাহার বাল্যাবস্থা অতীত হয় নাই। উবস্থির পত্নীকে এরপ বিশেষণে বিশেষিত করায় ব্ঝা বাইতেছে, বাল্যাবস্থায়ই তাহার পরিবাহজিয়া নিপার হইয়াছিল। স্তরাং, প্রাকালে বালিকাবিতিরে অন্তির অন্থাকার করিতে বাঁহারা ক্তিত, তাহাদের এই স্থানটিতে দৃষ্টি করা অবিশ্রক মনে করি।

ইভাং (হস্তিপকং) বিভিন্নে (ভক্ষাং যাচিতবান্)। [ইভাঃ] হ তম্ (উষস্তিম্)
উবাচ (উক্তবান্)—ইতঃ (নয়া ভক্ষামাণেভাঃ কুলাষেভাঃ) অন্তে (অহচ্ছিষ্টাঃ
কুলামাঃ) ন বিগ্নস্তে; যৎ (যৎ ইতি বহুবচনাস্তমবায়ং, যে ইতার্থঃ) যে চ
(কুলামাঃ) মে (মম) উপনিহিতাঃ (ভোজনপাত্রে প্রক্ষিপ্তাঃ) ইতি [ইতঃ অঞ্থেন সন্তি, অতঃ কি করোমি ? ইত্যক্ত উষস্তিরাহ]—

তিনি [পর্যাটন করিতে করিতে] কুৎসিত মাষকলাই ভক্ষণ করিতেছে, এমন ওকজন ইভ্যকে দেখিয়া (তাহার নিকট অন্ন) প্রার্থনা করিলেন; ইভ্য বলিল—যে পরিমাণ যাহা আমার (ভোজনপাত্রে) প্রক্রিপ্ত হইয়াছে, ইহার অধিক আমার নাই [অতএব, বল কি করিব ? তত্ত্তেরে উষস্তি বলিলেন—] ॥

শাঙ্কর-ভাষ্যম। সোহনার্থনটন্ ইভাং কুলাষান্ কুৎসিতান্ মাষান্ খাদস্তং ভূক্ষয়ন্তং বদ্চহয়োপলভা বিভিক্ষে যাচিতবান্। তম্বন্তিং হ উবাচ ইভাঃ—
ন ইতঃ, অস্মাৎ ময়া ভক্ষামাণাহচ্ছিষ্টরাশেঃ কুলাষা অন্তে ন বিভন্তে; যচ যে
রাশ্রো মে মম উপনিহিতাঃ প্রক্ষিপ্তা ইমে ভাজনে; কিং করোমি; ইত্যক্তঃ
প্রত্যুবাচ উষস্তিঃ—॥ ৭৬॥২

আনন্দ গ্রিঃ। যদৃচ্ছয় সহসেত্যর্থঃ। নেত ইতি বাক্যোপাদানং তদ্ব্যাকরোতি—, অস্মাটিং তি। যদিত্যব্যয়ং বহুবচনাস্তম্। উপনিহিতাঃ কুলামা ইতি শেষঃ। তেঝাং ব্যামিন ভাজনে প্রক্রিপ্তা ইতি যোজনা॥ ৭৬।২

পরতে সহসা কুল্মাষ থাইতেছে অর্থাৎ কুৎসিত মাষকলাই ভক্ষণ করিতেছে, এরূপ :একজন ইভ্যকে দেখিয়া ভিক্ষা করিয়াছিলেন— [অর্ম] প্রার্থনা করিয়াছিলেন। ইভ্য সেই উষস্তিকে:বলিয়াছিল, ইহার অধিক আর নাই; অর্থাৎ এই যে সমস্ত কুল্মাষ আমার ভোজনপাত্রে স্থাপিত আছে, আমি যাহা ভক্ষণ করিতেছি; এই উচ্ছিষ্টের অতি্রিক্ত আর কুল্মাষ নাই; [এ অবস্থায় আমি] কি করিব ? এইরূপ অভিহিত হইয়া উষস্তি প্রত্যুত্তর বলিলেন—॥ ৭৬ ॥ ২

এতেষাং মে দেহীতি হোবাচ, তানস্মৈ প্রদদৌ, হন্তা-মুপানমিতি, উর্চিইষ্টং বৈ মে পীতত্ত স্থাদিতি হোবাচ ॥৭৭॥৩

[এবমুক্তঃ উষস্তিঃ]—হ (ঐতিহে) উবাচ (উক্তবান্)—এডেষাং (এতান্ কুমাধান, অথবা এডেষাং কুমাধাণাম্ অংশং) মে (মহং) দেহি (এযচ্ছ) ইতি। [ইভাঃ] আন্ (কুলাষান্) অনৈ (উবস্তরে) প্রদদৌ (দত্তবান্); ইপ্ত (অনুমতিস্থলায়াম্) অনুপানং (কুলাবভক্ষণানস্তরপের্ম উদকং) ' [তে দদানি ?] ইতি [ইভা আহ], [তথা সতি] মে (মম) উচ্ছিষ্টং (ভুক্তাবশেষং) বৈ (এব) পীতং স্থাং, (উচ্ছিষ্টপানদোষঃ ভবেং; ইতিক্ষ (কিল) উবাচ [উষস্তিঃ]॥

ইভার প্রশানস্তর, উষস্তি] বলিলেন —এ সমস্তের অংশ আমাকে প্রদান কর। [ইভা] তৎসমুদয় তাঁহাকে প্রদান করিল; শেষে অন্থপান অর্থাৎ তাঁহারিই • পীতাবশেষ জল [দিতে চাহিলে] উষস্তি বলিলেন—তাহা হইলে আমার উচ্ছিষ্ট পান করা হইবে॥

শাঙ্কর-ভাষ্যম। এতেষাম্ এতানিতার্থঃ। মে নহং দেহীতি হোবাচ।
তান্ স ইভাঃ অসৈ উষস্তরে প্রদদৌ প্রদত্তবান্। অনুপানীয়ং সমীপস্থম্দকঃ
চ গৃহীত্বা উবাচ—হন্ত গৃহাণানুপানম্ ইত্যুক্তঃ প্রভাবাচ—উচ্ছিষ্টঃ মে মম ইদম্দকং পীতং স্থাৎ, যদি পাস্থামি; ইত্যুক্তবন্তং প্রত্যুবাচ ইতরঃ॥ ৭৭॥ ০ আনক্ষাপিরিঃ। হন্ত ক্লামা ভক্ষিতাশ্চেদিতার্থঃ॥ ৭৭॥ ০

ভাষ্যানুবাদ। এতেষাং অর্থ—এ সমুদয়কে; আমার উদ্দেশে প্রদান কর; ইহা বলিলেন; সেই ইভ্যুও তৎসমুদয় উষস্থিকে প্রদান করিল; এবং অনুপান পানের জন্ম সমীপস্থ জল লইয়া বলিল— অনুপান (ভক্ষণের পর পেয় জল) গ্রহণ কর; ইহা জিজ্ঞাসিত হইয়া (উষস্থি) বলিলেন—আমি যদি এই জল পান করি, [তাহা হইলে] নিশ্চয়ই এই জল পানে আমার উচ্ছিষ্ট পান করা হইবে, এইরূপণ বলিলে, তাহাকে অর্পরে (ইভ্যু) বলিল—॥ ৭৭॥ ৩

ন স্বিদেতেহপ্যুচ্ছিক্টা ইতি ন বা অজীবিষ্যমিমান-খাদন্নিতি হোৱাচ কামো ম উদপান্মিতি * ॥৭৮॥৪

হিভাঃ আহ]—সিং (ইতি বিতর্কে) এতে (মংপ্রদন্তাঃ কুলারাঃ) অপি (সম্ভাবনারাং) ন উচ্ছিটাঃ (ভূক্তশেষাঃ) ? ইতি। [উষস্তিঃ] উবাচু--ইমান্ (কুলামান্) অথাদন্ (অভ্ঞানঃ দন্) [অহং] ন বৈ (বৈর) অজীবিষ্যম্ ইতি; উদপানং (উদকপানং) [পুনঃ । মে (মম) কামঃ (প্রচুরম্ ইচ্ছাধীনম্) [সম্ভবেৎ, তাতঃ স্বংপ্রদন্তপানীয়সেবনে উচ্ছিষ্টপানজদোষ্ভাগী স্থামিতি ভাবঃ] ইতি॥

^{*} উদুৰপানমিতি বা পাঠঃ।

ইভা বলিল, মহপ্রদন্ধ এই কুলাষগুলি কি উদ্ভিষ্ট নহে ? উষস্তি বলিলেন—এই কুলাষ না থাইলে নিশ্চয়ই বাঁচিতাম না ; কিন্তু জলপান বঙ আমার ইচ্ছাধীন। [অমি নিজেও আহরণ করিয়া জলপান করিতে পারিব ; অতএব তোমার উচ্ছিষ্ট পান করিব কেন ?]॥

শাঙ্কর-ভাষ্যম্। কিং ন স্থিদেতে কুলাষা অপ্যুচ্ছিষ্ঠা ইত্যুক্ত আহোষস্তিঃ
ন বৈ অজীবিষ্যাং ন জীবিষ্যামি ইমান্ কুলাষানথাদন্ অভক্ষয়ন্নিতি হোবাচ। কাম
ইচ্ছাতোঁ নে মন উদকপানং লভ্যত ইতাৰ্থঃ। অতক্ষৈতামবস্থাং প্ৰাপ্তস্থা বিষ্যাধৰ্ম্মধশোৰতঃ স্বাত্ম-পরোপকারসমর্থ স্তৈতদিপি কর্ম কুর্বতো নাগঃস্পর্শ ইত্যাভিপ্রায়ঃ। তস্তাপি জীবিতং প্রতি উপায়াস্তরে অজ্গুন্সিতে সতি জুগুন্সিতমেতং
কর্মা দোষার। জ্ঞানাবলেপেন কুর্বতো নরকপাতঃ স্থাদেবেত্যভিপ্রায়ঃ; প্রদ্রাণকশক্ষপ্রবাৎ ॥৭৮॥৪

আনন্দু গিরিঃ। কিং প্রত্যুবার ইত্যাকাঙ্গাপুর্বকমাহ—ক্রিমিত্যাদিনা। অকু
পানাভাবেহণি তুল্যং জীবনরাহিত্যমিত্যাশক্ষাহ—ক্রাম ইডি। অন্তোচ্ছিষ্টকুলাষভক্ষণমূবের্বদন্ত্যাঃ শ্রুতেন্তাৎপয়মাহ—ক্রন্তেন্তি। চাক্রারণক্ত বিহুষোহভক্ষাভক্ষণদর্শনাদিতি
যাবং এর্তামবন্থাং প্রাপ্তক্ত জাবিতসন্দেহনাপরস্তেত্যর্থঃ। বিদ্যাধর্ম্বশোবতো জ্ঞানাদিপ্রযুক্তপ্যাতিং প্রপরস্তেত্যেতং। স্বায়োপকারে পরোপকারে চ সামর্থাং নিগ্রহান্তগ্রহণজ্ঞিমবন্ধ।
এতং কর্ম জীবনমাত্রকারণং কুংসিতং চেষ্টিতমিত্যর্থঃ। উচ্ছিষ্টোদকপানপ্রতিষেধশ্রুতেরভিপ্রায়মাহ—স্কুল্ডানিতি। এতং কর্মেত্যভক্ষ্যভক্ষণোজিঃ। নমু জ্ঞানিনো যথেষ্টচেষ্টাত্তাম্ব্রায়তে। মেবম্। সর্বান্নান্মতিক্রেতাদিক্সায়বিরোধাদিত্যাহ—ক্রোনান্ত। তথ্মিন্নভিপ্রায়েতে। মেবম্। সর্বান্নান্মতিক্রেতাদিক্সায়বিরোধাদিত্যাহ—ক্রোনান্ত। তথ্মিন্নভিপ্রায়েতিক্রিন্ন ভক্ষিত্বানিতি প্রতিভাতি। তথাচ জ্ঞানিনো যথেষ্টাচারে প্রমাণাভাবাৎ
অনেকপ্রমাণবিরোধান্ত নাসাবত্র বিবক্ষিত ইত্যর্থঃ। ৭৮॥৪

্তিলিপ্রেকি উচ্ছিট নহে ? এইরপ অভিহিত হইরা উষস্তি বলিলেন—
কুলাষ গুলি ভক্ষণ না করিলে নিশ্চরই আমি জীবিত থাকিব না;

এই কারণে কুলাষ গুলি ভক্ষণ করিয়াছি, কিন্তু], জল-পান ত আমার
ইচ্ছামতেই লক্ষ হইতে পারে। [অভিপ্রায় এই যে, যে লোক,
বিভা, ধর্ম ও যশঃ-সম্পন্ন, এবং নিজের ও পরের উপকার সাধনে
সমর্থ, 'তিনি যদি এবংবিধ ছুরবস্থাগ্রস্ত হইয়া এরপ কর্মপ্র
(অভোজ্য-ভোর্জনও) করেন, তথাপি তাহার পাপস্পর্শ হয় না; কিন্তু
তাহার পক্ষেও জীবন-রক্ষণোপ্রোগী অনিন্দিত উপায়ান্তর, সত্তে সদৃশ
নিন্দিত কর্ম্ম করা অবশ্রেই দোষাবহ। অভিপ্রায় এই ষে, জ্ঞানশর্মেব

অর্থাৎ আমি জ্বানী, আমার পক্ষে, বিধি নিষেধ কিছুই নাই, এইরূপ 'অভিমান করিলে নিশ্চয়ই তাহার নরকে পতন হয় ; এই জগুই এখানে 'প্রদ্রাণক' শব্দের উল্লেখ রহিয়াছে (৩)॥ ৭৮॥ ৪

স হ থাদিত্বাতিশেষান্ জায়ায়া আজহার, দাগ্র এব স্থৃতিক্ষা বভূব, তান্ প্রতিগৃহ্য নিদধৌ ॥৭৯॥৫

সঃ (উযস্তিঃ, হ (কিল) থাদিরা (কুলাষান্ ভক্ষরিত্বা) অতিশেষান্ (অবশিপ্তান্) কারারে (পত্নার্থং) আজহার (আজতবান্), সা (জারা) অত্যে এব স্থভিক্ষা (লব্ধ-ভিক্ষা) বভূব; [অ হঃ] তান্ (কুলাবান্) প্রতিগৃহ (পত্নঃ হস্তাং গৃহীত্বা) নিদ্ধৌ স্থোপিতবতী)॥

সেই উষস্থি ভোজন করিয়া অবশিষ্ঠ কুল্মাযগুলি পত্নীর জন্ম আনয়ন কুরি-লেন। তিনি (পত্নী) পূর্ব্বেই উত্তন ভিক্ষা লাভ করিয়াছিলেন; স্কুতরাং তিনি স্বামীর হস্ত হইতে লইয়া সে গুলি রাথিয়া দিলেন।

শাঙ্কর-ভাষ্যম্। তাংশ্চ স থাদিখা অতিশেষান্ অতিশিষ্টান্ জায়ামৈ কারুণাদাজহার। সা আটিকী অগ্র এব কুলাষপ্রাপ্তেঃ স্কৃত্কা শোভনভিকা লব্ধানা ইত্যেতৎ, বভূব সংবৃত্তা; তথাপি স্ত্রীস্বাভাব্যাদনবজ্ঞায় তান্ ক্লাম্বান্ পত্যুঃ হস্তাৎ প্রতিগৃহ্ নিদধৌ নিক্ষিপ্রবৃতী ॥ ৭৯॥৫

আনক্রিরিঃ। খ্রীধাভাব্যং পত্যুরাজাকরণম্॥ ৭৯॥৫

• ভাষ্যান্ত্রাদ। তিনি (উষস্তি) সেই কুল্মাষ ভক্ষণ করিয়া অবশিষ্ট গুলি দয়াবশতঃ পত্নীর উদ্দেশে আনয়ন করিলেনণা সেই

⁽৩) তাৎপর্য্য—যে লোক বিদ্বান্, ধার্মিক ও যশখী, সাধারণতঃ সেরূপ লোকের দ্বারা তাহার নিজের এবং সমাজের প্রভূত কল্যাণ সাধিত হইতে পারে; বটনা ক্রমে সেরূপ লোক যদি তুর্গতির চরম সীমায় উপস্থিত হয়, জীবনধারণের কোনও উপায় না পায়, তাহা হইলে তাহার পক্ষে অভক্ষা-ভক্ষণ দ্বারাও মহামূল্য জীবন রক্ষা করা বিধেয়। মনু বলিয়্মছন— 'জীবিতাত্যয়মাপল্লো যোগ্রমন্তি বতন্ততঃ। লিপ্যতে ন স পাপেন পদ্মপত্রমিবাজ্ঞপা।' অর্থাৎ জীবিতাত্যয় (অরাভাবে) মৃত্যু সম্ভাবিত হইলে যে কোনও স্থান হইতে অম ভক্ষণ করিতে পারে, পদ্মপত্র যেমন জলে লিপ্ত হয় না, তেমনি সেই ভক্ষণকারীও ভক্ষণ করিতে পারে, পদ্মপত্র যেমন জলে লিপ্ত হয় না, তেমনি সেই ভক্ষণকারীও ভক্ষণ করে, পাপে স্পৃষ্ট হয় না। একিন্ত, কোন লোক যদি নিজের ব্রহ্মজ্ঞতার অভিমানে ইরূপ ভক্ষণ করে, কিংবা কেহ যদি সমাজের অহিতকর পাপজীবন-শোষণার্থ ক্রমপ অভক্ষ্য ভক্ষণ করে, তাহা হইলে নিশ্চয়ই তাহাকে পাপী হইতে হইবে। পক্ষান্তরে, বিদ্যাদিগুণসম্পন্ন ব্যক্তির বিরূপ অভক্ষ্য-ভক্ষণে যে, কিছুমাত্রই পাপ হয় না, তাহা নহে, পরস্ত, অলমাত্র হয়, ইহাই বিশেষ। এ বিষয়ে আরও কিছু জানিতে হইলে ব্স্কান্ত গাগহিত স্থুতা।

আটিকী কুল্মাষ প্রাপ্তির পূর্বেই স্থৃভিক্ষা হইয়াছিলেন, অর্থাৎ ভিক্ষায় উত্তম অন্ন লাভ করিয়াছিলেন; তথাপি স্ত্রীজন-স্বভাবানুসারে তাহা অনাদর, না করিয়া, স্বামীর হস্ত হইতে গ্রহণ পূর্বেক স্থাপন করিশেন॥ ৭৯॥ ৫

স হ প্রাতঃ সঞ্জিহান উবাচ —যদ্বতারস্থা লভেমহি, লভে 'মহি ধনমাত্রাভ্য রাজাসোঁ যক্ষ্যতে, স মা সর্বৈরাত্বিজ্য-র্ণীতেতি ॥৮০॥৬

্বিষ্টিঃ) হ (কিল; প্রাতঃ (প্রাতঃকালে) সংজিহানঃ (শ্ব্যাং তাজন্) উবাচ [পত্নীম্ ইতি শেষঃ]; বত (থেদে) বং (যদি) অন্নস্ত [অংশং ভোক্তঃ়ু] লভেমহি, তিন লব্ধবলঃ সন্ ধনমাত্রাং ধনস্ত মংশম্, অল্লং ধনমিত্যর্থঃ) লভেমহি। ফিতঃ অসৌ (অনতিদূরবর্ত্ত্তী) রাজা যক্ষ্যতে (ষজ্ঞং করিব্যতে), সঃ (রাজা) মা (মাং) সর্বৈর্গ আর্থিজাঃ (ঋত্বিক্কর্মভিঃ) ব্ণীত, (সর্ববিধ্বিক্কর্মসম্পাদুনার তত্র মাং নিয়োক্ষ্যতে ইতি ভাবঃ)॥

,তিনি প্রাতঃকালে শ্যা ভ্যাগ করিবার সময় [পত্নীকে লক্ষ্য করিয়া] বলিলেন, যদি কিঞ্চিৎ অর্ন লভে করিতে পারিতাম, [ভাহা হইলে] কিঞ্চিৎ ধন পাইতে পারিতাম; [কারণ], এই নিকটবর্ত্তী রাজা যজ্ঞ করিবেন, তিনি আমাকে সমস্ত ঋত্বিক্-কর্ম্মের জন্ম বরণ করিবেন।

শাঙ্ক রভাষ্যম। স তথাঃ কর্ম জানন্ প্রাতঃ উষঃকালে সঞ্জিহানঃ শ্য়নং
নিজাং বা পরিতাজন্ উবাচ পদ্মাঃ শৃষস্তাঃ—যৎ যদি, বতেতি থিলমানঃ,
অন্নশু স্তোকং লভেমহি, তদ্ ভুক্তায়ং সমর্থো গত্বা লভেমহি ধনমাত্রাং ধনস্থালম্;
ততোহসাকং জীবনং ভবিষ্যতীতি। ধনলাভে চ কারণমাহ—রাজা অসৌ
নাতিদ্রস্থানে যক্ষ্যতে; যজমানস্বাৎ তপ্রাত্মনেপদম্। স চ রাজা মা মাং
পাত্মপলভা সুর্বৈঃ আহিজাঃ ঋবিকর্মভিঃ ঋতিকর্মপ্রয়োজনায়েভার্থঃ,
বুণীতেতি ॥৮০॥৬

ষ্পভিপ্রায় এই যে, এই অমৃতত্ব যদি পুণ্যলোকেরই উৎকৃষ্টাবস্থা হইত, তাহা হইলে কখনই তাহাকে পুণ্যলোক হইতে পৃথক্ করিয়া নির্দ্দেশ 'করিতেন না। [অমৃত্রু ও পুণ্যলোকের] পৃথক্ নির্দ্দেশ হইতেই জানা যায় যে, এই যে অমৃতত্ব, ইহা আত্যন্তিক অমৃতত্ব [আপেদ্দিক অমৃতহ নহে]। প্রণবোশাসনার প্রশংসার্থ এখানে আত্রম-. গত ধর্ম্মকেরে উল্লেখ করা হইয়াছে মাত্র, কিন্তু প্রকৃতপক্ষেই তাহাদের ঐরপ ফলবিধানার্থ নহে; অর্থাৎ এরপ আশ্রমধর্ম্মে এইপ্রকারই ফল 'হইবে, ইহা বিধান করা হইতেছে না; কেন না, একই বাক্যে প্রণব-**েসবার স্তুতি এবং আশ্রমধর্শ্মের ফল-বিধান, এই উভয়ের বিধান** করিলে 'বাক্যভেদ' দোষ উপস্থিত হয়। অতএব, স্মৃতিশান্তে, যে সমস্ত আশ্রম-ফল প্রসিদ্ধ আছে, এখানে তৎসমুদয়েরই অমুবাদ কঁরিয়া 🛰 [অরাত্র প্রসিদ্ধের পুনঃ কথনের নাম 'অমুবাদ'।] প্রণবোপাসনার ফল • যে অমৃতত্বপ্রাপ্তি, ইহা জ্ঞাপন করত প্রণবসেবারই স্তুতি করিতেছেন; খেমন, পূর্ণবর্মার (ঐ নামে কোন এক ব্যক্তির) সেবার ফল—কেবল গ্রাসাচ্ছাদনমাত্র লাভ, আর রাজবর্মার সেবায় যে ফললাভ হয়. তীহা রাজ্য-ফলের তুল্য ; এইরূপ কথা বলা হয়, ইহাও তদ্রূপ #। ত্রন্মের 'প্রতীক' বলিয়া এই প্রণবই সেই সত্যস্বরূপ পরত্রনা।

^{*} তাৎপর্য্য — একই বৃক্ষের যেমন বহুতর ক্ষম থাকে, (বেখান হুইতে প্রধান প্রধান শাখা বিশ্বস্ক হর, তাহার নাম ক্ষম,) তেমনি ধর্মময় বৃক্ষেরও প্রধান ক্ষম তিনটি—(১) ব্রক্ষচর্য্য, (২) গাহ্ম, (৩) বানপ্রস্থ। তক্মধ্যে এখানে গৃহস্থ কর্ত্তব্য বক্ত, অধ্যয়ন ও দান, এই ভিনটিকে প্রথম ক্ষম; বানপ্রস্থের কর্ত্তব্য — ভগজাকে বিভীয় ক্ষম এবং ব্রহ্মচারীর কর্ত্তব্য — ভাচার্য্য কুলে

কঠোপনিষদেও 'এই অক্ষরই (প্রণরই) ব্রহ্মা, এবং এই অক্ষরই পর, অর্থাৎ ব্রহ্মপ্রতাক বলিয়া সর্বশ্রেষ্ঠ', এইরূপ কথা থাকায় প্রণব-সেবায় যে, অমৃতত্ব ফল প্রাপ্তি, তাহা যুক্তিযুক্তই বটে॥

এ বিষয়ে কেহ কেহ বলিয়া থাকেন—এখানে ''সর্বেব এতে পুণালোকা ভবন্তি" এই কথায় জ্ঞানরহিত চতুর্বিধ আশ্রমীর পক্ষেই নিজ নিজ ধর্মানুষ্ঠানে পুণ্যলোক প্রাপ্তিরূপ ফল অভিহিত হইয়াছে; কিন্তু ইহাতে কিছুমাত্র বিশেষ করা হয় নাই। পরিপ্রাজক (সন্ন্যাসী) যে, এখানে অবশিষ্ট (অনুক্ত) রহিয়াছেন, তাহাও নহে ; কেননা, • পরিব্রাজকের অনুষ্ঠেয় জ্ঞান, যম ও নিয়ম, এ সমস্ত ত তপস্থারই অন্তর্গত ; স্কুতরাং 'তপস্থাই দিতীয়' (''তপ এব দিতীয়ঃ''), এস্থলে পরিব্রাজক ও তাপস, উভয়ই গৃহাত হইয়াছে। অতএব, সেই চারি- ° জনের মধ্যেই যিনি প্রণবোপাসনায় ব্রহ্মসংস্থ হন, তিনিই অমৃতত্ব লাভে 'সমর্থ হ্ন, [এইরূপ অর্থই যুক্তিসঙ্গত;] কারণ, চারিশ্রেণীরেই ব্রশ্ন- • নিষ্ঠালাভে অধিকারগত কিছুমাত্র বিশেষ নাই ; এবং তাহাদের ব্রহ্মনিষ্ঠা-প্রাপ্তিতে কোন নিষেধও নাই। বিশেষতঃ স্বস্ব কর্মানুষ্ঠানের অবসরে ব্রহ্ম-নিষ্ঠা লাভে তাহাদের সামর্থ্যও (যোগ্যতাও) রহিয়াছে। তা'ছাড়া যব-বরাহাদি শব্দের স্থায় 'ব্রহ্মসংস্থ' শব্দটি পরিব্রাজ্ঞকে 'রূঢ়'ও নহে, অর্থাই কেবল পরিব্রাজক অর্থেরই বোধক নহে; কেননা, ব্রন্ধে সমাক্-স্থিতিরূপ নিমিত্ত লইয়াই ঐ শক্ষি স্বার্থবোধনে প্রবৃত্ত হয়; কিন্তু, রৈচ্ বাস প্রভৃতিকে তৃত্যায় সন্ধা বলং ক্ট্রাড়ে। উক্ত বিবিধ ধন্ম-সঞ্চ সম্পন্ন গৃহী, বনী ও বন্ধচারী, এই তিনুজন্ই ম্পানিয়মে ধ ধ আএমোচিত কথাকুছানছারা পরিব ধ্যাদি লোক লাভ করিতে পারে; এইজন্ত বয়ং শ্রুতিই তাহাদিগকে "সপে এতে প্ণালোক। তবন্তি" বলিয়া বিশেষিত করিলেন। এখন অবশিষ্ট রহিলেন সন্মার্সা; 'এক্সাংস্থ' শব্দে তাহারও নির্দ্দেশ করিলেন; এবং তাহার ফল বলিলেন 'অমৃত্র' লাভ। এগন সংশয় হইতেছে যে, দেবতাদের অমৃত্র যেরূপ দীর্ঘকাল জুীক ধারণ রাপ অমৃতত্, এক্ষানং স্থের অমৃতত্ত্ত কি ঠিক তদ্রপ ? এই সংশয় নিবারণের জন্ম ভাষাকার বলিলেন যে, না—ইহা আপেক্ষিক (দীর্ঘকাল স্থায়িহরূপ) অমৃতত্ত নহে; পরস্ত ইহা ব্রহ্মভাব-প্রাপ্তিরূপ অমৃতত্ত্ব। ইহার সাধন উলিগিত না হইলেও প্রণবোপাসনাই যে ইহার উপার,ভাঁহাও তিনি নানা প্রমাণে সমর্থন করিয়াছেন। সংস্থাসাঞ্জমী সর্কবিধ বিধি-নিষেধের অতীত, স্তরাং বিটি নিষেধ শাস্ত্রাস্যায়ী ধর্মেরও বহিভুতি, এইজভ সংভাশীর পৃথক্ উল্লেখ করা • হইয়াছে। আর একটি বিশেষ কথা এই যে, রুগা-সংখেব 'অমৃত্র' ফল প্রতিপাদন করাই

শ্রুতির মুখ্য টুদ্দেশ্য ; স্তরাং তাহার প্রশংদা করাও আবিশ্যক, দেই কারণেই প্রথমে।শ্ব-

' मचरक "भूगारमाक" करमत्र উল्লেখনাক করিয়া বস-সংস্থের শ্রেষ্ঠ ফল প্রদর্শন করিয়াছেন।

শব্দ কখনই কোনও নিমিত্ত অর্থার্থ, যোগিকার্থ লইয়া ব্যবহৃত হয় না। আর সকলের পক্ষেই যখন ত্রন্মে সংস্থিতি সম্ভবপর হয়, তখন যাহাতে যাহাতে ব্রহ্ম-সংস্থিতিরূপ ব্যবহারনিমিত্ত আছে, ব্রহ্মসংস্থশব্দ সেই সেই নিমিন্থবান্ লোকেরই বাচক গ্ইবে, অথচ তাহার ঐক্লপ স্বাভাবিক অর্থের সংকোচ বা বাধারও কোন কারণ বিছ্যমান নাই; এমত অবস্থায় কেবল পরিব্রাজকেই ঐ শব্দকে আবদ্ধ রাখা যুক্তিযুক্ত হয় না। আর কেবল যে, পারিব্রাজ্যাশ্রম (সন্ন্যাসাশ্রম) গ্রহণমাত্রেই অমৃতত্ব লাভ .হইবে, তাহাও নহে; কারণ, তাহা হইলে ওত্বজ্ঞানের কিছুমাত্র সার্থকিতা খাকে না। যদি বল, পারিব্রাজ্যাশ্রমযুক্ত জ্ঞানই অমৃতত্ব লাভের এক মাত্র উপায়; না, তাহাও বলিতে পার না; কারণ, অমৃতত্বপ্রাপ্তি সর্বনা ' শ্রমেরই সাধারণ ধর্ম। জ্ঞানসহকৃত ধর্মই যে, অমৃতত্ব সাধন, ইহাও সমস্ত আশ্রমধর্ম্মের পক্ষেই তুল্। আর এরূপ কোন বচনও নাই যে, . একমাত্র ব্রহ্মসংস্থ পরিব্রাজকেরই মোক্ষ হইবে,অপরের হইবে না; কেন না, জ্ঞান হইতে মোক্ষ হয়, ইহাই সমস্ত উপনিয়দের সিদ্ধান্ত। থাতএব, [,বুঝিতে হইবে] স্বস্থ আশ্রমবিহিত ধর্মানুষ্ঠাতৃগণের মধ্যে থৈ লোকই 'ব্রহ্মসংস্থ' হইবে, সেই লোকই অমৃতত্ব লাভ করিবে (কেবল সন্ন্যাসিমাত্র নহে)॥ ৩

না—এরপ দিদ্ধান্ত হইতে পারে না; কারণ, কর্মপ্রবৃত্তির নিমিত্ত,
আর যে বিহ্যার স্বরূপ-প্রভায় (জ্ঞান), ইহারা পরস্পর বিরুদ্ধ। দেখ,
কর্ত্তা প্রভৃতি কারক, অনুষ্ঠেয় ক্রিয়া ও তৎফল, এই ত্রিবিধ বিষয়গত
ভেদবৃদ্ধিরূপ নিমিত্তকে লইয়াই 'ইহা কর, ইহা করিও না' ইত্যাদি কর্ম্মবিধিসমূহ প্রবৃত্ত হইয়া থাকে, (কিন্তু উক্ত ভেদবৃদ্ধির অভাবে নহে)।
সর্বত্র, এইরূপই দেখিতে পাওয়া যায়। সেই (ভেদবৃদ্ধিরূপ) নিমিত্তটি
যখন সর্বপ্রাণীতেই দৃষ্ট হয়, তখন উহা যে, কেবলই শাস্তুজনিত, অর্থাৎ
শাস্ত্রোপদেশলকা, তারা নহে; আর 'সৎ (নিত্য ব্রহ্মা) নিশ্চমই এক
ও অদ্বিতীয়', 'আত্মাই এই সমস্ত জগৎ' ব্রহ্মাই এই সমস্ত স্বরূপ্তর
শাস্ত্রজনিত যে বিভার স্বরূপপ্রত্যায় (জ্ঞান), তাহা কন্ম প্রবৃত্তির

নিমিত্ত ভূত ক্রিয়া, কারক ও ফলগত সভাবসিক ভেদবুদ্ধি নিবারণ না করিয়া কখনই উৎপন্ন হইতে পারে না; কেননা, একই বিষয়ে ভেদাভেদপ্রতায় স্বভাবতই বিরুদ্ধ। দেখ, তিমিররোগগ্রস্ত ব্যক্তি যে, [রোগের দোষে] একই চন্দ্রে দ্বিহাদি ভেদ দর্শন করিয়া থাকে; সেই তিমির-রোগরূপ নিমিত্ত বিদূরিত না হইলে, কখনই তাহার সেই চক্রাদি বিষয়ে একত্ব-বুদ্ধি উৎপন্ন হইতে পারে না। একই বিষয়ে বিছাও অবিছাপ্রতায় অর্থাৎ জ্ঞান ও অজ্ঞান পরস্পর বিরুদ্ধ। কারণভাব সম্বন্ধে ইহাই যখন নিয়ম, তখন কুর্ম্মকাণ্ডীয় বিধিসমূহ • ভেদজ্ঞানরূপ যে নিমিত্ত অবলম্বন করিয়া প্রবৃত্ত হইয়াছে, 'সৎ… এক ও অদিতীয়', 'তিনিই সত্য', 'সমস্ত কার্য্যবর্গই তৎস্বরূপ' ইত্যাদি প্রামাণিক বাক্যজনিত একৰ জ্ঞান দারা যাহার সেই ভেদবুদ্ধি বিমর্দিত হইয়া গিয়াছে; সেইলোক নিশ্চয়ই সর্বপ্রকার কর্ম্ম হইতে নিবৃত্ত হুইরা পড়েন; কারণ, প্রবৃত্তির নিমিত্তীভূত (ভেদবুদ্ধি) তখন . নিবৃত্ত হইয়া গিয়াছে। কৰ্ম্ম হইতে নিবৃত্ত সেই পুরুষই 'ব্রহ্মসংস্থ' বলিয়া কথিত হন; তিনি ত (কর্মা হইতে নিবৃত্ত পুরুষ ত) পুরিব্রাজকই বটে ; কারণ, অন্যের ^{প্}ক্ষে তাহা অসম্ভব। কেন না, অস্তলোক -যাহার° ভেদবুদ্ধি নিবৃত্ত হয় নাই, সে লোক অপর পদার্থ দর্শন, শ্রাবণ ও মনন করে এবং বিশেষরূপে অবগত হইয়া 'আমি ইহা করিয়া অমুক ফল প্রাপ্ত হইব' এইরূপই ানে করিয়া থাকে। এবংবিধ কর্ম্মকর্ত্তা সৈই 📽 লোকের ত ব্রহ্মসংস্থতা কখনই সম্ভব হয় না ; কারণ, 'বিকার বা কার্য্য- • মাত্রই বাচারম্ভ (শব্দস্পষ্টিমাত্র) মিথ্যাভূত', এইরূপ স্মৃতিপ্রত্যয়ই তাঁহার বিভ্যমান থাকে। বিবেকী পুরুষের যেমন আকাশে তল-মলিনতা বুদ্ধি জন্মে না, তেমনি 'অসত্য'-জ্ঞানে একবার ভেদপ্রতীতি বিনাশিত হইয়া গেলে তাহার আর কখনও ইহা সত্য, ইহা দারা আমাকে ইহা করিতে হইবে', এইরুপ প্রমাণ-প্রমেয়বিষয়কু ভেদ-বুদ্ধি উপপন্ন र्य ना॥ 8

यि वन्, जिपवृष्ति विमर्षिष्ठ श्रेटिन्छ लीक कर्म्ममृश् श्रेष

্বিরত হয় না। [ভাল; একত্ব জ্ঞানোদয়ের পরও] যদি পূর্বের স্থায় ভেদবৃদ্ধি অনুপ্দৰ্দিতই থাকে, তাহা হইলে একত্ববিধায়ক ["তৎ ত্বম্ অসি" ইত্যাদি] বাক্য অপ্রমাণীকৃত হইতে পারে; অথচ অভক্ষ্য-ভক্ষ-ণাদ্রির প্রতিষেধক বাক্যসমূহের প্রামাণ্যের স্থায় একত্ববিষয়ক বাক্যেরও প্রামাণ্য হওয়া যুক্তিযুক্ত; কারণ, সমস্ত উপনিষৎ শান্তেরই * ঐ অংশে তাৎপর্যা। যদি বল, [জ্ঞানীর পক্ষে কর্ম্মবিধি অপ্রযোজ্য হইলে] কর্ম্মবিধায়ক শাস্ত্রসমূহের অপ্রামাণ্য হইতে পারে ? না---, তাহা হইতে পারে না ; কারণ, যে পুরুষের ভেদবুদ্ধি বিমর্দ্দিত হয় নাই, সেই পুরুষের সম্বন্ধেই সে সমুদয়ের প্রামাণ্য উপপন্ন হইতে পারে। প্রবোধ বা জাগরণ না হওয়া পর্যান্ত যেরূপ স্বপাদি জ্ঞানের সত্যতা, ইহাও তদ্রপ। যদি বল, বিবেকী পুরুষেরা অনুষ্ঠান না করায় কর্মবিথির প্রামাণ্য বিলুপ্ত হইতে পারে ? না—তাহাও হইতে পারে , না; কারণ, কাম্যবিধির ত অনুচ্ছেদ বা অনুষ্ঠান দৃষ্ট হয়। অভিপ্রায় এই যে, যাহার৷ 'সকাম ভাব প্রশস্ত নছে,' এই মনুবচনোক্ত কাম্য-'কর্ম্মের নিন্দা অবগত আছেন, তাহারা কাম্যকর্মের অনুষ্ঠান করেন পা; কিন্তু তা' বলিয়া ত কাম্যকর্মের বিধানসমূহ বিলুপ্ত হইয়া যাইতেছে না: কামিপুরুষেরা ত (যাহাদের ফল-কামনা আছে, তাহারা) সেই সমস্ত কর্ম্মের অনুষ্ঠানই করিয়া থাকে; তদ্রপ ব্রহ্মসংস্থ বিদ্বানেরা ►কর্মের অনুষ্ঠান করেন ন। বলিয়া কর্ম্মবিধিসমূহও বিলুপ্ত হয় না; ়কারণ, ব্রহ্মজ্ঞানবিহান লোকেরাই ভাহার অনুষ্ঠান করিয়া থাকে। ৫ • যদি বল, [সর্বকর্ম্মনিবৃত্ত] পরিব্রাজকগণের যেরূপ ভিক্ষা-চর্য্যা প্রভৃতি কার্য্যে প্রবৃত্তি হইয়া থাকে, তদ্রপ যে সমস্ত গৃহস্থের ব্রহ্মাজাকস্কজান সমূৎপন্ন হইয়াছে, তাহাদের

^{• *} তাৎপর্য্য—কর্মনীমাংসকগণ বলেন যে, যে সমস্ত বাক্য কোনপ্রকার কর্মানুষ্ঠানের বিধায়ক নহে; কি লৌকিক, কি বৈনিক,তাদৃশ সমস্ত বাক্যই অপ্রমাণ। একত বোধক বাক্যও যথন কোন ক্রিয়াবোধক নহে; তথন অপ্রমাণ। অপ্রমাণ বাক্য দারা প্রমাণসম্ভ কর্মবিধির বাধা হইতে পারে নাশ এই আপত্তি খণ্ডনার্থ—ভাষ্যকার বলিলেন যে, অভক্ষ্য ভক্ষণের নিষেধক বাক্যেও ত কোন ক্রিয়ার বিধান নাই, অথচ তুমিও তাহার প্রামাণ্য স্বীকার করিয়া থাক, স্বভারাং ভদমুসারে ক্রিয়াবোধক না হইলেও একত্ব বাক্যের প্রামাণ্য স্বীকার করিতে হইবে।

অগ্নিহোত্রাদি কর্মসমূহেরও নির্ত্তি হইবে.না.; না-প্রামাণ্যচিন্তাস্থলে অর্থাৎ বাক্যের প্রামাণ্যসম্বন্ধে বিচারস্থলে ব্যক্তিবিশেষের প্রবৃত্তি কখনই দৃষ্টান্ত হইতে পারে না ; কেননা, 'অভিচার করিবে না' [শক্র-মারণার্থ ক্রিয়াকে 'অভিচার' বলে ।] এই বাক্যে অভিচার কার্য্য প্লতি-ষিদ্ধ হইলেও ব্যক্তিবিশেষকে তাহা করিতে দেখা গিয়াছে, এইজন্ম কি শক্রতে বিদেষরহিত বিবেকী পুরুষও আর অভিচার করেন ? বিশে-ষতঃ কর্মানুষ্ঠানে প্রবৃত্তির কারণ হইতেছে ভেদবুদ্ধি; সেই ভেদবুদ্ধি বাধিত হ'ইলেও যেমন পরিব্রাজকের ভিক্ষাচুরণাদি-কার্য্যে প্রবৃত্তির প্রযোজকীভূত বুভুক্ষা (ভোজনেচ্ছা) থাকিয়া যায়, তেমনি অগ্নিহোত্রাদি কার্য্যে প্রবৃত্তিজনক যে কোনও প্রকার নিসিত্ত আছে, তাহাওনহে। যদি বল, এখানেও (গৃহত্বের প্রবৃত্তিতেও) অকরণে পাপোৎপত্তিভঁয়ই • প্রবর্ত্ত রহিয়াছে; না— যেহেতু ভেদজ্ঞান-সম্পন্ন পুরুষেরাই কর্মাতু-ষ্ঠানে অধিকারী, (ভেদজানরহিত পুরুষ নহে)। একথাও আমরা বলিয়াছি যে, বিভা দারা বাহার ভেদজান বিমদ্দিত হয় নাই, ভেদজান-সম্পন্ন সেই পুরুষই কর্মোতে অধিকৃত; যে লোক কর্মানুষ্ঠানে অধিকৃত, কর্ম্মের অকরণে তাহারই প্রতাবায় জন্মিবে,কিন্তু যাহার অধিকার নিবৃত্ত হইয়া গিয়াছে, তাহার নহে। যেমন ব্রহ্মচারীর কর্ত্তব্য বিশেষ বিশেষ কার্য্যগুলি অনুষ্ঠান না করায় গৃহস্থের কোন প্রত্যবায় হয় না, ইহাও তক্রপ। ভাল, এইরূপই যদি হয়, তাহা হইলে এক বজ্ঞান উৎ**পন্ন**ুহইক্তে স্ব স্ব আশ্রমস্থিত সকলেই 'পরিব্রাজক' সংজ্ঞায় অভিহিত হইতে,পারে ? না—তাহা হইতে পারে না ; কারণ, তাহাদের স্বসামিভাব অর্থাৎ 'আমি, আমার' বুদ্ধি নিত্তত হয় না; বিশেষতঃ কর্মানুষ্ঠানই অপর অপর আশ্রমগুলির একুমাত্র উদ্দেশ্য। যেহেতু শ্রুতি বলিতেছেন্—'অক্সুর কর্ম করিবে'। অতএব, সর্ববপ্রকার স্বস্থামিভাব নির্ত্ত হওয়ায় এক-মাত্র ভিক্ষুকই 'পরিব্রাজকু' সংজ্ঞায় অভিহিত হুইবার যোগ্য, গৃহস্থ প্রভৃতিরা [°]নহে।

যদি, বল, একস্বজ্ঞান-প্রতিপাদক শাস্ত্র-জনিত একস্বজ্ঞান দারা---

বৃধন বিধির নিমিত্তীভূত . ভেদবৃদ্ধি বিমর্দিত হইয়া যায়, তখন প্রিব্রাজকের আর যম-নিয়মাদির # আচরণে প্রবৃত্তি ইইতে পারে না ? না—এ আপত্তিও ইইতে পারে না ; কারণ,বুভুক্ষা (ভোজনেচছা—ক্ষুধা) প্রভৃতি কারণে তাহাদের এক বজ্ঞান ইইতেও প্রচৃতি হওয়া সম্ভবপর হয়, তদবস্থায় তাহাদের পক্ষেও [অনুচিত কর্ম্ম ইইতে] নির্বত্তির জন্ম যম-নিয়মাদির প্রতিপালন করা উপপন্ন ইইতে পারে; কিন্তু তা' বলিয়া তাহাদের পক্ষে নিষিদ্ধ কর্ম্মের অনুষ্ঠানও ণ সম্ভব ইইতে পারে না; কারণ, এক বজ্ঞানোদয়ের পূর্বেই সেগুলি নির্ত্ত ইয়া গিয়াছে। কোন লোক রাত্রিকালে কূপে কিংবা কণ্টকে পতিত ইয়াছে, বলিয়া সূর্য্যোদয়ের পরও তাহাতেই পতিত হয় কি ? অতএব, কর্মানুষ্ঠান ইইতে বিরত একমাত্র ভিক্ষুকই (সয়্লাসীই) যে, 'পরিব্রাট্' সংজ্ঞার ক্ষোয়, (গৃহস্থ প্রভৃতিরা নহে), ইহা সিদ্ধ ইইল।

আর যে জ্ঞানবর্জিত সকলের সম্বন্ধেই পুণ।লোক প্রাপ্তিরূপ ফলবিহিত বলা হইয়াছে; একথাও সত্য, কিন্তু 'ওপঃ' শব্দে যে পরিপ্রাজকও
উক্ত হইতেছে, বলা হইয়াছে; একথা সত্য নহে; কারণ ? যেহেতু
ভেদবৃদ্ধিবিবর্জিত একমাত্র পরিপ্রাজকের পক্ষেই প্রন্ধানংস্থভাব সম্ভব
হইয়াছে, এবং একমাত্র পরিপ্রাজকই এখানে অবশিষ্ট বা অনুক্ত রহিয়াছে; [অতএব, এখানেই তাহার গ্রহণ, কিন্তু তপঃশব্দে নহে],
হহাও আমরা পূর্বেই বলিয়াছি। বিশেষতঃ একত্ববিজ্ঞানসম্পন্ন ব্যক্তির

[•] তাৎপর্য—"অহিংসাসত্যান্তের-ব্রহ্মচর্যাপরিগ্রহা যমা: ।" (পাতঞ্জলস্ত্র ২।৩•)
"শোচ-সন্তোব-তপঃ স্বাধ্যারেশ্বর-প্রণিধানানি নিয়মা:।" (পাতঞ্জলস্ত্র ২।৩২)।

মর্দ্মার্থ এই—প্রাণিহিংসা না করা। সত্য ব্যবহার করা। চুরি না করা। ব্রহ্মচর্য্য— ইন্দ্রিয়সংযম করা। পরের প্রদত্ত দ্রব্য গ্রহণ না করা। এই পাঁচটির নাম 'যম'। আর বাহ্ন ও আফুর পবিত্রতা, ভাগ্যলন বস্তুতে সম্ভন্ত থাকা, তপস্যা, বেদাদি শাস্ত্র পাঠ, ঈশ্বর ধ্যান অথবা সমৃত্ত কর্ম্মকল ঈশ্বরে সমর্পণ করা, এই পাঁচটির নাম 'নিয়ম'।

[†] একজ্ঞান উৎপন্ন হইলে সেই জানীর অসহ তি সম্দান পূর্ব সংস্থারবশে আপনা হইতেই নিবৃত্ত হইনা ধান, নিবৃত্তির জন্ত আর প্রয়াস পাইতে হয় না। মোক্ষণান্ত্রের উপদেশও এইরপ—"উৎপনান্ত্রাব্যোধসা, ফ্ষেষ্ট্ থাদরো গুণাঃ। অবহুতো ভবস্তাসা নতু সাধন্ত্রপিণঃ। (বেদান্তসার)। অর্থাৎ 'আপ্প্রজান উৎপন্ন হইলে অন্বেগদি গুণসমূহ বিনা হত্নেই সম্পন্ন হইনা থাকে, কিন্তু ঐ গুণ সমৃদ্য তখন আর তাহার কোন ফলসাধক হয় না, কারণ, তখন তাহার আর কিছুই প্রাপ্তব্য নাই, সমন্তই প্রাপ্ত হইনা গিয়াছে।

অগ্নিহোত্রাদি ক্রিয়ার স্থায় তপস্থাও নির্দ্ত হইয়া যায়; কেননা, ভেদবৃদ্ধিসম্পন্ন ব্যক্তির পক্ষেই তপস্যা কর্ত্তব্য হইয়া থাকে। ইহা দারাই কর্মাবসরে ব্রহ্মসংস্থতার সামর্থ্য এবং প্রতিষেধাভাব-শৃক্ষাও প্রত্যাখ্যাত হইল। আর, কর্মাবিরত জ্ঞানবান্ই যখন পরিব্রাজক হইবেন, তখন জ্ঞানের আনর্থক্য-শক্ষাও প্রত্যাখ্যাত হইল।

পুনশ্চ যে বলা হইয়াছে,—'যব' 'বরাহ' প্রভৃতি শব্দের ,তায় 'ব্রহ্মসংস্থ' শব্দটি পরিব্রাজকে রূঢ় নহে। একমাত্র পরিব্রাজকের পক্ষেই ব্রহ্মসংস্থতা সম্ভব হয়, অপরের পক্ষে নহে; এই পূর্বেবাক্ত ' যুক্তিতে সেই আপত্তিরও পরিহার করা হইয়াছে। আরও যে, বলা হইগাছে, রূঢ় শব্দের প্রয়োগে কোন নিমিত্তের অপেকা থাকে না ; তাহাও সত্য নহে ; কারণ, গৃহস্থ, তক্ষা ও পরিব্রাজক প্রভৃতি ' শব্দই ঐরূপ দেখা যায় *। দেখা যায়, ঐ শব্দগুলি গৃহেঁ স্থিতি, পারি**ব্রা**জ্য ও তক্ষণাদি নিমিত্তের অধীন হইলেও গৃহস্থ ও গরিব্রা**জ**ক · শব্দ দুইটি আশ্রমি-বিশেষে এবং তক্ষ শব্দটি জাতিবিশেষে রুঢ় অর্থাৎ প্রাসিদ্ধ ; কিন্তু যে যে স্থানে পূর্বের্বাক্ত নিমিত্ত আছে, সেই সেই স্থানেই প্রযুক্ত হয় না; কারণ, সেই সকল অর্থে উহাদের প্রসিদ্ধি নাই। সেইরূপ এখানে 'ব্রহ্মসংস্থ' শব্দও সর্ববাশ্রমাতীত এবং সর্বববিধ কর্ম্ম ও তৎসাধন হইতে বিরত পরমহংসনামক পরি-ব্রাজক অর্থে প্রযুক্ত হইতে পারে; কারণ, এখানে মুখ্য অমৃত্ররূপ (মোক্ষরপ) ফলের শ্রুতি আছে। অতএব ইহাই একমাত্র বেদোক্ত• পারিবাজ্য, কিন্তু, যজেপবীত, ত্রিদণ্ড ও কমণ্ডলু প্রভৃতি গ্রহণ করা নহে। এ বিষয়ে মুণ্ডিতশিরাঃ কর্মা ও তৎসাধন পরিত্যাগী এবং অসঞ্চ (অনাসক্ত)' এই বাক্যও একটি প্রমাণ। শ্বেতাশ্বরোপনিষ্দেও

^{*} তাৎপর্যা—গৃহে তিষ্ঠতি ইতি গৃহন্ত:,—যে লোক গৃহাত্রমে থাকে, তাহাকেই 'গৃহন্ত' বলা হয়, ভেবল গৃহে থাকিলেই বলা হয় না।' তক্ষা—'তক্ষ' শতুর ঝুর্থ কাষ্টাদিকে তক্ষণ করা, অর্থাৎ অস্ত্রাদির সাহায্যে ক্ষাণকরা, স্ত্রধর সেই তক্ষণ করে বলিয়াই 'তক্ষা' নামে অভিহিত হয়। পরিপূর্বক 'ব্রজ' ধাতুর অর্থ—ইতস্ততঃ ভ্রমণ, 'সয়াসী এরপে ভ্রমণ করেন বলিয়াই 'পরিব্রাজক' নামে অভিহিত হন॥ •

— 'অত্যাশ্রমী (আশ্রমাতীত) নিলাকসমূহের জন্য সেই পরম পবিত্র স্থান' ইত্যাদি শ্রুতি রহিয়াছে, এবং '(সয়্নাসী) স্তুতি ও নমস্কাররহিত', ইত্যাদি স্মৃতি হইতেও, আর 'সেইহেতুই পারদর্শী (তব্দশী) যতিগণ কর্মা করেন না'; 'সেইহেতু ধর্মারহস্যজ্ঞ পুরুষ অলিঙ্গ ও অব্যক্তলিঙ্গ অর্থাৎ সর্ববপ্রকার আশ্রমচিহ্ন ত্যাগ, করেন, এবং যাহা কিছু রাখেন, তাহাও সম্পূর্ণরূপে অপরের অপরিজ্ঞাতভাবে, কিংবা গর্ববশূলভাবে,' ইত্যাদি স্মৃতিবাক্য হইতেও জানা যায়ন

আর সাংখ্যবাদীরা যে, কর্ম্মপরিত্যাগ স্বীকার করেন, তাহাও সঙ্গৃত হয় না; কারণ, [তাঁহাদের মতে] ক্রিয়া, কারক ও ফল-বিষয়ক যে ভেদজ্ঞান, তাহা সত্য বলিয়া স্বীয়ত হয়, [স্ক্রয়াংকেবলই জ্ঞানের সাহায্যে সত্যবস্তুর পরিত্যাগ হইতে পারে না।] বাকেরা যে, শৃত্যবাদ অঙ্গাকারপূর্বক আত্মার অকর্তৃত্ব স্বীকার করিয়া থাকেন, তাহাও ভাল কথা নহে; কারণ, শৃত্যবাদ-স্বীকার-কর্ত্রাই প্রান্তির (সত্যতা) স্বায়ত হয়। আর অজ্ঞ লোকেরা যে, আলস্তের বশবর্ত্তী হইয়া আত্মার অকর্তৃত্ব স্বীকার করিয়া থাকে, তাহাও সমীচীন নহে; কারণ, কর্তৃত্বাদি কারকবৃদ্ধি ত কোনও প্রমাণ দারা বাধিত হয় নাই; [স্ক্তরাং তাহাদের মতে আত্মার অকর্তৃত্বাভ্যুপগম সিদ্ধ হইতে পারে না।] অত্যব স্বতঃপ্রমাণ বেদান্ত-বায়্য হইতে যাহার একস্বজ্ঞান সমুৎপন্ন হইয়াছে, তাহারই কর্ম্মনির্ত্তিরূপ পারিব্রাজ্য (সন্ধ্যাস)ও ব্রক্ষসংস্থতা হইতে পারে, ইহা সিদ্ধ হইল। একস্বজ্ঞান সমুৎপন্ন হইলে গৃহস্থেরও যে পারিব্রাজ্য হইতে পারে, ইহা সিদ্ধ হইল। একস্বজ্ঞান সমুৎপন্ন হইলে গৃহস্থেরও যে পারিব্রাজ্য হইতে পারে, ইহা সিদ্ধ হইল। একস্বজ্ঞান সমুৎপন্ন হইলে গৃহস্থেরও যে পারিব্রাজ্য হইতে পারে, ইহা

এখন আপত্তি হইতেছে যে, পরিব্রজ্যাকারী ব্যক্তি ত অগ্নি-পরিত্যাগজনিত দোমে প্রত্যবায়ী হইতে পারে ? কেননা, শ্রুতি বলিতেছেন—'যে লোক (অগ্নিহোত্রী পুরুষ) অগ্নি পরিত্যাগ করে, . সে দেবগণের বীর্যবাতী হয়।' না—এ আপত্তিও হইতে,পারে না; কারণ, দৈবকর্ত্বই তাহা উৎসাদিত হইয়াছে; একর সাক্ষাৎকার হওয়ার পর সেই অগ্নি ত উৎসন্নই হইয়াছে; কারণ, শ্রুতি বলিতেছেন —[তখন] 'অগ্নিরও অগ্নির অপগত হইয়া যায়'। অতএব, গৃহস্থ পরি-ব্রাক্তক হইয়া কখনই দোষভাগী (পাপী) হইতে পারে না॥ ১৬৬॥১

যংসংস্থোহমৃতমেতি, তরিরূপণার্থনাচ---

প্রজাপতির্লোকানভ্যতপং, তেভ্যোহভিতপ্তেভ্যস্ত্রয়ী বিচ্চা সম্প্রাক্ত্রবং, তামভ্যতপং, তস্মা অভিতপ্তায়া এতান্সক্ষরীশি সম্প্রাক্রবন্ত —ভূভুবিঃ স্বরিতি ॥ ১৬৭ ॥ ২,॥

[যশিন্ সংস্থিতোহমৃতবং প্রাপ্নোতি, তনিরূপণায় উপক্রমতে প্রজাপতিঃ' ইতাদি।—প্রজাপতিঃ (বিরাট্পুরুষঃ) লোকান্ (স্বর্গাদিলক্ষণান্ উদিশ্রু) অভ্যতপৎ (তদ্বিয়কং সমাক্ তপঃ কৃতবান্)। অভিতপ্তেভাঃ তেভাঃ (লোকেভাঃ) [সারভূতা] ত্র্যীবিছা (বেদবিছা) সংপ্রাম্রবৎ (নির্মতাঃ, প্রজ্ঞানতঃ মনসি প্রতিভাতা অভূদিতার্থঃ); তাং (ত্র্যীবিছাং) অভ্যতপৎ প্রজাপতিঃ]; অভিতপ্তায়াঃ তন্তাঃ (বিছায়াঃ) এতানি (বক্ষ্যমাণানি) ভূঃ ভূবঃ স্বঃ ইতি (এবংলক্ষণানি) অক্ষরাণি (বর্ণাঃ বাসত্রঃ) সংপ্রাম্রবন্ধ (নিঃস্তাঃ বভূব্রিত্যর্থঃ)॥

বিরাট্ পুরুষ ত্রিলোককে উদ্দেশ করিয়। তপস্থা (ধ্যান) করিয়াছিলেন;
পরিছিন্তিত সেই লোকত্রর হইতে সারভূতা বেদবিপ্তা বহির্গত হইল, অর্থাৎ
প্রজাপতি-সদয়ে বেদবিপ্তা প্রকাশ পাইল। তিনি পুনশ্চ সেই ত্রয়ীবিষ্ঠার ধ্যান
করিলেন, অনুধ্যাত সেই বিস্তা হইতে এই অক্ষরগুলি প্রাত্ত্তি হইল ডি;
ভ্বঃ ও বঃ: , [এই তিনটির নাম বাাস্কৃতি]॥

শাক্ষর-ভাষ্যম। প্রজাপতির্বিরাট্ কশুপো বা লোকাহদিশু ভেষ্
সারজিয়করা অভ্যতপং অভিতাপং কৃতবান্—ধ্যানং তপং কৃতবানিতার্থ:।
তেভ্যোহভিতপ্তেভ্যঃ সারভ্তা ত্রয়ী বিখা সম্প্রাপ্রবং প্রজাপতের্মনসি প্রত্যজ্ঞাদিতার্থ:। তামভ্যতপং— পূর্ববং। তস্তা অভিতপ্তায়া এতান্তক্ষরাণি সম্প্রীশ্রবন্ধ
ভূত্বং স্বরিতি বাধহতয়ঃ॥ ১৬৭॥ ২

আনন্দেশিরিঃ। কিং তদ্ ব্রন্ধেত্যাকাজায়াসাই – হংকংস্থ ইতি। লোকানভিতো
দক্ষতয়াইভিতাপপ্রতিভাসং ব্যবচ্ছিনতি— প্রানমিতি। দ্রব্যাত্মতাভাবে কথং প্রস্তবনং ত্রয়াঃ
ভাদিত্যাশকাহ—প্রজ্যাপতেরিতি। পুর্ব্ববিদিতি। ত্রমীবিদ্যাসারজিম্বন্ধরালোভিবানিতার্থঃ। ১৬৭া২

ভাষ্যান্ত্বাদ। লোক যাহাতে নিষ্ঠাপ্রাপ্ত ইইয়া অমৃতত্ব লাভ করে, তাহার নিরূপণের জন্ম বলিতেছেন—প্রজাপতি- অর্থ—বিরাট্পুরুষ অথবা কশ্মপ মুনি [কারণ, তিনিও প্রজাপতি নামে অভিহিত হন।] তিনি লোকসমূহকে উদ্দেশ করিয়া অর্থাৎ তাহাদের সার গ্রহণের ইচ্ছায় অভিতাপ করিয়াছিলেন, অর্থাৎ তদ্বিষয়ে ধ্যানরূপ তপস্থা করিয়াছিলেন। অভিতপ্ত সেই লোকত্রয় হইতে সারভূতা ত্রয়ীবিছা নিঃস্ত হইল, অর্থাৎ প্রজাপতির মনোমধ্যে প্রতিভাত হইল; পূর্বের মুনায় তাহারও ধ্যান করিলেন; অভিতপ্ত (চিন্তিত) তাহা (ত্রয়ীবিছা) হইতে এই অক্ষরসমূহ—ভূঃ, ভুবঃ, ও স্বঃ, এই ব্যাহ্নতি কয়্টি প্রকাশ পাইল॥ ১৬৭॥ ২

তাম্যভ্যতপৎ, তেভ্যোহভিতপ্তেভ্য ওঙ্কারঃ সম্প্রাব্রবৎ ; তাঁদ্যথা শঙ্কুনা সর্বাণি পর্ণানি সংভূগ্গাম্যেবমোক্ষারেণ সর্বা বাক্ প্রাক্তি গাঁর এবেদত্ত্ সর্বমোক্ষার এবেদত্ত্সর্বাম্ ॥ ১৬৮॥৩ ইতি দ্বিতীয়াধ্যায়স্য ত্রয়োবিংশঃ খণ্ডঃ ॥ ২৩ ॥

, তানি অন্ধরাণি (ভূং, ভূবং, স্বঃ) অভ্যতপং [প্রজাপতিঃ]; অভি-তথ্যেতাঃ (তভাঃ (অন্ধরেভাঃ) ওয়ারঃ (প্রণবঃ) সংপ্রান্তবং (নির্গতঃ বভূব)। তদ্বথা (দৃষ্টান্তঃ) - শঙ্কুনা (পত্রনালেন) সর্বাণি পর্ণানি (পত্রাণি) সংভূমানি (ব্যাপ্রানি সম্ভি), এবম্ (উক্তামুর্বপম্) ওয়ারেণ সর্বা বাক্ (শব্দঃ) সংভূমা, ওয়ারঃ এব (নিশ্চয়ে) ইদং (দৃখ্যমানং) সর্বাং (বস্তুজাতং, জগদিতার্থঃ)। [দ্বিকক্তিঃ স্কৃত্যর্থা]।

প্রজাপতি আবার সেই সক্ষরতায়কে অভিধ্যান করিলেন; অভিধ্যাত সেই অক্ষরসমূহ হইতে ওকার প্রাহভূতি হইল। পত্রনাল দ্বারা বেমন সমস্ত পত্র ব্যাপ্ত থাকে, তেমনি ওকার দ্বারাও সমস্ত বাক্য ব্যাপ্ত রহিয়াছে; ওকারই এই স্ক্রিজ্গং। আদ্বাতিশয় প্রদর্শনার্থ বিক্তিক করা হইয়াছে॥

विञीताधारत जात्राविः । थए वत्र वाधा।

শ। স্কর-ভাষ্যম্। তানি অক্ষরাণি অভ্যতপৎ, তেভ্যোহভিতপ্তেভা: সারভূত ওয়ার: সম্প্রাক্তবং, তদ্বক্ষ। কীদৃশম্ ? ইত্যাহ—তদ্বধা শঙ্কা পর্ণনালেন স্কাণি পর্ণানি প্রাব্যবজাতানি সংভূগান্তি নিবিদ্ধানি ব্যাপ্তানীতার্থ:। এবম্ ওন্ধারেণ ব্রহ্মণা পর্মাত্মনঃ প্রতীকভূত্নে স্বাধা বাক্ শক্ষাতং সংভ্রা, • "অকারো বৈ স্বাধা বাক্" ইত্যাদিশ্রতে:। পর্মাত্মবিকার চ নামধ্যমাত্রম্ব ইত্যত ওন্ধারঃ এবেদং স্বামিতি। দ্বিভ্যাস আদরার্থ:। লোকাদিনিপাদন-কথনম্ ওন্ধারপ্ততার্থমিতি॥ ১৬৮॥ ৩

ইতি দিতীয়াধ্যায়স্ত ত্রেবোবিংশথ গু-ভাষ্যম্॥ ২০

আনক্সিরিঃ। কথং তশু ব্রহ্মশনবাচ্য্যমিত্যাশন্ধ্য মহন্তর্থাদিত্যাহ—কীদুশমিত্যাদিন্ধা। তত্র ব্রহ্মশনপ্রপৃত্তি হেওপ্তরং স্চয়তি—প্রমাত্যান ইতি। ওপার্বন্ধবন্ধানারস্থাপি দর্মবাগ্রাপ্তিরন্তি, কিমু বক্তব্যমোলারস্থেতি মধান: শ্রুত্যস্তরমুদাণরতি—
ভারতার ইতি। ওমিতীদং দর্মমিত্যাদিবাক্যমাদিপদার্থঃ। ওকারব্যাপ্তবেহপি বাগ্ভারত্য ন তশু দর্মাক্সমাদাদিপরমান্ত্রবিকারস্থ পৃথবেব বিদ্যমানহাদিত্যাশঃগাহ—প্রমাত্যেতি। দকলমপি জগৎ পর্মান্ত্রবিকারহাৎ তদতিরেকেণ নাস্তি। দ চ প্রকৃতাদোকারাৎ নাতিরিচাতে। "এতদ্বৈ সত্যকাম পরং চাপরং চ ব্রহ্ম, যদোক্ষারং" ইতি শ্রুতঃ।
তন্মাদ্ ক্রমোক্ষারস্ত দর্মান্তর্যাহি। ওকারং দর্মান্ত্রকং ব্রহ্মরূপমুপাদীতেতি বিধিসমাপ্তার্থমিতি-শন্ধঃ। কিমিত্যোক্ষারস্ত লোকাদিদ্যারা নিম্পত্তিরচাতে ও ত্রাহ—লোক্রাদ্যীতি।
শ্রতিকোপান্ত্র্যান বং স্কুন্তে তদ্বিধীয়ত ইতি ছিতেঃ। তথা চ সিদ্ধমোক্ষারোপাস্কমমৃতত্বফলমিতি বক্ত্মিতিশন্ধঃ॥ ১৬৮॥ ১

ইতি দ্বিতীরাধ্যায়স্ত ত্রােবিংশঃ খণ্ড:॥

ভাষ্যানুবাদ। প্রজাপতি সেই অক্ষরসমূহকে অক্ষ্য করিয়া ধ্যান করিলেন; অভিধাত সেই অক্ষরসমূহ হইতে ওক্ষাক্র নিঃসত হইল, [ওঁকারই ব্রহ্ম]। সেই ব্রহ্ম কি প্রকার, তাহা বলিতেছেন—শঙ্কু অর্থাৎ পত্রনাল দারা যেমন সমস্ত পত্র অর্থাৎ পত্রাবয়ব নিবদ্ধ—ব্যাপ্ত থাকে, এইরূপ পরমাত্মার প্রতীকস্বরূপ ওক্ষাররূপী ব্রহ্ম দারাও সমস্ত বাক্ অর্থাৎ শক্ষরাশি য়ংতৃয় অর্থাৎ পরিব্যাপ্ত; যেহেতু 'অকারই সমস্ত বাক্সরূপ' ইত্যাদি শ্রুতি রহিয়াছে। অথচ যে কিছু নাম বা শক্ষ, তৎসমস্তই পরমাত্মার বিকার; অত্রব, ওক্ষারই এতৎসমস্তক্ষরূপ; আদরার্থ দিরুক্তি [করা হইয়াছে]। ওক্ষারের স্তুতি প্রকাশনার্থ লোকাদি নিপ্পাদন বর্ণিত হইয়াছে॥১৬৮॥৩

দিতীয়াধ্যায়ে ত্রয়োবিংশ খণ্ডের ভাষ্যামুবাদ ॥২৩

দিতীয়াধ্যায়ে

চতুর্বিংশঃ খণ্ডঃ।

আভাসঃ (শাস্করঃ)। সামোপাসনপ্রসঙ্গেন কর্মগুণভূতত্বাৎ নিবর্ত্তা ওক্ষারং পরমায়প্রতীকত্বাৎ অমৃতত্বহেতুত্বেন মহীক্কৃত্য প্রকৃত্তৈত্ব যজ্ঞ অক্সভূতানি সামহোমনস্ত্রোখানান্মপ্রিদিক্ষরাহ—

অনুবাদ। [অতীত খণ্ডসমূহে] সামোপাসনাপ্রসঙ্গে ওঁক্কারের কর্মাঙ্গত্ব নিষেধ করিয়া এবং পরমাত্মার 'প্রতীক'ত্ব নিষন্ধন উহাকেই মোক্ষলাভের উপায়ভূত বলিয়া [ওক্কারের] অভিনন্দন করিয়া প্রস্তাবিত যজ্ঞের অঙ্গ স্বরূপ সাম, হোম, মন্ত্র ও উত্থানের উপদেশ করিতে ইচ্ছুক হইয়া বলিতেছেন—(১)

ব্রহ্মবাদিনো বদন্তি—নদ্বসূনাং প্রাতঃসবনত্ রুদ্রাণাং মাধ্যন্দিনত্ব সবনমাদিত্যানাঞ্জিবশ্বোঞ্জ দেবানাং 'ভৃতীয়-সবনম্॥, ১৬৯॥ ১

বৃদ্ধবাদিনঃ (বৃদ্ধনিষ্ঠাঃ) বদন্তি (কথয়ন্তি); [কিং ? তদাহ]—
বং প্রাতঃসবনং (যজ্ঞাঙ্গভূতং প্রাতঃকালীনং স্নানং, তং) বস্থনাং (বস্তুভিঃ
তৎকলমধিকতমিত্যর্থঃ)। [বং] মাধ্যন্দিনং সবনং (মধ্যাক্ষালীনং
স্পানং), [তং] ক্রাণাং, (ক্রেণ্ডেঃ খলু তৎকলমধিকতমিত্যর্থঃ); [বচ্চ] তৃতীয়সবনং (সায়ংকালীনং স্নানং), [তং] আদিত্যানাং বিশ্বেষাং দেবানাং চ (দ্বাদশভিরাদিতৈত্যঃ বিশ্বেদেবৈশ্চ তৎকলমধিকতমিত্যর্থঃ)।

ব্রহ্মবাদিগণ বলিয়া থাকেন—[যজাঙ্গভূত] যে প্রাতঃকালীন স্নান, তাহা বৃষ্ণগণের মধ্যাহ্নকালীন স্নান ক্ষদ্রগণের; আর তৃতীয় সবন, অর্থাৎ সায়ংকালীন স্নান আদিত্যগণের ও বিশ্বেদেবগণের অধিকত॥

⁽১) তাৎপর্যা —পূর্বে যে, পঞ্চিষ ও সপ্তবিধ সামোপাসনা উক্ত চটরাছে, সেই সামগুলি যজাকতৃত, অর্থাৎ যজে নির্কু: স্বতরাং তাহার সহযোগে প্রণবের উপাসনা টুপদিষ্ট হওরার সহজেই শব্বা হইতে পারে যে, এই প্রণবও বৃঝি একটি যজাকবিশেব; যজাক হইলে তাহার উপাসনার ক্থনই নোক্ষলাভ হইতে পারে না; এই কারণেই ওল্পারের ক্র্মাক্ত প্রতিবেধ ক্রা হইয়াছে, এবং ইহা যে, বস্তুতঃ পরব্রেরেই 'প্রতীক' অর্থাৎ একদেশভূত, এবং ইহার উপাসনাক্ষ বে, মৃজিলাভ, তাহাও জ্ঞাপন করা হইয়াছে,।

শাঙ্করভাষ্যম্। বন্ধবাদিনো বদন্তি, যং প্রাতঃসবনং প্রসিদ্ধম্, তৎ বস্থনাম্। তেশ্চ প্রাতঃসবনসম্বন্ধোহয়ং লোকো বশীক্ষতঃ প্রাতঃসবনেশানৈঃ। তথা কর্ত্তঃ মাধ্যন্দিনসবনেশানৈঃ অন্তরিক্ষলোকঃ। আদিত্যৈশ্চ বিশ্বৈদ্ধিবশ্চ ভূতীয়-সবনেশানৈঃ তৃতীয়ো লোকো বশীক্ষতঃ। ইতি যজমানশু লোকোহন্তঃ পরিশিষ্টোন বিশ্বতে॥ ১৬৯॥ ১

আন্নিকিনিঃ। প্রামঙ্গিকং হিছা প্রকৃতমন্ত্রদাত্ত স্পাঠ্যাতি। পঞ্চিধং সপ্তানিক যুক্তালীভূতং সাম তন্ত্রোপাসনবচনাদোকারস্থ তদ্পুণস্থা স্তরামের কর্মগুণত্বে প্রাপ্তি তত্তং ব্যাবর্তা বন্ধপ্রতীক্ষাৎ কৈবলাহে ভূত্বেন তমের মহীকৃত্য প্রস্তুত্যক্ষাকভূতসামাদি-বিক্রানবিধানার্থমূত্রবাক্যমিতার্থঃ।

নামহোমনম্বোথান-সামাণিজ্ঞানবিধিংসয়। তদপরিজ্ঞানে গোষমাহ—ব্রক্রেক্তানিনাপ তেয়াং প্রাতঃসবনেশানবেংপি বর্জমানস্ত কা হানিরিত্যাশক্ষাহ—ৈত্যেশ্চিত্র। যথ। পৃথিবীলাকো বস্ত্তিস্থগৈতি যাবং। অন্তরিকলোকো বশাকৃত ইতি পুর্বেণ সম্বন্ধঃ। তৃতীয়োলোকো ভূলোকাগাঃ। অন্ত তত্তদেবানাং তত্তলোকবশাকারস্থগাপি যজমানস্ত লোকিছে কিমায়াতনিত্যাশক্ষাহ—ইতি ঘক্তমানস্থেতি ১১৯॥১

ভাষ্যানুবাদ। ব্রহ্মবাদিগণ বলিয়া থাকেন—[যজে] প্রশিদ্ধ পথে প্রাতঃস্নান, তাহা বস্তুগণের, অর্থাৎ প্রাতঃস্বনাধিপতি কেই অস্ট্র বস্তুকর্তৃক প্রাতঃস্বন সংস্ফ এই লোক (পৃথিবী) বন্নীকৃত রহিয়াছে। সেইরূপ মধ্যাহ্নকালীনস্নানের অধিপতি রুদ্রগণকর্তৃক অন্তরিক্ষ লোক বিশীকৃত আছে]। তৃতীয় সবনের অর্থাৎ সায়ংকালীন স্নানের অ্বিপতি আদিতা ও বিশ্বেদেবগণকর্তৃক তৃতীয়—স্বর্গলোক বশীকৃত রহিয়াছে; স্তুবাং যজমানের জন্ম অবশিষ্ট (তাহাদের অনধিকৃত) অপর কোনও লোক নাই ॥১৬৯॥১

ক তহি যজগানস্থা লোক ইতি , স যস্তং ন বিদ্যাৎ কৃষ্ণং কুৰ্য্যাদথ বিদ্বান্ কুৰ্য্যাৎ॥ ১৭০॥ ২

তহি (লোকত্ত্বেংপি বস্থাদিভিরধিক্বতে সতি) যজনানস্থ (যাগকর্ত্ত্ব্রেং) লোকঃ (ফলাভ্তং স্থানং) ক ? (কুত্র বিদ্যতে ? বদর্থং যজেত ?) ইতি; যঃ (যঃ কুন্চিং) তং (স্থাস্তব্যুভ্তং লোকং) ন বিদ্যাৎ (ন জ্ঞানীয়াৎ) সঃ, (অবিজ্ঞাতা) কথং কুর্য্যাৎ (ন কথমপি কুর্য্যাৎ, যজ্ঞমিতিশেষঃ); অথ পিকাস্তরে) বিদ্বান্ (লোকান্তিত্বং জানন্ সন্) কুর্যাৎ (বজ্ঞস্ অনুভিটেদিতার্থঃ)॥

[অিলোকই খদি দেবগণকর্ত্তক অধিকৃত রহিল,] তাহা হইলে যজমানের

আর লোক (গন্তব্য স্থান·) .কোথায় ? বৈ লোক তাহা জানে না, সে লোক কিরূপে যজ্ঞ করিবে ? পক্ষাস্তরে, জানিলেই করিতে পারে॥

শাক্ষরভাব্যম্। অতঃ ক তর্হি যজমানশু লোকঃ, যদর্থং যজতে; ন কচিলোকোইন্টা গ্রভিপ্রারঃ; "লোকার বৈ যজতে, যো যজতে" ইতি শ্রুতেঃ। লোকভাবে চ স যো যজমানঃ তং লোকস্বীকরণোপারং সামহোমমন্ত্রোখানলকণং ন বিজানীরাং, সোহজ্ঞঃ কথং কুর্যাৎ যজ্ঞম্, ন কথঞ্চন তশু কর্ভ্রম্পপশুত ইতার্থঃ। সামাদিবিজ্ঞানস্ততিপরস্বাৎ নাবিত্রয়ং কর্ভ্রং কর্মমাত্রবিদঃ প্রতিবিদ্যাতে। স্কৃতরে চ সামাদিবিজ্ঞানশুবিদ্ধক কৃত্র প্রতিষ্বেধার চ, ইতি হি ভিশ্নেত রাক্যম্। স্থাদ্যে চৌষস্তের কাণ্ডে অবিত্রোহপি কর্মান্ত্রীতি হেতুমবোচাম! অথ এতদ্বেদ্যমাণং সামাত্রপারং বিদ্বান কুর্যাৎ॥ ১৭০॥ ২

জান-দলিরিঃ। পরিশিষ্টলোকাভাবোহতঃশব্দার্থঃ। তর্হি দেহপাতাদ্ধ্নিত্যেতং।
বোকাপেকাং বিনাপি বিধিবশাদ্যোগে। ভবিষ্যতীত্যাশব্দাহ—লোকাহ্যেতি। লোকত্রমশ্র
বিশাদ্যীনতয়া যজমানান্ধীনত্বে তস্ত তদধীনত্বার্থং যজ্ঞাদ্যস্তানমিত্যাশব্দাহ—লোকাভাবি চেতি। অজ্ঞে। দক্ত ফর্গাদিসাধনীভূতং কথং কুয়াদিত্যাকেপাদবিদ্ধংকর্মাম্ভাননিলাপরং বাক্যমিত্যাশ্ব্দাহ—সামাদীতি। অথেতীদং বাক্যং জ্বতার্থে নিবেধার্থে চ ভূবিষ্যতি
নেত্যাহ—ক্তব্যে চেতি। ইতশ্চাবিদ্ধংকর্ত্বং নিষেদ্দাক্তামিত্যাহ—জাদ্যে চেতি।
মটটাহতেধিত্যাদৌ রিত্নঃ সনিধানে তদক্জ্ঞামন্তরেণাবিদ্দঃ কর্ম কর্ত্ম্যুক্তম্। প্রত্যবাদ্ধপ্রস্কাধ। তদসনিধৌ তু তেনাপি ক্রিয়মাণং কর্ম ন ত্র্যতীত্যপপাদিত্মিত্যর্থঃ। অথ শব্দো
হর্বর্থ:। সামাদাকিজ্ঞানে ব্যাদ্ যজ্ঞাদ্যকরণমের প্রাপ্তং তম্মাদিত্যর্থঃ ॥১৭০॥>

ভাষ্যান্ত্রাদ। অতএব, তাহা হইলে যজমানের (যজ্ঞকর্ত্তার)
লোক কোথায় ? অভিপ্রায় এই যে, কোথাও তাহার লোক (প্রাপ্তার
ছান) নাই ; শ্রুতি বলিয়াছেন, যিনি যজ্ঞ করেন, তিনি লোক প্রাপ্তির
জন্মই যজ্ঞ করেন'। [প্রাপা] লোক না থাকিলে সেই যজমান
লোকলাভের উপায়ভূত সেই সাম হোম, মন্ত্র ও উত্থান, এ সমস্ত বিষয়
জানিতেও সচেন্ট হয় না ; [স্থতরাং] সেই অনভিজ্ঞ লোক কিরূপে যজ্ঞ
করিবে ? অর্থাৎ কোনরূপেই তাহার কর্ত্ত্ব উপপন্ন হয় না। সামাদিবিষয়ক বিজ্ঞানের স্তুতি করাই এই বাক্যের উদ্দেশ্য ; অতএব, এখানে
তিথিয়ক বিজ্ঞানরহিত,অথচ কেবল কর্ম্মস্করপমাত্রাভিজ্ঞ র্যক্তির কর্ত্ত্ব
নিষিক্ষ হইতেছে না ; কেন্স না, সামাদি-বিজ্ঞানের স্তুতি এবং স্ববিদ্বানের
কর্ত্ত্ব প্রতিষেধ (কর্মাধিকার নির্ত্তি) এইরূপ উভয় অর্থে তাৎপর্য্য
কর্মনা করিলে নিশ্চয়ই বাক্যভেদ হইয়া পড়ে। [একটি বাক্যক্ষে

চুইটি বাক্যে পরিণত করার নাম বাক্যভেদ; বাক্যভেদ কল্পনা যে দোষাবহ, তাহা পূর্বেই অনেকবার বুঝান হইয়াছে,। বিবিদ্যানেরও যে কর্ম্মাধিকার আছে, প্রথমে ঔষস্যুকাণ্ডেই তাহার হেতু বলিয়াছি। অত এব, বক্ষামাণ সামাদি উপায় অবগত হইয়া কার্য্য করিবে ॥১৭০॥২

পুরা প্রাতরনুবাকস্থোপাকরণাজ্জ্ঘনেন গার্হপত্যসোদশ্বুখ উপবিশ্য স বাসবত্ত সামাভিগায়তি ॥ ১৭১॥ ৩

সঃ (যজনানঃ) প্রাতরমুবাকন্ত (প্রাতঃপঠনীয়ন্ত শক্ক্স) উপাকরণাৎ (প্রারম্ভাৎ) পুরা (পূর্বং) গাহ পতান্ত (তয়ানকন্ত অর্থঃ) জ্বনেন (পশ্চাৎ) তিপবিশ্র উদত্যথঃ (উত্তরাম্থঃ সন্) বাসবং (বস্থানবতাং) সাম অভিগায়তি (যথাযথং গায়াদিতার্থঃ)।

দেই বজমান প্রাতঃকারীন 'অনুবাক'পাঠ আরন্তের পূর্বে গার্হপত্যনামক অধির পশ্চান্তাগে উপবেশন করিয়া উত্তরমূথ হইয়া বস্তুদেবতাধিষ্ঠিত—বাদ্রব হাম গান করিবে॥

শার্ক রভাব্যম। কিং তদ্ বেভম্ ? ইত্যাহ—পুরা পূর্বং প্রাতর্ম্বাকভ শিক্ত প্রারম্ভাৎ জঘনেন গার্হপতাভ্য পশ্চাং উদন্ধং সন্ উপবিশ্র স বাসবং বন্ধ-, দৈবতাং সাম অভিগায়তি॥ ১৭১॥ ৩

আনন্দেশিরিঃ। জাতবাং সামাদি প্রশ্প্রকং বিবৃণোতি—কিং তদিত্যাদিনা।
অপ্রগীতমৃগ্রাতং শস্ত্রং, যং প্রাতংকালে শস্ততে প্রাতরনুবাকং, তন্তেতি যাবং। উপাকরণাদিত্যসার্থিমান্ত্র—প্রাক্তানিতি। জগনেনেত্যেতদ্ ব্যাচষ্টে—প্রশুচাদিতি। স গার্হপত্যস্য
পৃষ্ঠত উদপ্তানে স্থিয়া বস্তদেবতাকং সামগানং কৃতবানিতার্থ:। স বাসব্যিত্যের স-শব্দো
যজ্মানবিষয়:। ১৭:॥৩

ভাষ্যাসুবাদ। সেই জ্ঞাতব্য বিষয় কি ? তাহা বলিতেছেন— প্রাত্রমুবাকের অর্থাৎ প্রাতঃকালে পঠনীয় 'শস্ত্র' নামক ও স্থোত্রপাঠা রস্তের পূর্বের গার্হ পত্য নামক অগ্নির জঘনে অর্থাৎ পশ্চান্তাগে উত্তর-মুখ হইয়া উপবেশন করিয়া সেই যজমান বাসব — বস্থাদৈবতক সাম গান করিবে ॥১৭১॥ ত

লো ৩ কদান্ত্রপার তা প্তেম ত্বা ব্য়ণ্ রা ৩৩৩৩৩ ত্তু ৩ ম, আ ৩ ৩ জ্যা ৩ য়ো ৩ আ ৩২১১১ ইতি॥ ১৭২॥৪

^{*} তাৎপর্যা—বে সমস্ত ঋক্ মন্ত্র গীত হয় না, সে সকলকে 'শস্ত্র' বলা হয়। আয় যাহা প্রাতঃকালে পঠিত হয়, ভাহার নাম 'প্রাতরমুখাক'। এছলে টীকা স্তঃখ্য।

্ [পদছেদ:]—লোক্ষারম্ অপার্ণু, পঞ্চেম, ষা, বরং রাজ্যার, ইডি।
অর্থ: - পূর্বোক্ত: বিজ্ঞেরং বস্ত আহ—লোকেতি। [হে অগ্নে,] লোক্ষারম্
(পৃথিবীলোক প্রাপ্তে: উপায়ম্) অপার্ণু (উদ্বাটয়, নির্বিশ্নং কুরু ইত্যর্থ:),
বয়ং • (যজমানা:) রাজ্যায় (পার্থিবরাজ্যভোগায়) ছা (ছাং) পশ্রেম
(উপলভেমহি)॥

এখন পূর্ব্বোক্ত বিজ্ঞেয় বিষয় নির্দেশ করিতেছেন—হে অগ্নি তুমি [আমাদের] লাক্ষার অপাবৃত কর, অর্থাৎ পৃথিবী লোকপ্রাপ্তির উপায়কে নিষ্ণটক করিয়া দাও; রাজ্যলাভের জন্ম আমরা যেন তোমাকে দর্শন করিতে পাই॥

শাক্ষর ভাষ্যম্। লোকদারমস্থ পৃথিবীলোকস্থ প্রাপ্তারে দারমপার্ণু ছে অংগ, তেন দারেণ পশ্চেম তা তাং রাজ্যায়েতি॥ : ৭২॥ ৪

•আনন্দলিরিঃ। রাজ্যায় তদর্শনেন তদস্ক্রয়া পৃথিবীপ্রযুক্তভোগায়েত্যর্থ:॥ ১৭২॥।

় ভাষ্যামুবাদ। লোকদার অর্থ এই পৃথিবীলোকলাভের উপায়কে অপাবৃত কর। হে অগ্নে, সেই দার দারা তোমাকে [যেন] রাজ্য প্রাপ্তির জন্ম দর্শন করিতে পারি ॥১৭২॥৪

ত্বিথ স্কুহোতি নমোহগ্ৰয়ে পৃথিবীক্ষিতে লোকক্ষিতে লোকং মে যুজমানায় বিন্দৈষ বৈ যজমানস্ত লোক এতাস্মি ॥১৭৩॥৫

{ হোমমন্ত্রমাহ — অথেতি] — অথ (অনস্তরং), জুহোতি (গোমং করোতি) পৃথিবীক্ষিতে (পৃথিবীগতায়) লো + কিতে (লোক-নিবাসায়, — পৃথিবীলোকবাদিনে ইত্যর্থঃ), অগ্নরে নমঃ (নমস্কারঃ) [অস্তু]। যজমানায় (যাগকর্ত্ত্রে) মহং লোকং বিন্দ (লভস্ব); এষঃ বৈ (এব) যজমানশু লোকে এতা (গস্তা) অস্মি]।

ংহানের মন্ত্র কথিত হইতেছে—অনস্তর যজ্মান বক্ষামাণ মন্ত্রে হোম করিবে।
[মন্ত্র যথা] হে অগ্নে, পৃথিবীলোকবাসী তোমার উদ্দেশে নমন্বার; আমি যজ্ঞ
কিমিতেছি; তুমি আমার উদ্দেশে [উপযুক্ত] লোক প্রাপ্ত হও; এই আমিই
যক্তমানের লোকে যাইভেছি॥

শাঙ্করভাষ্যম্। অথানস্তরং জ্হোত্যনেন মন্ত্রণ—নগোহগ্নরে প্রহ্বীভূতাঃ ভূভ্যং বরং পৃথিবী ক্ষতে পৃথিবীনিবাসার লোকক্ষিতে লোকনিবাসার পৃথিবীনিবাসারেতার্থঃ। লোকং মে মহুং যজমানার বিন্দু লভস্ব। এষ বৈ মম যজ্ঞানস্থ লোক প্রতা গন্তান্মি । ১৭০॥ ৫

আসন্দলিরিঃ। পৃথিব্যাং ক্ষিয়তি বসতীতি পৃথিবীকিং, তথ্য পৃথিবীকিতে। পৃথিবী-লোকে ময়া লকে তব কিং ভাদিত্যাশকাহ—এম বৈ মম যক্তমানক্ষেক্তি 12৭৩।৫

ভাষ্যানুবাদ। অথ অর্থ—অনস্তর, এই মন্ত্র দারা হোম করিবে—পৃথিবীক্ষিৎ—পৃথিবানিবাসী ও লোকক্ষিৎ—লোকনিবাসী, অর্থাৎ পৃথিবীলোকনিবাসী অগ্নির উদ্দেশে নমস্কার, অর্থাৎ হে অগ্নে, ভোমার উদ্দেশে আমরা প্রণত হইতেছি। আমি যজ্ঞকারী, আমার জন্ম তুমি [উপযুক্ত] লোক প্রাপ্ত হও; এই আমিই যজমানেব লোঁকে যাইতেছি ॥১৭৩॥৫

অত্র যজমানঃ পরস্তাদায়ুষঃ স্বাহাপজহি পরিষমিত্যু-ক্রোভিষ্ঠতি; তামে বসবঃ প্রাতঃসবনত্ সম্প্রয়চ্ছন্তি॥১৭৪॥৬

[বাক্যশেষং প্রয়তি]—অত (অন্মিন্লোকে) যজমানঃ আয়ুষঃ পরস্তাং (আয়ুষঃ ক্ষে) সাহা (স্বাহাশসঃ ত্যাগার্থকঃ), [ইত্যনেন মন্ত্রেণ জুহোজি, ইতি পূর্বেণ সম্বন্ধঃ]। পরিঘন্ (লোক্ষারার্গলন্) অপজ্বহি (অপনয়), ইতি (এতং মঁল্রন্) উক্ত্বা (উচ্চার্য্য) উত্তিষ্ঠতি। বনবঃ (প্রাতঃস্বন্দেবতাঃ) তামে (যজমানায়) প্রাতঃস্বনং (তৎসম্বদ্ধং লোকং) প্রয়ন্থন্তিঃ "

যজমান আমি আয়ুংশেষে অর্থাৎ মৃত্যুর পর এই লোকে [শীইতেছি]; [এইমস্ত্রে হোম করিবে।] ইহা বলিয়া উথান করিবে; বস্থাণ তাহার উদ্দেশে প্রাতঃসুবন অর্থাৎ তৎসম্প্রকিত পৃথিবীলোক প্রদান করেন॥

শাস্ত্র ভাষ্য্য। অত্রাম্মিন্ লোকে যজনানোহহ্য নায়্যঃ পরস্তাদুদ্ধং মৃতঃ সিরিভার্থঃ। স্বাহেতি জুহোতি। অপজহি অপনয় পরিবং লোকদারার্পন্ম, ইত্যেতং নম্ত্রম্ উক্ত্যু উত্তিষ্ঠিতি। এবমেতৈর্পস্কভাঃ প্রাতঃসবনসম্বদ্ধাে লোকো নিক্রীতঃ স্থাৎ। ততন্তে প্রাতঃসবনং বসবাে যজ্মানায় সম্প্রফ্সিডি॥ ১৭৪॥ ৬ বি

আনন্দি বিঃ। স্বাহাশলো মন্ত্রসমাপ্ত্রর্থো হোমদ্যোতক:। সর্বেষ্ মন্ত্রেষ্টে: সাম্ব হোমমন্ত্রোপানৈরিত্যর্থ:। ১৭৪॥ ৬

ভাষ্যানুবাদ। যাগকর্ত্তা আমি আয়ুর শেষে—পরে অর্থাৎ মৃত হইয়া এই লোকে [যাইতেছি], স্বাহা, এই বলিয়া হোম করিবে। [হে অগ্নে পরিঘ অর্থাৎ লোকদারের অর্গল অপনীত কর, এই বলিয়া উথিত হইবে। উক্ত প্রকারে এই সকল উপায়ে প্রাতঃসবনসম্পর্কিত লোক (পৃথিবীলোক) বস্থাণের নিকট হইতে ক্রেয় করা হয়; সেই

কারণেই বস্থগণ প্রাত্যসর্বন অর্থাৎ তৎসম্পর্কিত লোক যজমানের উদ্দেশে প্রদান করেন ॥১৭৪॥৬

ুপুরা মাধ্যন্দিনশু সবনস্থোপাকরণাজ্জঘনেনাগ্নীঞ্রীয়-স্থোদগ্মথ উপবিশ্য স রোদ্রুণ্ সামাভিগায়তি ॥ ১৭৫ ॥ ৭

সঃ (যজমানঃ) মাধ্যন্দিনশু (মধ্যাহ্নকালীনশু) সবনশু (স্নানশু) উপা-কর্ণাং (প্রারম্ভাং) পুরা (পূর্বাং) আগ্নীগ্রীয়শু (দক্ষিণাগ্নেঃ) জঘনেন (পশ্চাৎ) উদল্পুথঃ (উত্তরামুথঃ সন্) উপবিশ্র রৌদ্রং (ক্রুটেনবত্যং) সাম অভিগায়তি॥

দেই যজ্যান মধ্যাক্তালীন সবনের পূর্বে আগ্নীধ্রীয়ের অর্থাৎ দক্ষিণাগ্নির পশ্চাৎ উত্তরমুথ হইয়া উপবেশন করিয়া রৌদ্র সাম গান করিবে—॥

শাস্থ্যরভায্যম্। তথা অগ্নীগ্রীয়স্ত দক্ষিণাগ্নের্জ্জঘনেনাদমুথ উপবিশ্ব স রোদ্রং সাম অভিগায়তি যজমানো রুদ্রদৈবত্যং বৈরাক্যায় ॥১৭৫॥৭

আ্নক্সিরিঃ। যথা পৃথিবীলোকজয়োপায়ো দশিতত্তথান্তরিকলোকজয়োপায়ো২পি প্রদর্শ্যত ইত্যাহ—তথেতি । ১৭৫ । ৭

ভাষ্যানুবাদ। সেইরূপ এই যজমান আগ্নীঞ্রীয়নামক দক্ষিণাগ্নির পশ্চাৎ উত্তরমুখে উপবেশন করিয়া বৈরাজ্যের অর্থাৎ বিরাট্পুক্ষ্যের অধিকার লাভের জন্ম [পরবর্ত্তী] 'রোদ্র' অর্থাৎ রুদ্রদৈবতক সাম গান করিবে ॥১৭৫॥৭

লো ৩ কদ্বারমপাবা ৩ পৃ্ ৩ ৩ পশ্যেম ত্বা বয়ং বৈরা এ৩৩ ৩৩ হু ৩৩ মৃ আ ৩ ৩ জ্যা ৩ য়ো ৩ আ ৩ ২১১১ ইতি॥১৭৬॥৮ '[এই অষ্ট্ৰমন্ত্ৰের অর্থ—এই খণ্ডের চতুর্থ মন্ত্রে কথিত হইয়াছে॥]

ত্রথ জুহোতি নমো বায়বেহন্তরিক্ষক্তি লোকক্ষিতে লোকং মে যজমানায় বিন্দেষ বৈ যজমানস্থ লোক এতান্মি॥ ১৭৭॥ ৯

ত্ত্ব যজমানঃ পরস্তাদায়ুষঃ স্বাহাপজহি পরিঘমিত্যু-ক্রোত্তিষ্ঠতি; ৃতদ্মৈ রুদ্রা মাধ্যন্দিনত্ত স্বনত্ত সম্প্র-যচ্ছন্তি ॥১৭৮॥১০

অথ (অনস্তরং) জুহোতি, [বক্ষ্যমাণেন মন্ত্রেণ যজমানঃ]—অস্তরিক্ষক্ষিতে লোকক্ষিতে (অস্তরিক্ষণোকবাদিনে) বায়বে নমঃ ' (প্রণতাঃ বয়ম্), [ইে

বারো,] মে (মহং) যজমানার (যাঁগকর্জে) লোকং (মাধ্যন্দিনসবনসম্বদ্ধ অন্তরিক্ষরণং) বিন্দ (লভস্ব); এবঃ 'যজমানঃ [অহং] আয়ুবঃ পরস্তাৎ (মৃত্যোঃ পরং) অত্র (অস্মিন্) যজমানস্থ (যজমানসম্বদ্ধিনি) লোকে (অন্তর্গ একা (গন্তা) অস্মি (ভবামি) স্বাহা, [ইত্যনেন জুহোতি]। হে বারো, পরিষম্ (প্রবেশ ধারার্গলম্) অপজ্জি, (অপসারয়) ইতি (এতং মন্ত্রং) উক্তর্গ উত্তির্গতি [যজমানঃ]; রুদ্রাঃ তদ্মৈ (যজমানায়) মাধ্যন্দিনং সবনং (তৎসম্বদ্ধিলোকং) সংপ্রয়ছন্তি॥

অনন্তর, যজমান বক্ষামাণ মন্ত্রে হোম করেন; অন্তরিক্ষ-লোকবাসী বাযুদ্ম উদ্দেশে নমন্তার; হে শায়া, আমি যজ্ঞ করিতেছি; আমার জন্ত ঐ লোক প্রাপ্ত হও; এই যজমান আমি আরু:ক্ষয় হইলে পর যজমানের লভা ঐ লোকে যাইতেছি; স্বাহা; [এই মন্ত্রে হোম করেন]। [হে বায়ো, তুমি আমারু [লোক-প্রবেশের দ্বারটি অর্গলশ্লু কর; [যজমান] এই বলিয়া উথিত হন; ক্ষত্রপণ তাহার নিমিত্ত মাধ্যন্দিন গবন অর্থাৎ তংসমন্ধ অন্তরিক্ষ-লোক প্রদান করেন।

শাক্ষরভাব্যম্। অন্ত রক্ষকিতে ইতাদি সমানম্॥ ১)৭॥ ৭৮১৯: ০॥
আনন্দগিরিঃ। অন্তরিকে কিয়তীতান্তরিককিৎ বায়্ত্রীয়ে বায়বে॥ ১৭৭ ১৭৮॥ ১)১০

ভাষ্যানুবাদ। "অন্তরিক্ষক্ষিতে" ইত্যাদির অর্থ পূর্বের, মত ॥১৭৭-৭৮॥৯-১০

ুপুরা তৃতীয়দবনদ্যোপাকরণাজ্জঘনেনাহবনীয়দ্যোদগুখ উপবিশ্য দ আদিত্যভূ দ বৈশ্বদেবভূ সামাভিগায়তি ॥১৭৯॥১১

তৃতীয়সবনশু (ষায়ংকালীনস্নানশু) উপাকরণাৎ (প্রারম্ভাং) পুরার্ণি (অগ্রে) সঃ (যজ্ঞমানঃ) হবনীয়শু (আহবনীয়াখ্য অগ্নেঃ) জ্বনেন (পশ্চাৎ), উদর্যুথঃ সন্ উপবিশ্র সঃ (স এব) আদিত্যদৈবত্যং বৈশ্বদেবং (তদাখ্যং) সাম অভিগায়তি॥

সেই যজমান তৃতীয় সবন আরম্ভের পূর্ব্বে আহবনীয় অগ্নির পশ্চাৎ উত্তরমুখে উপবেশন করিয়া তিনিই আদিতাদৈবতক 'বৈশ্বদেব' নামক সাম গান করেন।

শাকুরভাষ্যম্ ॥—১৭৯॥১১

আনন্দ্রলীরিঃ॥—১৭৯।১১

্ভায়্যান্থবাদ। ১৭৯।১১

লো ৩ কৰায়মপাবা ৩ ৰ্ ৩০ পশ্যেম স্বা বয়ত্ত সারা ৩ ৩ ০ু ৩ ০ হু ৩ ম্ আ ৩ ০ জ্যা ৩ যো ৩ আ ৩২১১১ ইতি॥১৮০॥১২

আদিত্যমথ বৈশ্বদেবং লো ৩ কদ্বারমপাবা ৩ পূ ৩ ৩ পণ্যেম ত্বা বয়ণ্ড সাত্রা ৩৩৩৩৩ হু ৩ মৃ আ৩৩ জ্যা ৩ য়ো ৩ আ ৩২১১১ ইতি॥১৮১॥১৩

আদিতাং বৈশ্বদেবং সাম নির্দিশতি ''লোকদ্বারম্' ইত্যাদি-দ্বাভ্যাম্। উক্তার্থমন্তৎ সর্বাম্।

''লোক দারম্" ইতানি ছইটি শ্রুতিতে 'আদিতা' ও 'বৈশ্বদেব' নামক সাম নির্দেশ করিতেছেন। ইহার অর্থ পূর্ব্বেই উক্ত হইয়াছে॥

শাঙ্করভাব্যম্। তথা আহবনীয়স্তোদ্লুখ উপবিশু স আদিত্যদৈবতামাদিত্যং বৈশ্বদেবঞ্চ সামাভিগায়তি ক্রমেণ স্বারাজ্যায় সামাজ্যায় ॥১৮০॥১৮১॥১২॥১০

, আননক্ষিত্রিঃ। যথা পৃথিব্যস্তরিক্ষরোরাপ্ত্যপায়ন্তথা ত্মলোকাপ্ত্যপায়েহপুচ্যত ইত্যাহ—ত্তথেতি। স্বারাজ্যমন্তরিক্ষে স্বাতস্থ্যম্। আদিত্যানামিব স্বাতস্থ্যমিহ বিজ-ক্ষিত্র্যা ১৮৮॥১৮১॥১২১১০

ভাষ্যানুবাদ। সেইরূপ আহবনীয় অগ্নির পশ্চাৎ উত্তরমুখে ভিপবেশন করিয়া সেই যজমান স্বারাজ্য অর্থাৎ সাফ্রাজ্য লাভের জন্ম 'আদিদৈবতক 'আদিত্য' ও 'বৈশ্বদেব' নামক সাম তুইটি ক্রমে গান করিয়া থাকেন ॥১৮০॥১৮১॥১২॥১৩

অথ জুহোতি নম আদিত্যেভ্যশ্চ বিশ্বেভ্যশ্চ দেবেভ্যো দিবিক্ষিন্ত্যো লোকক্ষিদ্যো লোকং মে যজমানায় বিন্দত, # এষ 'বৈ যজমানস্থ লোক এতান্মি॥১৮২॥১৪

শত্র যজমানঃ পরস্তাদায়ুষঃ স্বাহাপহত পরিঘমি
• ভূক্তে ভিষ্ঠতি ॥ ১৮৩॥ ১৫

অথ (অনস্তরং) জুহোতি [বক্ষ্যমাণমন্ত্রেণ যজমানঃ], দিবিক্ষিদ্ভাঃ (অস্তরিক্ষস্থেভাঃ) লোকক্ষিদ্ধাঃ (লোকবাসিভাঃ, অস্তরিক্ষলোকবাসিভা ইতার্থঃ) আদিত্যেভাঃ চ বিখেনেবেভাঃ চ নমঃ। [হেদেবাঃ যুয়ং] যুজমানায় মে

^{* &}quot;এবঃ" ইত্যাদ্যংশ: কচিৎ পুত্তকে পরশ্রতৌ (পঞ্চদশসংখ্যক শ্রুতৌ) সন্নিবিস্তৌ দৃষ্ঠতে ; তৃন্ন সনীচীনং মন্ততে, পঞ্চম-নবমশ্রুতোরতথাসন্নিবেশাৎ।

(মহং) লোকং (সারতং) বিন্দত, (লভধ্বর্)। অত্র (অস্মিন্ লোকে) যজমান: (যজ্ঞকর্ত্তা) এবং (অহম্) আয়ুবং পরস্তাৎ যজমানস্ত লোকে এতা (গস্তা) অস্মি (ভবামি) স্বাহা, [ইত্যানেন জুহোতি,] অপহত (যুয়ং নিবারয়ত্ত) পরিষম্, ইতি উক্যু উত্তিষ্ঠিত।

অনস্তর বক্ষামাণ মন্ত্রে হোম করিয়া থাকেন, ছালোকবাসী, আদিতা ও বিখেদেবগণ উদ্দেশে নমস্কার। আমি যজমান; [তোমরা] আমার নিমিত্ত [উপ-যুক্ত] লোক লাভকর। ইহলোকে যজমান এই আমি আয়ুর ক্ষয় হইলে পর যজমানের [গস্তব্য] লোকে যাইতেছি, স্বাহা; [এই মন্ত্রে হোম করিবে]; [পেবে, তোমরা] লোকশানের অর্গল বিনষ্ট কর, এই ঝিলায়া উথিত হইবেন॥ •

শাঙ্করভাব্যম। নিবিক্ষিদ্ধা ইত্যেবমাদি সমানমন্তং। বিন্দ্ধ অপহত ইতি বছবচনমাত্রং বিশেষ:। যাজমানং ছেতং। এতাস্মাত্র যজমীন ইত্যাদি লিঙ্গাং॥১৮২॥১৮৩॥১৪-১৫

আনন্দগিরিঃ। কিমিদং সামাদ্যান্থিজ্যমাহো যাজমানিকমিতি বীক্ষায়া**রাহ—ঘাঁজি**-মানং জিতি। আদিপদেন লোকং মে যজমানায়েতি নির্দ্দেশো গৃহতে ॥ ১৮২১১৮০১১৪|১৫

ভাষ্যানুবাদ। 'দিবিক্ষিদ্ভ্যঃ' ইত্যাদির অর্থ পূর্বের অনুরূপ;
কেবল 'বিন্দত' ও 'অপহত' পদে বহুবচনমাত্র বিশেষ। 'যুজমান আমি '
যাইতেছি', এইরূপ উক্তি থাকায় [বুঝিতে হইবে যে,] এই সামটি'যাজমান'
অর্থাৎ যজমানের পাঠা, (ঋষিক্গণের পাঠা নহে) ॥১৮২॥১৮৩॥১৪॥১৫

তশ্বা আদিত্যাশ্চ বিশ্বে চ দেবাস্তৃতীয়সবনত সম্প্রয়চ্ছু-স্ত্যেষ হ বৈ যজ্জন্য নাত্রাং বেদ, য এবং বেদ মু এবং বেদ॥১৮৪॥১৬

> ইতি দিতীয়াধ্যায়ে চতুর্বিবংশঃ খণ্ডঃ ॥২৪ ইতি ছালোগ্যপনিষদ্বান্ধণে দিতীয়োহধ্যায়ঃ সমংপ্তঃ ॥২

আদিত্যা: 5 বিশ্বেদেবা: চ (অপি) তথ্যৈ (যজমানার) তৃতীরসঁবনং সম্প্রাফরিষ্টি, এব: হ বৈ (এব) যজ্ঞ মাত্রাং (যজ্ঞশী তত্ত্বং) বেদ (বেন্তি), য: এবং (যথোক্ত প্রকারং) বেদ। দ্বিভ্যাস: অধ্যায়সমাপ্তিস্কেকঃ। স্মাদিভ্যাপ ও, বিশ্বেদেবগণ সেই যজমানের উদ্দেশে তৃত্বীয় সবন অর্থাৎ

তৎসম্পর্কিত লোক প্রদান করেন। যিদি এই প্রকার জানেন, প্রক্কতপক্ষে তিনিই যজের যথার্থ তত্ত্ব জানেন ॥

ইতি দিতীয়াধ্যায়ে চতুর্বিংশথণ্ডের ব্যাধ্যা ॥২॥২৪

শাস্ত্রির ভাব্যম্। এষ হ বৈ যজমান এবংবিৎ যথোক্ত সামাদের্বিধান্
যক্ত মাত্রাং যক্ত্রমাথাস্মাং বেদ যথোক্তম্। য এবং বেদেতি দিকক্তিরধাায়সমাপ্ত্যর্থা॥ ১৮৪॥১৬

ইতি চতুর্বিংশ: খণ্ড: ॥১৪

ইতি ত্রীগোবিন্দভগবৎপূজ্যপাদশিষ্যস্ত পরমহংসপরিব্রাজকাচার্য্যস্ত ত্রীমচ্চ্করভগবতঃ ক্বতৌ ছান্দোগ্যোপনিষদ্ভাষ্যে

দ্বিতীয়োহধ্যায়: সমাপ্ত: ॥২

ে আঁনি-ফলিরিঃ। সামাদিবিজ্ঞানকলং কণয়তি—এছা ছেন্ডি। ব এবং বেদেতান্ত ব্যাপ্যা—ঘথোক্তনজ্যেন্ডি। বথোক্তং সামাদীত্যেতং। এবমিত্যুক্তপ্রকারোক্তিঃ। তশু বজ্ঞবীপাস্থাবিদস্তদমুগ্রানদারা তৎদলং সম্ভবতীতার্থঃ॥১৬

ইতি দিতীয়াধ্যায়শু চতুর্নিংশ: থণ্ড:।

ইতি শ্রীমংপ্রমহংদ-পরিব্রাপ্তকাচার্য্য-শুদ্ধানন্দপূজ্যপাদশিয্য-ভগবদানন্দ-ক্রানক্ষতায়াং ছান্দ্যোগেনাপনিষদ্ভাষ্যটীকায়াং

দিতীয়োহধ্যায়:॥ २॥

ভাষ্যানুবাদ। এবংবিৎ অর্থাৎ যথোক্তপ্রকার সামাদির তম্ববিৎ এই যজমানই যজ্ঞের মাত্রা অর্থাৎ যথোক্তপ্রকার যজ্ঞতম্ব জানেন। 'যিনি এইরূপ জানেন' এইরূপ ছিরুক্তির উদ্দেশ্য অধ্যায়ের সমাপ্তি সূচনা করা॥১৮৪॥১৬

ইতি দ্বিতীয়াধ্যায়ে চতুর্বিংশ খণ্ডের ভাষ্যানুবাদ সমাপ্ত ॥২॥২৪॥ দ্বিতীয় অধ্যায় সমাপ্ত ॥২॥

তৃতীয়ো>ধ্যায়ঃ।

প্রথমঃ খণ্ডঃ।

আঁভাসঃ—"অসৌ বা আদিতাঃ" ইত্যাদ্যধ্যায়ারন্তে সমন্ধঃ—অজীতানন্তরাধ্যায়ান্তে উকেং "যজ্ঞতানাত্রাং বেদ"ইতি, যজ্ঞবিষয়াণি চ সামহোমনজ্ঞোথানানি বিশিষ্টফলপ্রাপ্তরে যজ্ঞাঙ্গভূতানি উপদিষ্টানি। সর্বয়জ্ঞানাঞ্চ কার্যানির্ভিরপঃ সবিতা নহত্যা প্রিয়া দীপাতে; স এষ সুর্বপ্রাণিকর্মনক্ষভূতঃ প্রত্যক্ষং সর্বৈরূপদ্দীব্যতে; অতো যজ্ঞশু বাপদেশানস্তরং তৎকার্যাভূত-সবিভ্বিষয়মুপাসনং সর্বপুরুষ।র্থেভাঃ শ্রেষ্ঠভসং ফলং বিধাস্থামীত্যেবমারভতে শ্রুভিঃ—

অনুবাদ ঃ—[প্র্লাধ্যায়ের সহিত] তৃতীয় অধ্যায়ারন্তের সম্বন্ধ "এইরূপী
—অধ্যহিত প্র্লাধ্যায়ের শেষে বি লোক যজ্ঞের মাত্রা জ্ঞানেন এই কথা উক্ত
হইয়াছে; এবং [লোকত্রয়রূপ] বিশিষ্ট ফল প্রাপ্তির জন্ম মজ্ঞাঙ্গভূত সাম, হোম,
মন্ত্র ও উত্থানও নিরূপিত হইয়াছে। সমস্ত যজ্ঞের পরিনিষ্পান্ন ফলস্বরূপ স্ব্যাদেবক
মহাদ্বীপ্তিতে শোভা পাইতেছেন; সর্ব্প্রাণীর ফলস্বরূপ সেই এই স্ব্যাদেবকে
সকলেই সাক্ষাৎ সম্বন্ধ উপভোগ করিয়া থাকে। অতএব যজ্ঞাঙ্গ-সম্বন্ধ
উপাসনার উপদেশের শর; সর্ব্ব্রকার প্রক্রমার্থ অপেক্ষা উংক্রইত্ন ফলপ্রদ
সেই যজ্ঞেরই কলাভূত স্বিতার উপাসনা বিধান করিব, মনে করিয়া শৃত্ত
"অসৌ বৈ" ইত্যাদি বাক্যের আরম্ভ করিতেছেন—

অসো বা আদিতো। দেবমধু, তদ্য দ্যোরেব তিরশ্চীন-বংশোহন্তরিক্ষমপূপো মরীচয়ঃ পুজাঃ॥১৮৫॥১

[যজ্ঞাঙ্গসম্বদ্ধোপাসনা নিরূপণানস্তরং যজ্ঞফলীভূততা সবিত্রুপাসনং বিধীয়তে]
—"অসৌ ইত্যাদিনা। অসৌ (লোকদৃত্তঃ) আদিত্যঃ বৈ (এব)দেবমধু
(দেবানাং বত্তপ্রভূতীনাং প্রমোদহেতুত্বাং মধুবং)। তত্ত (আদিত্যমধুনঃ) তৌ: (জ্লাকেঃ) এব (নিশ্চয়ে) তিরশ্চীনবংশঃ (ব্রুটভূতবংশথগুবং,

۲,

হালোকো হি দ্রতঃ ধহরাক।রেণ ব্রুলভ্ত ইব লক্ষাতে ইতিভাবঃ), অস্ত-রিক্ষম্ (নভস্তলম্) অপূপঃ (মধুচক্রং), মরীচয়ঃ (স্থ্যকিরণাঃ) প্রভাঃ মধুমক্ষিকানাং অপত্যানীব)॥

্রাঞ্জাঙ্গবিষয়ক উপাদনার পর যজেরই ফলস্বরূপ আদিত্যের উপাদনা বিহিত হইতেছে]—এই পরিদৃশুমান আদিত্যই দেবগণের মধু, অর্থাৎ মধুর স্থায় প্রীতিসম্পাদক; [ধ্যুর স্থায় বক্রাকার] হ্যলোকই তাহার বক্রীভূত বংশ্থও; অস্তরিক্ষই তাহার অপূপ অর্থাৎ মধুচক্র, এবং কিরণ্সমূহই মক্ষিকাগণের পুত্র স্থানীয়॥

শাক্ষরভাষ্যম। অসৌ বা আদিত্যো দেবমধ্বিতাদি। দেবানাং মোদনাৎ
মধ্বিব মধু অসাবাদিত্যঃ। বস্বাদীনাঞ্চ মোদনহেতুত্বং বক্ষাতি সর্ব্যক্তফলরূপত্বাদাদিত্যক্ত। কথং মধুত্বম্ ? ইত্যাহ—তক্ত মধুনো ছ্যোরেব ভ্রানরক্তেব মধুনঃ
"তিরশ্চীনবংশঃ তিরশ্চীনশ্চাসৌ বংশশ্চেতি তিরশ্চীনবংশঃ। তির্যাগ্রতেব হি
দ্যোল ক্ষাতে। অন্তরিক্ষঞ্চ মধ্বপূপো হাবংশে লগ্নঃ সন্ লম্বত ইব, অতো মধ্বপূপসামান্তাদন্তরিক্ষং মধ্বপূপাঃ, মধুনঃ সবিত্রাশ্রম্বাৎ। মরীচয়ো রশ্ময়ো রশ্মন্থা
আপো ভৌমাঃ সবিত্রাক্ষটাঃ। "এতা বা আপঃ স্বরাজো ব্যারীচয়ঃ" ইতি হি
দিক্তায়ন্তে। তা অন্তরিক্ষমধ্বপূপস্বশান্তর্গত্বাদ্ ভ্রমরবীজভূতাঃ প্রা ইব হিতা
লক্ষ্যন্তে, ইতি পুল্রা ইব পুল্রাঃ মধ্বপূপনাডান্তর্গতা হি ভ্রমরপুলাঃ॥ ১৮৫॥ ১

আন্নক্লিরিঃ। কর্মাঙ্গাববদ্ধং বিজ্ঞানং পরিসমাপ্য কর্মনলস্থাদিত্যস্ত সতম্বোপান্তি-বিধার্থমধ্যারাস্তরমারভমাণঃ সম্বন্ধ প্রতিজানীতে—অন্সাবিতি। পূর্ব্বোত্তরগ্রন্থরোঃ সম্বন্ধং প্রতিজ্ঞাত: প্রকটারিত্র: কার্নরতি—ভাক্তীতেতি। বিশিষ্টকলং পৃথিব্যাদিলোকত্ররম। সমনস্তরস্কর্ভন্স ভাৎপয়ং বক্তৃং পাত্রিকাং করোতি—সুক্রেভি। তন্স প্রেক্ষিডত্বং সূচয়তি — মহতে তি। কথং পুনরাদিতাস্ত সর্বপ্রাণিকর্মফলভূতত্বনিত্যাশঙ্কা সর্বৈকপ্রীবাছোপলভা-দিত্যাহ- ল এম ইতি। পাতনিকাং কুছোত্তরগ্রন্থাপয়তি—অভইতি। আদিত্যস্ত কর্মকলন্বাদিতি যাবং। তত্বপদেশে হেম্বস্তরমাহ—স্বর্জপুর্ক্ত হাতে। শ্রেষ্ঠতম্ং মুক্তিলকণমস্তান্তীতি তথোক্তম্। আদিত্যে কর্মফলশব্দপ্রবৃত্তিনিমিত্তমূক্তং ব্যক্তীকর্ত্ত মাহ—ব্দ্রাদীনাঞ্জেড়ি। চকারে। বিষৎসংগ্রহার্থ:। বন্ধ্যত্যাদিত্যশুভি সম্বন্ধ:। তক্স সর্বেবাং বজ্ঞানাং কলরপরাদিতি হেতু:। বস্বাদয়শ্চ কর্মকলভোক্তারত্তৎকলমাদিত্যং দৃষ্ট্র ভূঁপান্তীতি যুক্তনিত্যর্থ:। আদিতাং মধুদৃষ্ট্যোপাদীত ইত্যুক্তং, তত্ত্ব প্রদিক্ষমধুদাম্যমাদীত্যক্ত শ্রুজমবি।ব্দাপ্রবকং দর্শয়তি—ক্রথমিত্যাদিনা। দিবি তিরশীনবংশদৃষ্টো নিমিত্তমাহ —ব্রিগ্রাগ্রেডি। অন্তরিক্ষনিবাসিভিরুপরি বিসারিতনয়নৈরিতি শেবঃ। অন্তরিক্ষে মধ্বপুপদৃষ্টিং কথরতি—আক্তব্রিক্ষামিতি। মধুন ইত্যুভয়ত্র সম্বন্ধঃ। মরীচয়ঃ পুত্রা ইতি বাক্যং ব্যাচষ্টে—মহীচিয় ইতি। আপো ভূমেরাক্টা রশিস্থা: সস্তীত্যত্র প্রমাণমাহ— এতা ইতি। স্বরাজঃ স্বতো ভাসমানস্থ সবিতুরিতি বাবং। তাসাং পুত্রত্বং প্রকটরতি— তা ইতি। লোকে হি ভ্রমরবীজতুতাঃ পুত্রা মধ্বপুপচ্ছিদ্রস্থা দৃখ্যন্তে। এতাকাঞ্জাহস্তরিক-লক্ষণমধ্যপুপাতর্গতর শিস্থা ভবস্তি। ততকৈতাকক ব্রমরবীজদৃষ্টি: কর্তুরে তার্থ: ।। ১৮৫।১৬

ভাষ্যাকুবাদ। "অসে বা আদিত্যো দেবমধু" ইত্যাদি। এই আদিত্য দেবগণের প্রীতিসম্পাদন করেন বলিয়া মধু, অর্থাৎ মধুর স্থায় [প্রিয়]; সর্ববযজ্ঞের ফলস্বরূপ বলিয়া আদিত্য বে, বস্থ-প্রভৃতি দেবগণের প্রীতিসম্পাদক, ইহা পরেও বলিবেন। আদিত্যের মধুত্ব কিরূপে হয়, তাহা বলিতেছেন—ভ্রমরসম্বন্ধী মধুর স্থায় সেই আদিত্য মধুরও ত্যুলোকই তিরশ্চীনবংশ, অর্থাৎ বক্রীভূত বংশখ্ঞ; কেন না, ত্যুলোক যেন বক্রীভূত বলিয়াই পরিলক্ষিত হয়। আর অন্তরিক্ষ লোকটি মধুপিষ্টক (মধুচক্র), তাহা থেন ত্যুলোকরূপবংশে সংলগ্ন থাকিয়া ঝুলিতেছে; অতএব মধুচক্রের সহিত সাদৃশ্য থাকায় এবং মধুস্বরূপ আদিত্যের আশ্রয় স্থান বলিয়াও অন্তরিক (নভিন্তলু) মধু-পিষ্টক (মধুচক্র)। মরীচি অর্থ—রশ্মিসমূহ, অর্থাৎ সূর্য্যকর্তৃক আকৃষ্ট রশ্মিগত পার্থিব জলরাশি; কারণ, 'এই যে স্বয়ংপ্রকাশ-মান কিরণ মণ্ডল, ইহারা নিশ্চয়ই জলস্বরূপ; এই শ্রুতি হুইচেই ইহা জানা যাইতেছে। অন্তরিক্ষরূপ মধুপিষ্টকের মধ্বগত রশ্মির অন্তর্গত বলিয়া সেই জলসমূহই ভ্রমরের বীজস্বরূপ 🏑 ভ্রমরের উৎপত্তিকারণ স্বরূপ) পুত্র বলিয়া লক্ষিত হইয়া থাকে; অতএক, উহারাই পুত্র-পুত্রতুল্য; কেন না, ভ্রমরের সস্তানগণও ইহাদের স্থায় মধুচক্রের নাড়ীসমূহের মধ্যে অবস্থিত থাকে ॥১৮৫॥১

তস্তা যে প্রাঞ্চো ক্রমায়ন্তা এবাস্থা প্রাচ্যা মধুনাড্যঃ। , খাচ এক মধুক্তঃ ঝগ্রেদ এব প্রুপ্থং, তা অমৃতা আপ স্তা বা এতা। খাচঃ॥ ১৮৬॥ ২

তত্ত (আদিত্য-মধুন:) বে প্রাঞ্চ: (পূর্বভাগস্থা:) রশায়:, তা: (বিশেষ-প্রাধাস্তাৎ দ্রীঘং, তে ইতার্থ:) এব অহু (আদিত্য-মধুন:) প্রাচ্চ: (পূর্বঃ দিক্গডা:), মধুনাডা: (মধুবহু-নাড়ীরূপা:) ঋচ: (মুয়া:) এব মধুরুতঃ (মধুকরা:), ঋষেদ: এব পূজাং (মধুৎপত্তিস্থানং); তা: (যজ্জিরে অমৌ প্রাক্রিয়া: মোমাজ্যাদিরূপা:) অমৃতা: (অমৃতবৎ হরদা:) আপ: (জ্লানি

্ভৰম্বি), বৈ (যতঃ), এতাং (উকুণি: ঋচি:) তাং (আপঃ) (আহরমি, তৃতঃ মধুকরতুল্যা ইত্যর্থঃ)॥

সেই আদিত্যরূপী মধুর যে, পূর্বাদিগ্রন্তী রশ্মিসমূহ, সে সমস্তই ইহার পূর্বাদিগ্রন্তী মধুনাড়ীসমূহ; ঋক্মন্ত্রসমূহই মধুকর, এবং ঋথেদই তাহার পূপা। [আর যজ্ঞির অগ্নিতে যে সমস্ত সোম-ন্মতাদি পদার্থ প্রক্রিপ্ত হয়,] সেই সমস্ত পদার্থই অমৃত্যর [জলরূপে পরিণত হয়], ঋক্সমূহ সেই অমৃত [, আহ্রণ করেন করে, বলিরা মধুকরস্থানীয়॥

শাক্তর-ভাষ্যম্। তেখা সবিতৃর্মধ্বাশ্রয়ভা মধুনো যে প্রাঞ্চঃ প্রাচাং দিশি গতা রশায়ন্তা এবান্ত প্রাঞ্চঃ প্রাগঞ্চনামধুনেং নাড্যো মধুনাডা ইব মধ্বাধার-চ্ছিদ্রাণীত্র্যঃ। তত্র ঋচ এব মধুরুতো লোহিতরূপং সবিত্রাশ্রয়ং মধু কুর্বস্তীতি মধুরুতো ভ্রমরাঃ, যতো রসানাদায় মধু কুর্বস্তি; তৎপূর্পামিব পূর্পামৃগ্রেদ এব। তুত্র ঋগ্রাহ্মণসমৃদায়ভা ঋগ্বেদাথাজাংশক্ষমাত্রাচ্চভোগারপরগনিস্রাবাসম্ভবাৎ। ঋগ্বেদশক্ষেনাত্র ঋগ্বেদবিহিতং কর্মা, ততো হি কর্ম্মকলভূতমধুরসনিস্রাবসম্ভবাৎ। মধুক্রেরিব পূর্পায়াদৃগ্বেদবিহিতাৎ কর্মাণ আপ আনায় ঋগ্ভির্মধু নির্বান্তিত। ক্রান্তা আপেঃ ইত্যাহ—তাঃ কর্মাণ প্রয়ন্তাং সোমাঞ্চাপয়োর্মপাঃ অন্বো প্রস্থিত্তপোকাভিনির্তাঃ অমৃতার্যহাদত।স্তরসবত্য আপে। ভবস্তি। তন্ত্রসানাদায় তা বা এতা ঋচঃ পুর্শেভ্যো রসমাদদানা ইব ভ্রমরা ঋচঃ॥ ১৮৬॥২

প্রাচীনমধুনাড়ীদৃষ্টিবিধেয়ে জাচ— প্রাচীদিগ্গতেষাদিতার্থির আনন্দগিরিঃ। ভবেরাভি। নধাশ্রমা লোহিতাদিরপং মধ্বক্যমাণং তদাধারদোত্যর্থ:। ঋকু মন্তরপাত্র অমরণৃষ্টিমারোপয়তি—তত্ত্তি। একৃতং মধু সপ্তমার্থঃ। তাসাং মধ্কৃত্বং সাধয়তি— ুলোহ্রিডেডি। খগ্বেদবিহিতে কর্মণি পুষ্ণদৃষ্টিং সম্পাদরতি—যক্ত ইডি। খচো মধ্কৃত ইতি মন্ত্ৰাণাং পৃথক্ কৃতভাদ্ ঋথেদ: পুষ্পান্ ইতি ঋগ্বেদশব্দেন ব্ৰাক্ষণসমূদায়ক্ত বক্তব্যভাৎ কঁণকিৰুগ বেদবিহিতে কৰ্মণি ভচ্ছকেন লক্ষিতে পুষ্পদৃষ্টাাধ্যাসেহণি কৃতস্ততো মধুনিষ্পত্তি-রিত্যাশস্থাহ –ততে হীতি। তদেবোপপাদয়তি—মধুক্ররৈরিতি। লোকে ভাবদপঃ . পুসাজায়াঃ সমাদায় মধুকরৈমধু নিক্জিতে, তথেহাপি মধুকরভানীয়ৈঋ ঙ্মজৈতদ্বেদবিহি-তাঁৎ পুপান্থানীরাৎ কর্মণঃ সকাশাদপো গৃহীছা মধু নিপ্পাদ্যতে। তত্মাৎ কর্মণঃ স্বয়লভূতমধু-নিপভেরপণভেন্তন্দিন্ পুপাদৃষ্টিরিত্যর্থ:। তা অমৃতা আপ'ইতি বাক্যং এমপুর্বকং ব্যীচট্টে—ক্রাস্কা ইত্যাদিনা। কর্মণি প্রযুক্তব্যভিনয়তি—অপ্নাতিতি। পরিপাকাতি-ণিক্ ভত্মপুকারতং পরশ্পরয়া মুজ্যর্থসমূতার্থসম্। যুদ্বা রোহিতরুগামূতনিক্তিকতং ভদর্থ-বৰুদ্। উৎকৃষ্টফলৰৰ্মতাশ্তরসবৰুম্। তা বা এতা ইত্যাদি ব্যাচষ্টে, ভালুসানিভি। ষ্ণাহি পুলেজ্যো অমরা রসানাদদানাভাভভিতপত্তি তথৈতে মন্ত্রান্তিন্ কর্মনি স্থিতান্ অক্সান্ मुख्यानामाम् मधु निर्मार्गवाद्यां यायायः क्यांकिमजः नमारनाववि स्थार्थः। २

ভাষ্যাকুবাদ। মধুর আভায়ুভুত মধুরূপী সেই সবিতার যে পূর্ববিদিগ্বন্তী (প্রাঞ্চঃ) রশ্মিসমূহ, সেই সমস্ত প্রথমে আগমন করে (দৃষ্ট হয়) বলিয়া 'প্রাচী' (পূর্ববিদিগ্গত) মধুর নাড়ী—মধুনাড়ার সদৃশ, অর্থাৎ মধুর আধারভূত ছিদ্রবাশিস্বরূপ। ঋক্সমূহই (মন্ত্রবাশিই) মধুকর; সূ্্যাস্থ লোহিতবর্ণরূপ মধু সম্পাদন করে বলিয়া [ঋক্সমূহই] মধুকর—ভ্রমর সদৃশ। যাহা হইতে মধু আহরণ করা হয়, ঋথেদই দুসই পুষ্প অর্থাৎ পুষ্পাদদৃশ। ঋক্সংহিতা (মন্ত্রভাগ) ও ব্রাহ্মণ, এতৎ সমু-দায়েরই নাম ঋথেদ; আর কেবলই শব্দময় ঋথেদ হইতে ভোগ্যভূত . রস-নিঃসরণও সম্ভবপর হয় না, অতএব এখানে 'ঋখেদ' শব্দে শ্বেদ-বিহিত কর্মাই বুঝিতে হইবে; কেন না, কর্মা হইতেই তৎফলস্বরূপ মধু-রসের নিঃসরণ সম্ভব হয় ; ঋক্সমূহ মধুকরের স্থায় পুষ্পান্থারীয় ঋথে-দোক্ত কর্ম্ম হইতে জল (সোমাদি রস) সংগ্রহ করিয়া ঐ মধু নিষ্পাদনী করিয়া পাকে। সেই জল কাহারা ? তত্ত্তরে বলিতেছেন—যজ্ঞাদি কর্ম্মে ব্যবহৃত, অগ্নিপ্রক্ষিপ্ত এবং তাহারই পরিপাকে .অবস্থান্তরিত সোম, আজা ও জলাদিরূপ অমৃতসমূহ; অমৃত সম্পাদুনই (*) উহাদের উদ্দেশ্য বলিয়া অতিশয় রসযুক্ত জলরূপে পরিণত হইয়া থাকে বুপুপ হইতে রসগ্রাহী ভ্রমরের স্থায় সেই এই ঋক্সমূহও সেই এই রসসমূহ আহরণ করে বলিয়া ভ্রমরের সাদৃশ্য লাভ করে ॥১৮৬॥২

এত্রম্থেদমভ্যতপণ্স্তস্থাভিতপ্তস্থ যশস্তেজ ইন্দ্রিয়ং বীর্য্যমন্নাত্রণ্ রসোহজায়ত॥ ১৮৭॥ ৩

[কর্মণি প্রযুক্তা: খচ:] এতম্ (উক্তলকণম্) খবেদং অভ্যতপন্ (অভিতাপং ক্তবতা ইব); অভিতপ্তত তদ্য (খবেদ্দা, অভিতৃপীৎ থাবেদাদিত্যর্থ:) যশ: (কীর্ডি: লোকপ্রতিষ্ঠা) তেজঃ (দেহগতা দীঝিঃ),

^{*} তৎপর্যা—এথানে 'অমৃত' অর্থ—উৎকৃষ্ট ফল। তাহাও আবার দুই প্রকারে বৃষা ৰাইতে পারে, এক—পরম্পরা সম্বন্ধে কর্ম সমূহও মৃক্তিরূপ অমৃতক্তের সাধন হয়। আর ক্ষ দারা স্থাের লােহিত বর্ণটি নিপার হর, এই কৃষ্ণ তাহাকেও অমৃত বলা বাইতে পারে।

ইক্রিয়ং (ইক্রিয়সামর্থাং) রীর্য়ম্ (পাথর্থাম্ গ অরাফ্রং (অরং চ তৎ আছুং
—ভক্ষণীয়ং চ—অরাফ্রং); [এতদার্থাকঃ] রসঃ অজায়ত (উৎপরঃ বভূব)।

কর্মে বিনিষ্ঠ মন্ত্রসমূহ এই ঋথেদকে যেন সর্প্রভোভাবে উত্তাপিতই করিমাছিল; অভিতপ্ত সেই ঋথেদ হইতে যশঃ (কীর্ত্তি) তেজঃ (শরীরশোভা) ইন্দ্রিমপট্টতা, সামর্থ্য এবং ভক্ষণীয় অন্নরূপ রস উৎপন্ন হইয়াছিল॥

শাক্ষরভাষ্যম। এতম্গ্বেদম্ ঋগ্বেদবিহিতং কর্ম পুলাহানীরমন্তাতপন্
অভিতাপং কতবতা ইব এতা ঋচং কর্মণি প্রযুক্তাং। ঋগ্ভিহি মন্ত্রং লাক্ষাত্তসভাবমুপগতৈঃ ক্রিয়মাণং কর্ম মধুনির্বর্ত্তকং রসং মুঞ্চতীত্যুপপত্ততে, পুলাণীর ভ্রমরেরাচ্যুমাণানি। তদ্তেদাহ—তক্ত ঋগ্বেদক্ত অভিতপ্তক্ত; কোহসৌ রসং, ব ঋ্মধুকরাভিতাপনিংক্ত ইতি উচ্যতে—যশো বিশ্রুতম্বং, তেজো দেহগতা দীঝিঃ, ইন্দিরং সামর্থ্যোপেতেরিক্রিরেরবৈকলাং, বীর্যাং সামর্থ্যং বলমিত্যর্থঃ। আরাভ্যম্ অরঞ্চ তদাত্তঞ্চ, যেনোপযুজ্যমানেন অহন্তহনি দেবানাং স্থিতিঃ স্থাৎ, ক্রদরাত্তম্ ; এর রসোহজারত যাগাদিলক্ষণাৎ কর্মণঃ॥ ১৮৭॥ ৩

[পৌলারণ: জানশতি:] তং (বৈকং) হ (ঐতিহ্যে) অভ্যুবাদ (উক্ত-বান্)—হে বৈক, ইদং (পুরো বর্তি) গবাং সহস্রং, অঁরং নিদ্ধঃ, অরম্ অশতরী- ব্বাং, ইরং জারা, যদ্মিন্ গ্রামে) আস্সে (বং নিবস্সি), [সঃ] অরং গ্রামঃ [বদর্থ: মরা কল্লিতঃ]। ভগবঃ (হে পূজা, [বদ্ এতং সর্বং গৃহীরা] মা (মাঃ) অর্শাধি (উপন্শক্ষা) এব (নিশ্চয়ে)।

[জানশ্রুতি] তাঁহাকে বলিলেন—হে রৈক্ত এই সহস্র গেণ, এই রুদ্ধরানী, এই অশুত্রীযুক্ত রথ, এই ভার্য্যা (আমার কল্পা) এবং আপনি বেখানে বাস করেন, সেই গ্রাম, এই সমস্ত আপনার নিমিত্ত মনে মনে কল্পিত করিরা রাথিয়াছি, [আপনি গ্রহণ করিয়া] আমাকে বিদ্যা উপদেশ কর্ত্তন ॥

শাক্ষরভাব্যম্। রৈক ইদং গবাং সহস্রম্ অয়ং নিক্ষ: অয়ম্ অয়তুরীরধঃ ইয়ং জায়া জায়ার্থং মম হহিতা আনীতা,অয়ঞ গ্রামঃ যশ্মিন্ আস্সে তিষ্ঠসি, স চ ছদর্থে
•ময়া করিতঃ; তদেতৎ সর্কমাদার অনুশাধ্যেব মা মাং হে ভগবঃ, ইত্যুক্তঃ ॥২৫১॥৪

হে রৈক, এই সহত্র গো, এই রত্মহার, এই অশ্বতরীরথ, এই জায়া, অর্থাৎ আপনার ভার্যারূপে গ্রহণার্থ আনীত আমার এই কৃষ্টী, এবং এই গ্রাম—যেখানে আপনি বাস করিতেছেন, আমি আপনার উদ্দেশে এ সমস্ত দ্রব্য সকল্লিত করিয়া রাখিয়াছি; হে ভগবন্! আপনি এ সমস্ত দ্রব্য গ্রহণ করিয়া আমাকে অবশ্য উপদেশ প্রদান কর্মন । রৈক এই রূপ অভিহিত হইয়া—॥২৫১:৪

তস্তা হ মুখমুপোদ্গৃষ্ণমু বাচাজহারেমাঃ শৃদ্র, অনেইমব-মুখেনালাপীয়ষ্যথা ইছি। তে হৈতে রৈরপর্ণ নাম মহার্ষেষ্
যত্তা, আ উবাদ দ তামে হোবাচ॥ ২৫২॥৫

ইতি চতুৰ্পাধ্যায়স্ম দিতীয়ঃ খণ্ডঃ ॥৪॥২॥

ভক্তাঃ (জারার্থং পরিকরিতায়াঃ রাজহৃছিতুঃ ') ' মুথর্ম উপোদ্গৃহুন্ (বিছাএহণছারং জানন্), যদ্বা—মুথম্ উপোদ্গৃহুন্ (উত্থাপ্য ধাররন্)] উবাচ
(উক্তবান্)—হে শুদ্র, [যং] ইমাঃ (গাঃ) আজহার (আহতবান্), [তৎ ভদ্রং
কৃতবান্ }, [যহা, আজহার—আহর উপানর, ইতি বিভক্তিব্যত্যরঃ]। অনেন
(গর্বাদিসম্প্রদানলকণেন) এব (নিশ্চরে) মুখেন (উপারেন) আলাপরিষ্যথাঃ
(বাম আলাপরিস) ইতি। তে (প্রসিদ্ধাঃ) এতে (জ্বানশ্রুতি প্রদত্তাঃ গ্রামাঃ)
মহার্বেষ্ (তদাথ্য প্রদেশেষ্) হ রৈকপর্ণাঃ (রৈকপর্ণনায়া বিখ্যাতাঃ), বত্ত্ব
(বেষু গ্রামেষ্) উবাস (বসতিং কৃতবান্) [রৈক ইতি শেষঃ]। [তান্ গ্রামান্]
আন্মে (রৈকার) [প্রাদাৎ রাজা]; [অনন্তরং] সঃ (রৈকঃ) তব্দে (রাজে)
হ উবাচ বিভান্ উক্তবান্)।

্রাক্তকন্তার মুথকেই বিভাগ্রহণের উপযুক্ত উপান্ন মনে করিয়া, ভাগবা সেই রাজকন্তার মুথটি উঠাইয়া ধরিয়া রাজাকে বলিলেন,—ছে শুদ্র 'ভূমি ধে, এই সমস্ত গো আনয়ন করিয়াছ, এই উপায়েই ভূমি আমাকে কথা নলাইত্তেছ। বে সমস্ত গ্রামে রৈক বাস করিতেন, এই সমস্ত, গ্রাম মহাব্রষ প্রদেশে 'রৈকপর্ণ' নামে প্রসিদ্ধ; জানশ্রুতি সেই গ্রামসমূহ রৈককে দান করিলেন, [তাহ্যার পর] রৈক তাহাকে (জানশ্রুতিকে) বিভার উপদেশ করিলেন।

শাক্ষরভাষ্যম। তন্তা জায়ার্থমানীতায়া রাজ্ঞা ছহিতুর্গ এব মুখ্রং দারং, বিশ্বায়া দানে তীর্থম্ উপোদ্গৃহন্ জানন্নিতার্থ:।

- 🕶 "ব্ৰদ্ধচারী ধনদায়ী মেধাবী শ্ৰোতিয়ঃ প্ৰিয়ঃ।
 - · বিশ্বরা বা বিদ্যাং প্রাহ তানি তীর্থানি ষণ্মস ॥"

ইভি ।বিজ্ঞারা বচনং বিজ্ঞারতে হি। এবং জানর পোদ্গৃত্বন্ উবাচ উক্তবান্—
আলহার আহ্বতবান্ ভবান্ বং দিমা গাঃ যদ্যান্তবনং, তৎ সাধিবতি বাক্যাশেবঃ।
শৃদ্দ্রতি পূর্ব্বোক্তান্তর তিমাত্রম্য, ন তু কারণান্তরাপেক্ষরা পূর্ববং। অনেনৈব
মূর্বেন বিজ্ঞাগ্রহণতীর্বেনালাপরিষ্যথা আলাপরসীতি মাং ভাণরসীতার্থঃ। তে
হৈতে প্রামা বৈরুপণা নাম বিখ্যাতা মহার্বেষ্ দেশেষ্, যুত্র বেষু প্রামেষ্
উবাসোবিতবান্ কৈকঃ, তানসৌ প্রামান্ অদাদ্ অলো বৈরুষার রাজ্ঞী, তিক্সে রাজ্ঞে
ধনং স্ক্তবতে হ কিল উবাচ বিজ্ঞাং স বৈরুঃ ॥ ২৫২ ॥ ৫

हेकि ठजूबीशांत्रक विकीत-१४७-कांग्रम्॥ ॥॥ २

আনক্ষণিরি:। বিদাদিনে তভা বারন্ধ তদাস্ত বরজানদানতীর্বভাং জানমুবাচেতি সম্বন্ধ:। ধনদাত্বিদ্যাদানতীর্বহে প্রমাণনাহ — ব্রহ্মচারীতি। তভা বার্তাং
বিদ্যাদানে তদাত্তীর্বতাং চ জানমু বাচেত্যুক্তমনুবদতি—এবং জানফ্লিড়ে। কিম্জুমিত্যপেকারামাহ —আজহারেতি। তত্র বৈধর্ম্যদৃষ্টাক্তমাহ—পুর্বাবাদিতি। ব্রহ্মণানিছারাং কারণাপেকারাং শৃজেতি সন্বোধনবদিত্যর্বং। রৈকেণ গ্রামাদিক্ত গুহীদ্বা
বিদ্যা জানশ্রু হয়ে দন্তেত্যুমান্ প্রতি শ্রুতিজ্ঞাপয়তি—তে হৈতে ইতি। মহাব্বের্ মহাপুণ্যেবিতি ব'বং॥ ২০১—২০২॥৪।০

ইতি চতুৰ্পাধ্যায়স্ত দিভীয়ঃ থও:॥ ॥।

ভাষ্যান্ত্রাদ। রৈকের ভার্যা-করণার্থ আনীত সেই রাজগুহি-তার মুখকেই বিদ্যাসম্প্রদানের উপযুক্ত দার বলিয়া অবগত হুইয়া---কেননা, বিভার নিজের কথায়ও এইরূপই জানা যায়, 'ব্রহ্মচারী, ধনদাতা, মেধাবা, প্রিয়, শ্রোত্রিয়* এবং বিছা বারাও বিছার উপদেশ করা হয়, অত এব এই ছয়টিই আমার (বিছার) তীর্থ অর্থাৎ বিছা সম্প্রদানের উপযুক্ত পাত্র।' ঋষি এইরূপ বুঝিয়া বলিলেন—ু আপনি যে এই সমস্ত গো এবং আরও যে কিছু আনিয়াছেন, তাহা উত্তমই বটে ; এই বাক্যাংশটুকু অবশিষ্ট রহিয়াছে, অর্থাৎ মূলঞ্চাতিতে এই অংশ বলা হয় নাই। এখানে 'শূদ্র' পদটি পূর্বেবাক্ত কথারই অমুকরণ মাত্র, কিন্তু পূর্বের স্থায় এখানেও পৃথক কোন কারণ-বিশেষ-জ্ঞাপনার্থ নহে। [তুমি] এই মুখ দারাই অর্থাৎ বিছা-গ্রহণের উপযুক্ত উপায়ের সাহাযোই আলাপিত কবিবে, অর্থাৎ আমাকে কথা বলাইবে। সেই এই গ্রামসমূহ মহাব্যনামক প্রদেশে 'রৈকপর্ণ' নামে বিখ্যাত,—যে সমস্ত গ্রামে রৈক বাস করিতেন, রাজা. সেই সমস্ত গ্রাম রৈকের উদ্দেশে প্রদান করিলেন। রাজা প্রদান করিলে পর সেই রৈক তাঁহাকে বিছার উপদেশ প্রদান করিয়াছিলেন॥ ২৫২॥৫

ইতি চতুর্থাশ্রায়ে দিতীয় খণ্ডের ভাষ্যামুবাদ ॥৪।২

শ্রেরের কৃষ্ণ এইরূপ---

একাং শাখাং সকলাং বা বড়্ভিরকৈরধীতা বা ি

বট্কর্ম-নিরতো বিপ্র: শ্রোতিয়ো নাম ধর্মবিং ॥"

অর্থ্য বিনি ছরটি বেদাঙ্গের সহিত অথবা কেবল কল্পত্তের সহিত একটি বেদ্দাথা অধ্যয়ন করত বলন-বালনীয়ি বটকর্মে নির্দ্ধ থাকেন, ধর্মজ্ঞ সেই ব্যক্তিকে গ্রোজিয় বলে।

. চতুর্থাধ্যায়ে

তৃতীয়ঃ খণ্ডঃ।

বায়ুর্কাব সংবর্গো যদা বা অগ্নিরুদ্বায়তি বায়ুমেবাপ্যেতি যদা সূর্য্যোহস্তমেতি বায়ুমেবাপ্যেতি যদা চল্রোহস্তমেতি বায়ুমেবাপ্যেতি ॥ ২৫০॥১

[ইদানীং বায়্প্রভৃতিষ্ সংবর্গদৃষ্ট্য। উপাসনং প্রস্তুয়তে—'বায়্ব্রাব''
ইত্যাদিনা'।]— বায়ুং (বাহুং বায়ুং) বাব (এব) সংবর্গং (সংবৃণোভি—সর্ব্রং
বস্তুজাতং সংগৃহ্লাভি, সংহরতীতি বা সংবর্গং, সংবর্জনাথ্যগুণধোগেন উপাস্ত
'ইত্র্যুর্থঃ)। [এতদেব প্রপঞ্চয়িত্মাহ]— বদ। (যন্মিন্ কালে) বৈ অগ্নিঃ (ভূতাগ্রিঃ) উদ্বারতি (নির্ব্রাতি), তদা [সঃ] বায়ুম্ এব অপ্যোতি (অপিগছ্ছতি, তবৈর লীয়তে ইত্যর্থঃ)। যদা স্থ্যঃ অন্তম্ (অদর্শনং) এতি, তদা
[সঃ] বায়ুম্ এব অপ্যোতি; যদা চক্রঃ অন্তম্ এতি, তদা [সঃ] বায়ুম্ এব
অপ্যেতি, (রায়ুনিমিভত্বাৎ স্থ্যাচক্রমসোঃ অন্তগ্যমনস্ত ইতি ভাবঃ)।

[এখন সংবর্গগুণযোগে বায়ু প্রভৃতি দেবতার উপাসনা বর্ণিত হইতেছে]—
বায়ুই সংবর্গ, অর্থাৎ সমস্ত পদার্থকে সমবেত করে অথবা বিনষ্ট করে 'বলিয়ান
বায়ুই 'সংবর্গপদ' বাচ্য। দেখ, অগ্নি যখন নির্বাপিত হয়, তখন তাহা
বিনীন হয়; হুর্যা যখন অন্তমিত হয়, তখন তাহাও বায়ুতেই
বিলীন হয়; এবং চন্দ্র যখন অন্তমিত হয়, তখন তাহাও বায়ুতেই
বিলীন হয়; এবং চন্দ্র যখন অন্তমিত হয়, তখন তাহাও বায়ুতেই
বিলয়প্রাপ্ত হয়।

শাক্ষরভাষ্যম। বায়্র্বাব সংবর্গঃ, বায়্র্বাহঃ; বাবেত্যবধারণার্থঃ। সংবর্জনাৎ সংগ্রহণাৎ সংগ্রসনাদ্বা সংবর্গঃ; বক্ষ্যমাণা অগ্ন্যাতা দেবতা আন্ধ্র-ভারমাণাদয়তীত্যতঃ সংবর্গঃ সংবর্জনাথ্যা গুণো ধ্যেয়ো বায়োঃ, ক্বতায়াস্তর্ভাকদৃষ্টাস্থাৎ। কথং স্ংবর্গছঃ বায়োঃ ? ইও্যাহ—্রদা যশ্মিন্ কালে বৈ অগ্নিঃ
উদ্বায়তি উদ্বাসনং প্রায়োতি উপশাম্যতি, তদা অসৌ অগ্নির্বায়্তির অপ্যেতি,
যায়্র্যাভাব্যম্ অপিগছতে। তথা, বদা হুর্য্যোহস্তমেতি, বায়ুমেবাপ্যেতির হদা
চল্লোহস্তমেতি, বায়ুমেবাপ্যেতি।

নতু কথং স্থাচন্ত্রমসোঃ স্বর্গবিস্থিতরোঃ বারো অপিগমনম্ ? নৈষ দোবঃ, অস্তমনে অদর্শন প্রাপ্তেকায়্নিমিত্তরাৎ; বায়্না হি অস্তং নীয়তে স্থাঃ, চলনস্ত বাষ্কার্যারাৎ। অথবা, প্রলয়ে স্থাচন্ত্রমসোঃ স্বর্গতাংশে তেজো-রূপয়োর্কায়াবেব অপিগমনং স্থাং॥ ২৫৩॥ ১

আনন্দ্রিলিঃ। কথং বিদ্যাম্ক্রবানিত্যাশক্ষ্যাধিদৈবতং তছন্তি প্রকারং দর্শন্তি—বায়ুরিভ্যাদিনা। প্রাণো বাব সংবর্গ ইভি: বক্ষ্যমাণেনাপুনরুক্ততারে বায়ুং ব্যাচষ্টে—বিষ্ণুরিছা ইভি। সংবর্জনাদিতাক্ত ব্যাখ্যা সংগ্রহণদিতি। সংগ্রহণপক্ষং সমর্থরতে—বক্ষ্যমাণা ইভি। কিমিতি সংবর্গন্ধং বায়োরুপদিভতে গতত্র দৃষ্টাক্তপ্রতিং প্রমাণ্যতি—ক্রভারেতি। কংগ্রমনাণ বেত্যক্তং পক্ষমাকাক্ষাপুর্বকং বাৎপাদয়তি—ক্রথাত্রাদিনা। ক্র্যাচল্রমদোবাগাবপি গমনমাক্ষিপতি নক্সিভি। আ প্রক্রাৎ তথােরধিকারপদে স্থিত্যক্তী কারাৎ ক্রপাবস্থিতবং প্রত্বামু। ক্র্যাদেঃ ক্রপাবস্থানেহপি বায়াবপায়ঃ ব্রহণাদ্রিভি—বায়ুনা হীভি। ক্র্যাগ্রহণং চল্রমদোহপাপলক্ষণম্। গৌণন্তর্হি বায়াবপায়ঃ ক্র্যাদেঃ, ইত্যাশক্ষ্য পঞ্চরমাণ্ড—অথবেভি। সম্বতিসময়ে হি সংহয়তি বেত্যর্থঃ॥ ২০০০ • •

ভাষ্যানুবাদ। 'বাব' শব্দের অর্থ—অবধারণ (নিশ্চয়), বায়ুই সংবর্গ; এখানে বায়ু অর্থ—বাহ্য—ভৌতিক বায়ু, তাহাই [বস্তুরাশিকে] সংগৃহাত (সমবেত) করে বলিয়া কিংবা কঁবলিওঁ করে বলিয়া 'সংবর্গ', অর্থাৎ বক্ষামাণ অগ্নি প্রভৃতি দেরতাকে আত্মভার—বায়ুভাব প্রাপ্ত করায়; এইজন্ত 'উহ' সংবর্গ' পদবাচা। ["কুতায় বিজিতায়" এই স্থলে] কুতায়ে অপর সমস্তের অন্তর্ভাবের দ্যান্ত হইতে [বুঝা যায় যে,] বায়ুর উক্ত সংবর্জ্জনাখ্য গুণটি ধ্যান করিতে হইবে। বায়ুর সংবর্গত (সর্ববসংহারকত্ব) হয় কিরুপুণু এই আকাজ্কায় বলিতেছেন—যে সময় অগ্নি উদ্বাপতি—নির্বশিপ্রাপ্ত হয় অর্থাৎ নিবিয়া যায়, তথন এই অগ্নি বায়ুকেই প্রাপ্ত হয়, অর্থাৎ বায়ুর সভাব লাভ করে; সেইরূপ যথন সূর্য্য অন্তমিত হয়, [তথন সেই সূর্য্য] বায়ুকেই প্রাপ্ত হয়; সেইরূপ যথন চন্দ্র অন্তমিত হয়, [তথন সেই সূর্য্য] বায়ুকেই প্রাপ্ত হয়;

ভাল, [অন্তসময়ে] সূর্য্য ও চন্দ্র যখন স্ব স্থ রূপেই অবস্থিতি করে, তথন ভাছাদের আবার বায়ুতে বিলয়প্রাপ্তি হয় কিরূপ ? ন', ইহা-দোষাবহ নহে;—কেননা, চলন বা গমনাগমন যখন বায়ুরই কার্য্য, উখন সূর্য্যের অন্তগমনও বায়ু দারাই সম্পাদিত হইয়া থাকে; স্তরাং অন্তময়সময়ে সূর্য্যের ষৈ অদর্শন ছয়, বায়ুই তাহার নিমিত্ত; অথবা প্রালয়কালে যখন সূর্য্য ও চন্দ্রের স্বরূপ ধ্বংস হয়, তখন তেলোময় সূর্য্য ও চন্দ্রের [তেজের কারণীভূত] বায়ুতেই বিলয় প্রাপ্তি সম্ভবপর ॥২৫৩॥১

যদাপ উচ্ছুষ্যন্তি বায়ুমেব,পিযন্তি, বায়ুর্হ্যেবৈতান্ সর্বান্ 'সংর্প্তকে ইত্যধিদৈবতম্॥ ২৫৪॥২

যদা আপ: (জলানি) উচ্ছ্যান্ত (সম্যক্ শোষং প্রাপ্নুবন্তি), [তদা তাঃ] বায়্ম্ এব অপিযন্তি, (বামে লীয়ন্তে ইতার্থঃ)। হি (যন্ত্রাৎ) বায়ঃ এব এতান্ সর্বান্ (অগ্নিপ্রভৃতীন্) সংবৃঙ্জে (সংহরতি)। আতঃ সংবর্গ ইতি ভাবঃ]; ইপ্লি (এতৎ) অবিদৈবতং (দেবতাবিষয়কং দর্শনমিত্যর্থঃ)॥

শ্বন জলসমূহ শুক্ষ হইয়া যায়, তথন সে সমস্ত বায়ুকেই প্রাপ্ত হয়, অর্থাৎ বায়ুকেই বিলীন হয়; কেননা, বায়ুই এই অগ্নিপ্রভৃতি সমস্ত পদার্থকৈ সংহার করিয়া থাকে; [অতএব উহা সংবর্গপদবাচা]। ইহা ইইতেছে অধিদৈবত অর্থাৎ. শেবভাথিষয়ক উপাসনা॥

় আনক্সিরিঃ॥ २८४॥ २

• ভাষাাকুবাদ। সেইরূপ যখন জলও শোষপ্রাপ্ত হয়, তখন বায়ুতেই বিলীন হয়, যেহেতু বায়ুই এই অগ্নি প্রভৃতি মহাবল পদার্থ সমূহকে সংবরণ [সংহার] করে; সেইজগ্য বায়ুকে সংবর্গগুণ-বিশিক্তরূপে উপাসনা করিবে। ইহা অধিদৈবত অর্থাৎ দেবতাবিষয়ক উপাহনা উক্ত হইল ॥২৫৪॥২

অথাধ্যাত্মম্- প্রাণো বাব সংবর্গঃ, স বুদা স্বপিতি শোগমেব বার্গীপ্যেতি, প্রাণং চক্ষুঃ প্রাণণ্ড শ্রোত্রং প্রাণং মনঃ প্রাণো ছেবৈতান্ সর্বান্ সংর্ঙ্ভে ইতি ॥২৫৫॥৩ অথ (অনস্তরং) অধ্যাত্মম্ (দেবুরু বিষয়কম্ উপাসনম্) [উচাতে]—
প্রাণঃ (পঞ্রু ব্যাত্মকঃ) বাব (এব) সংবর্গঃ (পূর্ববং সংবর্গ গুণু বোগেন
উপাক্তঃ)। সঃ (প্রসিদ্ধঃ পুরুষঃ) যদা (যত্মিন্ কালে) স্বপিতি (নিন্তাঙি),
তদা বাক্ (বাগি ক্রিয়ং) প্রাণম্ এব অপ্যেতি (প্রাণ্ডোতি ', চুকুঃ, প্রাণং
[অপ্যেতি], শ্রোত্রং [অপি] প্রাণং [অপ্যেতি], মনঃ (অস্তঃকরণং) প্রাণং
[অপ্যেতি], হি (যত্মাৎ) প্রাণঃ এব এতান্ (বাগাদীন্) সর্বান্ সংবৃঙ্কে •
ইতি।

অনস্কর অধ্যাত্ম [উপাসনা কথিত হইতেছে]—পাণই সংবর্গ; কেননা, পুরুষ যথন নিদ্রিত হয়, তথন বাগিন্দ্রিয় প্রাণেই বিলীন হয়, চক্ষু: প্রাণে, শ্রোত্র প্রাণে, এবং মনও প্রাণে বিলয়প্রাপ্ত হয়; কারণ, প্রাণই এই সমস্তকে (বাগাদি ইন্দ্রিয়কে) সংবরণ করিয়া থাকে॥

শাক্ষরভাষ্যম। অথ অনস্তঃমধ্যাত্মন্ আত্মনি সংবর্গদর্শনম্ ইদম্চাতে—
প্রাণো ম্থ্যো বাব সংবর্গ:। স পুরুষো যদা যদ্মিন্ কালে স্বপিতি, তদা প্রাণিশৈব
বাক্,অপ্যতি— ব য়ুমিবাগি:। প্রাণং চক্ষ্যু, প্রাণং শ্রোত্রম্, প্রাণং মন্ত্রা,
হি যন্মাদেব এতান্ বাগাদীন্ সর্কান্ সংবৃহ্জে ইতি ॥ ২৫৬॥ ৩

আনন্দুগিরি:। কথং প্রাণস্থ সংবর্গবমিত্যাশস্ক্যাহ—স পুরুষ ইতি। তক্ষাৎ সংবর্গ ইত্যধ্যাম্বমিতি শেব:॥ ২৫৬॥ ৩

ভাষ্যানুবাদ। অতঃপর অধ্যাত্ম অর্থাৎ আত্মবিষয়ক এই সংবর্গদর্শন কথিত হইতেছে—মুখ্য (পঞ্চর্ত্ত্যাত্মক) প্রাণ্ট সংবর্গ; সেই পুরুষ (জীব) যে সময় নিজিত হয়, তখন অগ্নি যেমন বায়ুকে প্রাপ্ত হয়, তেমনি বাগিন্দ্রিয়ও প্রাণকেই প্রাপ্ত হয়; চক্ষুঃ প্রাণকে, শ্রোত্রও প্রাণকে, মনও প্রাণকে [প্রাপ্ত হয়]; যেহেতু প্রাণই এই বাগাদি সর্বব পদার্থকে সংহার করিয়া থাকে॥ ২৫৫॥৩

•তৌ বা এতো দ্বো সংবগোঁ বায়ুরেব দেবেষু প্রাণঃ •প্রাণেষু॥ ২৫৬॥৪

ভৌশ্ভিক্তো) এত্রে ছো (পদার্থো) বৈ (এ) সংবর্গে। (সংবর্জনগুণ-সম্পান্ধো)—দেবেরু মধ্যে বারু: এব, প্রাণেরু (বাগাদিয়ু) প্রাণ: এব প্রিবর্গ ইতি শেবঃ]। সেই এই তৃই ট পদার্থ ই সংবর্গ অর্থাঃ সংকর্জনগুণযুক্ত ; দেবগণের মধ্যে বায়ু, আর বাগাদি ইক্রিয়ের মধ্যে প্রাণ॥

শাঙ্করভাব্যম্। তৌ ষা এতৌ ছৌ সংবগৌ সংবর্জন গুণৌ—বায়ুরেব দেবেষু শৃংবর্ণঃ, পাণঃ প্রাণেষু বাগাদিষু মুখ্যঃ॥ ২৫৭॥ ৪

আনন্দগিরি:। বায়ুপ্রাণান্দিনৈবতাধ্যায়ভেদেন সংবর্গগুণাব্জাব্পসংহরতি— ভাবিভি ॥ ২৫৬॥ঃ

ভাষ্যানুবাদ। সেই এই ছইটিই সংবর্গ, অর্থাৎ পূর্ণেরাক্ত সুংবর্জ্জনগুণযুক্ত—দেবগণের মধ্যে সংবর্গ, আর বাক্ প্রভৃতি প্রাণের মধ্যে মুর্থা প্রাণই [সংবর্গ]॥২৫৬॥৪

্ত্রপ হ শোনকঞ্চ কাপেয়মভিপ্রতারিণং চ কাক্ষ-শ্রেমিং পরিবিষ্যমাণো ব্রহ্মচারী বিভিক্ষে; তত্মা উ হ ন দৃদ্ভুঃ॥ ২৫৭॥ ৫

অথ • (উন্তেশাসনাস্তত্যারন্তে) হ (উতিছে) কাপেয়ং (কপি-বংশোৎপন্নং) চ শৌনকং (শুনকস্থাপত্যং) কাক্ষসেনিম্ (কক্ষসেন্স অপত্যম্) আভি প্রতারিণং চ (অপি । পাচকেন] পরিবিষ্যমাণে [এতে] ব্রহ্মচারী বিভিক্ষে (ভিক্ষাং বাচিতবান্), [তৌ চ] তথ্যৈ (ব্রহ্মচারিণে) উ (বিভূক্ষে) ন হ (নৈব) দদতুঃ (ভিক্ষাং দত্তবস্থে) ॥

— [উক্ত সংবগোপাসনাদ্যের স্কৃতি আরম্ভ ইতেছে]—কপিবংশসন্ত্ত শৌনক ও কক্ষসেন-পূত্র অভিপ্রতারী—এই হইজনকে পাচক অন্নপরিবেশন করিতেছে, এমন সময় ব্রহ্মচারী আসিরা ভিক্ষা প্রার্থনা করিলেন; কিন্তু তাঁহারা ইহাকে কিছুই দিলেন না॥

শাঙ্করভাষ্য । অথ এতয়োঃ স্বত্যথমিয়মাখ্যায়িকা আরভ্যতে। ৫:তি ঐতিহার্থ:। শৌনকঞ্চ শুনকস্থাপত্যং শৌনকং কাপেয়ং কপিগোত্রম্, অভি-প্রতারিণং চ নামতঃ কক্ষসেনস্থাপত্যং কাক্ষসেনিং ভোজনায়োপবিষ্ঠে পরিবিষ্যানি। স্পকারেঃ বন্ধচারী অন্ধবিচ্ছোওো বিভিক্ষেত্রিকিতবান্। বন্ধচারিণো বন্ধবিদ্যানিতাং বৃদ্ধা তং ক্রিজ্ঞাসমানো তদ্মৈ উ ভিক্ষাং ন দদত্য ন দক্তর্রো হ কিময়ং বক্ষাতীতি॥ ২৫৭॥ ৫

আনন্দলিরিঃ। অপ হৈত্যাদানীন্তরবাদ্ধাং ব্যাচষ্টে—অইথন্তহ্যোরিভি। ব্রদ্ধানিছোওো ব্রদ্ধবিদাং মধ্যে শ্রমাত্মানং মঞ্চমান ইতি বাবং। বৃদ্ধা নিঙ্গবিশেবেণেতি শেষ:। বিজ্ঞাসমানাবিত্যক্তমেব ব্যবন্তি—ক্রিমন্নমিতি॥ ২৫৭॥৫

ভাষ্যাসুবাদ। অতঃপর উক্ত উপাসনাদ্বরের স্তুতির নিমিন্ত এই আখ্যায়িকাটি আরক্ষ হইতেছে—ভোজনার্থ উপবিষ্ট কাপেয় অর্থাৎ কপিগোত্রোৎপন্ন শৌনক—শুনকের পুত্র—শৌনক, এবং ন অভিপ্রভারিনামক কক্ষসেনপুত্র,—এই তুইজনকে সৃপকার (পাচক) পরিবেশন করিতেছে, এমন সময় একজন ব্রক্ষচারী অর্থাৎ ব্রক্ষবিদ্-গণের মধ্যে প্রধান এক ব্যক্তি আসিয়া ভিক্ষা চাহিলেন। ব্রক্ষচারীর ব্রক্ষবিভাভিমান অবগত ইইয়া, দেখি, ইনি কি বলেন, ইহা জানিবার জন্ম ভাঁহারা ভাঁহাকে ভিক্ষা দিলেন না॥ ২৫৭॥ ৫

স হোবাচ মহাত্মনশ্চভুরো দেব একঃ কঃ স জ্গার দুবনস্থ গোপান্তং কাপেয় নাভিপশুন্তি মর্ত্ত্যা অভিন প্রতারিন্ বহুধা বসন্তং যদ্মৈ বা এতদমং তম্ম ওতঁম দুর্ভামতি॥ ২৫৮॥ ৬

সঃ (ব্রশ্বচারী) উবাচ হ (ঐতিহে)—হে কাপেয়, হে অতিপ্রতারিন্ চ,
ভ্বনন্ত (ভ্রাদিলোকন্ত) গোপাঃ (গোপ্তা রক্ষিতা) সঃ (প্রসিদঃ) একঃ দেবঃ
কঃ (প্রজাপতিঃ, "কঃ প্রজাপতিরুদ্ধিটঃ" ইতি কোষোক্তোঃ; স চ দেবেরু বায়ুং,
প্রাণেষ্ চ মুখাঃ প্রাণঃ ইত্যর্থঃ) চতুরঃ (চতুঃসংখ্যাকান্) মহাত্মনঃ (অগ্রাদীন্,
বাগাদীন্ চ) জগার (গ্রসিতবান্)। বহুধা (অধ্যাত্মাদিভেদৈঃ) বস্তাইং
(বর্ত্তমানং) তং (প্রজাপতিং) মর্ত্যাঃ (মরণশীলাঃ বিবেকহীনা বা) "ন
অভিপশ্রস্তি (জানস্তি)। যদ্মৈ (গ্রজাপতিয়ে) এতং (উপস্থিতং) অন্তম্
[আহ্রিয়তে, সংক্রিয়তে চ], এতং (অন্তং) এতং (উপস্থিতং) অনুম্
[আহ্রিয়তে, সংক্রিয়তে চ], এতং (অন্তং) তদ্ম (প্রজাপতিয়ে) ন দতঃ
[য্বাভ্যামিতিশেষ], [মহুম্ অন্নদানমেব প্রজাপতিপ্রীতয়ে ভবতীতি ভাবঃ]।
হে কাপেয়, হে অভিপ্রতারিন্, পৃথিব্যাদি লোকের পরিপালক সেই প্রসিদ্ধ
দেবতা প্রজাপতিই চারিটি মুহাত্মাকে (প্রবলশক্তি অন্তি প্রভৃতিকে) ব্রাসি
করিয়ার্টেন মরণশীল মান্তর্গণ, বহুরূপে বিরাজমান সেই দেবতাকেও জানে
না, গ্রহার উদ্দেশে এই অন্ন [আনীত ও পক হয়], [ভোমরা] তাহাকেই ক্রেই
প্রজাপতিকেই) ইহা দিলে না ॥ ২৫৮॥ ৬

শাস্করভাষ্যন্। স হোবাচ ব্রন্ধচারী—নহার্থনন্টত্র ইতি দিতীয়াবহবচনন্। দেব এক:—অগ্নাদীন্ বায়ং, বাগাদীন্ প্রাণঃ। কঃ স প্রজাপতিঃ জগার প্রসিত্বান্। কঃ স জগারেতি প্রশ্নমকে মন্তস্তে। ভ্বনশ্ত—ভবস্তান্মিন্ ভ্তানীতি ভ্বনং ভ্রাদিঃ সর্কো লোকঃ, তশ্ত গোপা গোপারিতা রক্ষিতা গোপ্তেতার্থঃ। তং কং প্রজাপতিং হে কাপের ন অভিপশ্তন্তি ন জানন্তি মর্ত্যা মরণধর্মাণোহন্ বিবেকিনো বা, হে অভিপ্রতারিন্, বছধা অধ্যাত্মাধিদৈবতাধিভূতপ্রকারেঃ বসস্তম্। বিশ্বেকিনো বা, কে অভিপ্রতারিন্, বছধা অধ্যাত্মাধিদৈবতাধিভূতপ্রকারেঃ বসস্তম্। বিশ্বেকিনো বা, কে অভিপ্রতারিন্, বছধা অধ্যাত্মাধিদৈবতাধিভূতপ্রকারেঃ বসস্তম্। বিশ্বেকিনো বা, কে অভিপ্রতারিন্, বছধা অধ্যাত্মাধিদৈবতাধিভূতপ্রকারেঃ বসস্তম্। বিশ্বেকিনা বা, কে অভিপ্রতারিন্ অনুনারাহিরতে সংস্ক্রিরতে চ; তারে প্রজাপতরে এতদরং নু দন্তমিতি॥ ২৫৮॥৬

আনিক্পিরিঃ। চতুর ইতি বিতীরাবছবচনদর্শনামহান্দন ইতি তাদৃগেবেত্যাহ—
ক্রিন্তীয়েতি। যদ্বা নহান্দন ইতান্ত পঞ্চন্যাদৌ চতুর ইতান্ত চ সমীচীনে প্রয়োগদর্শনাদিহ
তথা মাভূদিতি মন্থাই—মহাত্যান ইডি। অতো হি জগারেতি সম্বন্ধঃ। কঃ শবঃ
প্রজাপতিবিষয়ো ব্যাখ্যাতঃ, সংপ্রতি পক্ষান্তরমাহ—কঃ স্ন ইডি। যন্তান জগার, স কঃ
ভাদিতি প্রশানেকে বদন্তীতার্থঃ। অন্তারং প্রাণমান্দানং চৈক্তেন পশুন্ ব্রহ্মচারী মহাং ভিক্ষাং বর
দ্বত্তবন্ত্রী, তৎ তামে দেবারৈব ন দদত্রিত্যক্ষত্মেব তয়োর্দর্শরয়াহ—হাত্যা ইডি ॥ ২০৮৪৬

ভাষ্যান্ত্র্বাদ। সেই ব্রহ্মাচারী বলিলেন—চারিটি মহাত্মাকে

["মহাত্মুনঃ চতুরঃ"] এই তুইটি পদে দ্বিতীয়ার বছবচন হইয়াছে,
(পঞ্চমী বা ষষ্ঠী নহে)। ভূতগণ বাহাতে উৎপন্ন হয়, তাহার নাম
ভূবন—পৃথিব্যাদি লোকসমূহ, তাহার গোপা অর্থাৎ গোপ্তা—র্মক্ষক,
সেই একটি দেবতা প্রজ্ঞাপতি চারিটি মহাত্মাকে—বায়ু অগ্নিপ্রভৃতিকে

এবং মুখ্যপ্রাণ বাগাদি ইন্দ্রিয়কে গ্রাস করিয়াছেন। কেহ কেহ, সেই
কৈ গ্রাস করিয়াছে? এইরূপ প্রশার্থ বলিয়া মনে করেন। হে
কাপেয়; হে অভিপ্রতারিন, অধ্যাত্ম, অধিদৈবত ও অধিভূতরূপ নানা আকারে অবস্থিত সেই ককে (প্রজ্ঞাপতিকে) মর্ত্ত্যগণ
অর্ণাৎ মরণশীল কিংবা বিবেকহীন লোকসমূহ জানে না। বাহার
ভূতনেশে (ভক্ষণের জন্ম) প্রত্যহ এই অন্ধ সংগৃহীত ও সংস্কৃত
(ভোজনোপব্যোগী পাকাদি-বিশিক্ত) করা হয়, সেই প্রজ্ঞাপতির
িমন্তই এই অন্ধ প্রদন্ত হইল না। অর্থাৎ তোমরা এই অন্ধ প্রদান
করিলে না। ২৫৮ । ৬

ততু হ শৌনকঃ কাপেয় প্রতিমন্ত্রীনঃ প্রত্যেয়ায়াত্মা দেবানাং জনিতা প্রজানাং হিরণ্যদণ্ড্ট্রো বভসোহনসূরির্মহান্ত্র-মস্ত মহিমানমান্ত্রনভ্যমানো যদনন্ত্রীতি বৈ বয়ং ব্রহ্ম-চারিন্মেদমুপাশ্মহে; দত্তাক্মৈ ভিক্ষামিতি॥ ২৫৯॥ ৭

কাপেয়ঃ শৌনকঃ তৎ (ব্রহ্মচারিবচনং) হ প্রতিম্বানঃ (পর্যালোচয়ন্)
প্রত্যেয়য় (ব্রহ্মচারিসমীপং জগাম), [গছা চ, যং ছং নাভিপয়্রতীতি
অবোচঃ, বয়ং তু তং জানীমঃ ইত্যাহ—] দেবানাম্ (অয়াদীনাঃ) আঘা
(অরপভূতঃ), তথা প্রজানাং (য়াবরজঙ্গমানাং) জনিতা (উৎপাদকঃ),
বদ্বা, আয়া (সর্বস্থ আয়ভূতঃ) দেবানাং (অয়াদীনাং) প্রজানাং
(বাগাদীনাং চ) জনিতা (উৎপাদকঃ), হিরণ্যদংষ্ট্রঃ (হিরণ্যবদ্ উজ্জ্লী অভকুরা,
দংষ্ট্রা যক্ত, সঃ তথোকঃ), বভসঃ (ভক্ষণশীলঃ) অনস্বরিঃ (মেধাবী)।
অনভ্যমানঃ (অয়ঃ অতৈঃ অভক্ষমাণঃ সন্) যং অনয়ং (অয়েতরম্ অয়িধাগাদিই
দিবতার্রপম্) অভি (ভক্ষমতি) ইতি, অস্ত (প্রজাপতেঃ) [ইমং], মুহাস্তঃ
মহিমানম্ আহুঃ (কথয়স্তি) [ব্রন্ধবিদঃ ইতি শেষঃ]। হে ব্রন্ধচারিন্ বয়ম্
ইদং (উক্তলক্ষণং) ব্রন্ধ (আ উপাস্বহে)। [তত্র্পচ] আইয় (ব্রন্ধচারিনে)
ভিক্ষাং দত্ত (প্রয়চ্ছত) ইতি [ভ্তাান্ আহতুঃ]।

কপিবংশজাত শৌনক [ব্রহ্মচারীর] সেই কথা পর্য্যালোচনা করিয়া তাঁহার নাই কিন্দু গমন করিলেন। [এবং যাইয়া বলিলেন—]দেবগণের আত্মা এবং স্থাবরজ্জমাত্মক প্রজাগণের উৎপাদক, হিরণাদং প্র অর্থাৎ অভসুর-দন্তযুক্ত, ভক্ষণশীল অর্থাৎ সর্ব্যসংহারক এবং মেধাবী। তিনি নিজে অপর কৃত্বিক্ ভক্ষিত না হইয়া যে, অয় নহে, এমন অগ্নিপ্রভৃতিকে সংহার করিয়া থাকেন, তাঁহার মহিমা বলিয়া বর্ণনা করিয়া থাকেন। হে ব্রহ্মচারিন্, আমরা ইহাকেই [ব্রহ্মবৃদ্ধিতে] উপাদনা করিয়া থাকি। [ভৃত্যগণকে বলিলেন]—তোমরা ইহাকে ভিক্ষা দাও॥২৫৯॥ ৭

শক্তিবভাষ্যম। তহ হ ব্লচারিণে বচনং শৌনকঃ কাপেরঃ প্রতিন্ধানা মনসা আলোচরন্ ব্লচারিণং প্রত্যেয়ায় আজগাম। গড়া চাহ—যং জমবোচঃ নাভিপশুন্তি মুর্নাঃ" ইতি, তং বয়ং পশ্রামঃ। কথম্ শুলারা সর্বাস্থ্য শালারা কিঞ্চ, দেবানাম্ অগ্নাদীনামান্থনি সংস্কৃত্য প্রসিদ্ধা প্রক্রমিন্তা উৎপাদিরতা বায়্রপেণ অগ্নিদৈব ভ্রমগ্রাদীনাম্, অধ্যাত্মঞ্চ প্রাণরপেণ

আনক্ষিত্রিঃ। দর্শন্মের প্রশ্বরার বিশদয়তি—ক্রথ্র বিভাগিকা। অধিদৈবতমান্ত্রাদীনাং বায়ুরূপেণ জনিতেতি সংবক্ষঃ। তন্তাঃ প্রাথনিকং করা দর্শরিত—আক্রানীতি।

অধ্যাদীন্ প্রলম্বনালে দেবঃ বায়নি বায়ুরূপেণ প্রসিত্ব। প্রকংপজ্যবন্থায়ান্ উৎপাদয়িতেতি
বোজনা। অধ্যায়ং বাগাদীনপি স্বাপাবস্থায়াং স্বাস্ত্রনি প্রাণরূপে সংক্ত্য পুনঃ প্রবোধাবন্থায়াঃ

১০মমুৎপাদয়িতা দেবঃ প্রাণরূপেণেত্যাহ —আধ্যাত্রাং চেতি। দেবানাময়্যাদীনাং প্রজানাং
বীগাদীনাং চ অনিতেত্যুক্তন্, সংপ্রতি ব্যাথান্তর্মাহ—আপ্র ব্রেতি। অভয়্রণংষ্ট্রঃ সর্বসংহর্ত্রূপি ন কাচন মানির্ভবতীত্রর্থঃ। প্রজাপতেম হিমোহতিপ্রমাণত্বং প্রকটয়তি—অন্যাদিতিঃ।
ইতির্শনাং পরস্তাদ্ বচ্ছস্ক সম্বন্ধঃ। তদর্থক যয়াদিত্যুক্তঃ, তত্মাৎ প্রজাপতেম হিমানমতিপ্রশামাত্রাতি পুর্বেণ সম্বন্ধঃ। বৈ বয়নিত্যাদি ভাগং পদচ্ছেদপ্রক্রমাদার ব্যাচ্টে—

"মহামিত্যাদিনা । ক্রিয়াপদেন বয়নিত্যুক্ত্র সম্বন্ধ্রক্রপাদয়তি—বয়্রমিতীতি।
ব্রহ্মমিত্যাদিনা । ক্রিয়াপদেন বয়নিত্যুক্ত্রণ প্রকারান্তরেণ পরচ্ছেদপ্রক্রং ব্যাথানান্তরমাহ—আন্যেনেতি। শৌনকন্তাভিপ্রতারিণক জ্ঞানাতিগরং দর্শয়িত্য যতিক ব্রক্রচারী
চেত্যাদিশ্বতিসক্সত্যাহ—দত্তেতি । ২০লাণ

ভাষ্যাত্মবাদ। কাপেয় শৌনক ব্রহ্মচারীর সেই কথা মনে শর্মালোচনা করিয়া ব্রহ্মচারীর সমীপে সমাগত হইলেন, এবং আসিয়া বিলিলেন—তুমি 'যাহাকে মর্ত্ত্যগণ দেখিতে পায় না' বলিয়াছ, আমরা ক্ষিন্ত ভাহাকে দেখিতে পাই। কিরূপে ?—[তিনি] সমস্ত স্থাবর-ক্ষমমের আত্মা; অপিচ, অধিদৈবত বায়্রূপে অগ্নিপ্রভৃতি দেবতাকে আপনাতে সংহার করিয়া—গ্রাস করিয়া পুনশ্চ ক্ষমান—উৎপাদন করেন, এবং অধ্যাত্ম অর্থাৎ দেহাভাত প্রাণরূপে বাগাদি ইন্দ্রিয় ও প্রক্রিন, এবং অধ্যাত্ম অর্থাৎ দেহাভাত প্রাণরূপে বাগাদি ইন্দ্রিয় ও প্রক্রিন করেন। অথবা, [ইহাই অর্থ এইরূপ]—দেবগণের অর্থাৎ অগ্নি ও বার্কিন ভূতির আত্মা,এবং প্রভ্রাগণের—স্থাবিদ্ধক্ষমাদির করিবাদং ভূতির আত্মা,এবং প্রভ্রাগণের—স্থাবিদ্ধক্ষমাদির হরণাদং ভূতি অর্থ—যাহার দন্তসমূহ নই হয় না, অর্থাৎ যাহার দন্তসমূহ নই হয় না, অর্থাৎ

ভক্ষণ বা সংহার করাই 'তাঁহার স্বভাব। অনস্বি সৃরি
অর্থ—মেধারী (ধারণক্ষম বৃদ্ধিযুক্ত), অস্বি অর্থ—স্রি ভিন্ন, তাহার
নিষেধ—অনস্রি অর্থাৎ স্রিই বটে; ত্রহ্মবিদ্গণ, এই প্রজাপতির
মহিমাকে মহৎ প্রমাণাতীত অর্থাৎ অপরিমেয় বলিয়া বর্ণদ ক্রেন;
কেননা, যেহেতু তিনি নিজে অপরের ভক্ষা না হইয়া অনম অর্থাৎ
অমভিন্ন—অগ্নি ও বাগাদি দেবতাকে ভক্ষণ করিয়া থাকেন। 'বৈ'
শব্দটি নিরর্থক। হে ত্রহ্মচারিন্, আমরা উক্তপ্রকার লক্ষণাক্রান্ত
ত্রহ্মের উপাসনা করিয়া থাকি। [এখানে ত্রহ্মচারিন্ + আ + ইদম্,
এইরূপ পদচ্ছেদ করিতে হইবে]। 'বয়ং' এই ব্যবহিত কর্তৃপদের
সহিত ["উপাস্মহে" ক্রিয়ার] সম্বন্ধ। অপরে বলিয়া থাকেন যে,
আমরা ইহাকে উপাসনা করি না; তবে কি ? পরত্রহ্মকেই উপাসনা
করিয়া থাকি। তিনি বলিলেন—ইহাকে ভিক্ষা প্রদান কর॥ ২৫৯ছে

ইতি চতুর্থাধ্যায়স্ত তৃতীয়ঃ খণ্ডঃ ॥ ৪ ॥ ৩

তবৈ (ব্ৰহ্মচারিনে) উহ (ঐতিহে) দহ: (ভিকাং দন্তবন্তঃ) কিন্তা ইতি শেবঃ]। তে (প্ৰ্বোক্তাঃ) এতে অত্যে (বাক্প্রাণচক্ষুংশ্রোত্রশ্নোভাঃ ভিন্নাঃ) পঞ্চ (অধিদৈবতম্ অগ্নাদয়ঃ), অত্যে (অগ্নিবায়ুপ্থিবীজ্লাকাশা-দিভাঃ ভিন্নাঃ) চ পঞ্চ (অধ্যায়ঃ বাগাদয়ঃ), [এতে প্রস্তমানাঃ প্রসিতারক মিলিছা] দশ সন্তঃ তৎ (প্রসিদ্ধং) কৃতং (কৃতসংজ্ঞকং) [ভবতীতি শ্বেষঃ]। 'কৃতার'-সম্বদ্ধাৎ দ্যক্তনীড়াপি 'কৃতম্' উচ্যতে। দ্যুতে হি কৃত-ত্রেতা বাপর-ক্লিনামানঃ চন্ধারঃ অন্নাঃ (পাশা ইতি ভাষা) সন্তি। তত্র কৃতনাদুক্রে শ্রেন্ত চত্রকঃ ক্লেতানামকোহরঃ ত্রেঙ্কা, বাপরনামকঃ স্বয়ঃ ব্যক্তঃ, কলিনামকক্ষ একাছঃ; তে চ মিলিছা দশসংখ্যকাঃ সন্তঃ কৃতং—কৃতসংজ্ঞকদ্যতম্ভীতে । ত্রু চ্প্রিকাক্ষে কৃত্যুদ্ধ বিজিতে স্তি তন্ন্যুনসংখ্যকাঃ ত্রেতালা অন্না বিজিতা ভবস্তীক্ত্রি দ্ভেব্যবহারে দৃষ্ঠতে। যথা : দ্তে চ্ছুব্বক্ষ এক অরঃ দৃষ্ঠতে, তথা অরাপি প্রসিতারং বায়ং প্রাণঞ্চ বর্জয়িষা প্রস্তমানাঃ অগ্নাদয়ঃ বাগাদয়৽ চম্বার উপলন্ধ্যে, যথা ব্রেতায়ঃ ব্রেক্ষঃ, তথা একৈকং বর্জয়িষা অগ্নাদয়ঃ বাগাদয়৽ ব্রেয়ঃ, যথা বাগ্লরনামায়ঃ হাক তথা অরাপি ছৌ ছৌ বর্জয়িষা অগ্নাদয়ঃ বাগাদয়৽ বিশ্বসংখ্যাবিশিষ্ঠা এব ভবন্তি। যথা কলিনামা অয় একায়ঃ, তথা অরাপি ভ্রমাদীনাং প্রসিতা বায়ঃ, বাগাদীনাঞ্চ প্রসিতা প্রাণ এক এব ভবতি। এবং সংখ্যা সামান্তাদ্ অগ্নাদিয় বাগাদিয় চ সমাহারেণ 'ক্রত' সংজ্ঞারোপঃ মন্তব্যঃ। তেল্মাং (যথোক্তসংখ্যাসামান্তাৎ) কৃতং (ক্রতসংজ্ঞতাঃ) দশ (অগ্নাদয়ঃ বাগাদয়৽চ) স্বর্ধায়্ম দিক্ষ্ অয়ং (অয়য়পাঃ) [ভবন্তি. দশাক্ষরায়াঃ বিরাজঃ অয়য়পম্বাদিতি ভাবঃ]। বা এবা (ক্রতায়রূরপেণ করিতাঃ অগ্নাদয়ঃ বাগাদয়৽চ) বিরাট্ (বিরাট্স্ররূপাণ্চ) অলাদী (অলাদিনী অলভক্ষিণীত্যর্থঃ), তয়া (বিরাড্রূপয়া)
ইনং (দশদিক্স্তিতং) সর্বাং দৃষ্টম্ উপলব্দম্। যঃ (উপাসকঃ) এবং বেদ, অস্ত্রা (ক্রতসংখ্যাভূতস্ত্র) ইদং সর্বাং দৃষ্টং ভবতি, স্বয়ঞ্চ অলাদঃ (অলভোক্রণ ভবতি)।
বিরভাসঃ উপাসনাসমাপ্ত্যাং।

' [ङ्তার্গণ] তাঁহাকে ভিক্ষা দিয়াছিল, [এখন শ্রুতি নিজেই বিল্লাফলের উপসংহার করিতেছেন—] সেই এই পৃথক্ পাঁচটি, এবং অপর পাঁচটি, অর্থাৎ অর্থাদি পাঁচ, আর বাগাদি পাঁচ মিলিতভাবে দশ হইয়া সেই প্রিসিদ্ধ 'ক্কত'- শিক্ষক হয়। 'সেই হেতু ক্কতসংক্ষক সেই দশটিই সর্বাদিকৃত্বিত অয়য়রপ; এবং সেই এই দশটিই অয়ভোগী বিরাট্ম্বরূপ; সেই বিরাট্ ছারাই দশদিকৃত্বিত সর্বাদ্ধিত সর্বাদিক অয় উপলব্ধির বিষয়ীভূত হইয়া থাকে। যিনি উক্তপ্রকার জ্ঞান লাভ করেন, তিরিও সর্বাদিকে অয় দেখিতে পান, এবং নিজেও অয়ভোকা হন। উপাসনা-সমাপ্তি-স্চনার্থ ''য় এবং বেদ'' কথার ছিক্তিক করা হইয়াছে॥ ২৬০॥ ৮

অয়াদি অয়াদিনী চ কতাবেন। কতে হি দশসংখ্যা অহত তা, অতাঙ্মম্ অয়াদিনী। চ সা। তথা বিধান্ দশদেবতাস্মৃত্তঃ সন্ বিরাট্ছেন দশসংখ্যা অয়ং কত-সংখ্যা অয়াদী চ তয়া অয়ায়াদীতা ইদং সর্বাং জগত দশদিক্সংস্থং দৃষ্টং ক্রঙসংখ্যাভ্তয়া উপলক্ষ্। এবংবিদোহতা সর্বাং ক্রতসংখ্যাভ্ততা দশদিক্সম্বদ্ধে দৃষ্টম্পলক্ষং ভবতি। কিঞ্চ, অয়াদশ্চ ভবতি, য এবং বেদ যথোক্তদশী। বিরভ্যাস উপাসন-স্মাধ্যর্থঃ॥ ২৬০॥ ৮

ইতি চতুর্থাধ্যায়শু তৃতীয়-খণ্ড-ভাষ্যম্। ৪॥ ৩

আনন্দলিরিট। আধ্যায়িকাদার। প্রকৃতায়াং সুংবর্গবিদ্যায়ামান্তা দেবানামিত্যাদি গুণজাতমুপদিন্ত গুণান্তরমুপদেষ্ট্রনন্তরবাক্যমবতারয়তি—তে বা ইডি। তুলব্যাচট্টে— যে প্রাম্পান্ত ইন্ডি। ত এতে বাগাদিভাঃ সকাশাদক্তে পঞ্চেতি সমন্ধঃ। অধিদৈৰত-মণ্যাদীন্ বায়ুসহিতান্ পঞ্চোক্তাঃ, তেনৈব প্রকারেণাধ্যাত্মসপি তেভাঃ সকাশাদভো প্রাণসহিতা বাগাদর: পঞ্চ সম্ভীত্যাহ—ত্ত্রহাতি। অবাস্তরসংখ্যা বিনিবেশ মুক্তা তত্ত্বৈর মহাসংখ্যা-নিবেশং দর্শরতি— তে স্বর্ব ইতি। দশসংখ্যাসম্বন্ধাৎ তেষাং সংখ্যমেতি কুতায়োণ্-লক্ষিতং দাতং কৃতমিত্যুচতে। তত্ৰ দশসংখ্যাবস্থ্য বক্তব্যথাদিতি দ্ৰষ্টবাম্। ষহক্তমগ্ৰাদ্ৰয়ো রাগাদরক দশ সম্বস্তৎকৃতং ভবতীতি, তহপপাদরতি—চতুরক্ষ ইত্যাদিনা । এবঁতাৰ-পরো দাতে চতুরকো দৃশুতে, তদ্বদগ্নাদয়ো বাগাদয়ক গ্রস্মানাকভারো ভবস্তি। বথা চুদ্তে ত্রেভানামকোইমপ্রাক্ষে গৃহতে, তথাগ্রাদয়ো বাগাদরকৈকেন্যনান্তমঃ। তথা চ উত্ত দাপির-নামান্যা দ্বাক্ষা জায়তে, তদ্বদ্ বাগাদিষগ্যাদিবু চ ঘৌ ঘৌ বৰ্জবিতা ঘৌ ঘৌ ভবত:। তথা চ তত্ত্ৰ কলিসংজ্ঞান্ত্ৰো ভবত্যেকাৰ: যোহগ্মাদীনাং প্ৰসিতা বায়ুৰ্বাগাদীনাং প্ৰসিতা প্ৰাণ্টভক: • ভেভো গ্রদ্যমানেভ্যো২স্ত ইভ্যেবং গ্রদিভূত্বেন গ্রদ্যমানত্বেন চ দশ সম্ভন্তে পুর্কোক্তং কুভং ভৰতীত্যৰ্থ:। দ্যুত্স্য সৰ্বান্নান্ত্ৰ্ত্পশিদ্ধ্যা দশসংখ্যাবতাং দেবানাং কুওঁত্বসম্পাদনেনাভুত্বং 🤊 সম্পাদিতম্। ইদানীং দশসংখ্যাবত্তেনৈব বিরাট্ড-সম্পাদনেন তেষামন্ত্রত: সম্পাদরতি---যিউইভি। অগ্নাদিষু বাগাদিষু চ মিলিতেষু দশসংখ্যাবত্তেংপি কথমনেন তদ্বত্ব, তথাচ কথং সংখ্যাসামান্তং তেখামন্ত্ৰসংখ্যাসামান্তসম্পাদনমিত্যাশক্কাহ—দেশাক্ষাক্তেতি। বিরাড দশনংখ্যাবতী প্রসিদ্ধা, সা চান্ননিতি জায়তে। তথাচ যথোক্তেমগ্রাদিষু বাগাদিষু চ সমু-দিতেরু সংখ্যাসামান্তাদিরাট্ডং সম্পাদ্যান্নত্বসম্পাদনং স্বশ্বমিত্যাহ—ত্যক্ত ইক্তি টি গুৰু কৃতত্বেনান্নত্বং সম্পাদিতমূপসংহরতি – তক্ত এবেকি। দ্যুতস্থান্নচতুষ্টন্নবিশিষ্টত্বেনী কুতত্বেন কুতোপলক্ষিতেন তত্ত্ৰ দশসংখ্যায়াঃ সন্থাৎ ততএব সংখ্যাসামান্তাদগ্নাদয়ক কৃতং ভবতি ততক তেধামন্ত ত্বমিত্যক্তমিতার্থং ।

ভণা বায়ুমগ্যাদ্যান্দকং প্রাণক বাগাদ্যান্দকন্ অকীকৃত্যান্ধকে বিদান্ দশদেবতাৰক্ষপভূতঃ মন্
দশসংখায়। বিরাট্ছেনান্নং কৃতশন্তিত্বসং তদ্গতদশসংখ্যাবিচ্ছন্নতর। কৃতছেনান্নাদী ভবতীতার্থঃ। কলোক গুপবোগিছেনার্থান্তরমাহ—তহন্তি। কৃতোপলক্ষিতদ্যতন্ত্রসংখ্যাবিচ্ছন্নছেনাবিছিত্তরী অন্নছেনান্নাদিছেন ব্যবস্থিত্যা সর্বমিদং জগৎ দশস্ক দিকু সংস্থিতং দৃষ্টমুপলকং ভবতি।
ন হি দেবতাদ্শকং হিদ্ধা জগন্নাম কিঞ্চিদন্তি। তথাচ দৃষ্টে দেবতাদশকে দৃষ্টমেব সর্বাং জগদ্ভবেদিতার্থঃ । ভূমিকামেবং কৃষা বিদ্যাফলং দর্শন্নতি—এবংবিদে ইতি। বায়ুং প্রাণমন্তারমান্ধবেন পশতঃ কৃতসংখ্যাবিচ্ছন্নতন্ত্র। স্থিতত্ত দশদেবতাভূতত্ব সর্বাং জগদ্টং ভবতি। দৃষ্টদেবতাতিরিজ্ন্য জগতোহভাবাদিত্যুর্থঃ। যো যথোক্তদর্শী প্রাণো ভূবা সর্বব্রোন্নাদল ভবতীতি
কলান্তরম্ ॥ ২৬০॥৮

ইতি চতুর্থাধ্যায়ন্ত তৃতীয়: খণ্ড: ॥ ১॥৩

ভাষ্যানুবাদ। বাগাদি হইতে পৃথগুভূত সেই যে, গ্রস্থমান অগ্ন্যাদি ও তাহাদের গ্রাসকর্তা বায়ু, এই পাঁচ, এবং উক্ত অগ্ন্যাদি ু হইতে পৃথগ্ভূত যে, অধ্যাত্ম বাগাদি ও প্রাণ, এই পাঁচ, ইহারা সকলে মিলিভ হইয়া সংখ্যায় দশটি হয় ; তাহারা দশটি হইয়া সেই প্রসিদ্ধ 'কৃত'সংজ্ঞায় অভিহিত হয়। [লৌকিক 'কৃত' ক্রীড়ায়ণ্ড] চতুরক্ক; 'বিশিষ্ট একটি অয় (পাশা), তিন অঙ্কবিশিষ্ট চারিটি অয়, এবং দুই অধবিশিষ্ট, অপর তিনটি অয়, এইরূপে অপর তুইটি অয় এক-विभिक्षे: এই প্রকার আর একটি, এইরূপ দশসংখ্যাবিশিষ্ট ছইয়া সেই প্রসিদ্ধ 'কৃত' ক্রীড়নক হইয়া থাকে। যেহেতু এই প্রকার, অর্থাৎ দেশসংখ্যাযোগে 'কৃত' সংজ্ঞা লাভ করে, সেই হেতু সীমস্ত দিকে অর্থাৎ দশদিকেই অগ্নি প্রভৃতি, এবং বাগাদি পদার্থগুলি দশর্সংখ্যার সহিত সম্বন্ধ থাকায় নিশ্চয়ই অম্বন্ধরপ। কেননা, শ্রুতি বলিয়াছেন--'বিরাট্' ছন্দটি দশ অক্ষরযুক্ত, আবার সেই বিরাট্ই অন্ধ-স্বরূপ। ' অতএব দশসংখ্যার সাম্য থাকায় উহারা অন্নস্বরূপই বটে। সেই কারণেই চারি অঙ্কবিশিষ্ট পাশক বলিয়া উহা কৃতের অন্তৰ্ভূত, এবং সেই :হেতুই যে, 'ঐ দশটি 'কৃত' নামে : স্লভিহিত হয়, ইহাও ব্যামী বলিয়াছি। সেই এই বিরাট্ প্লেসংখ্যাযুক্ত হইয়া কৃতর্খ নিবন্ধন ক্ষম ও কমিভেক্তা। কেননা, ঐ কৃতের মধ্যে ক্ষা প্রস্তুত রহিয়াছে; অতএব তাহাও অম ও অম ভাক্তা। कानमण्यात्र वास्ति উक्त मणविथ प्रत्यां क्र क्रूरेशी मणजाशाद्यात्य বিরাট্ভাবাপর হইয়া 'অক্সম্বর্গপত বটে, 'এবং 'কৃত' সংখ্যাবোগে অরভোক্তাও বটে। অর ও অরভোক্তরপা সেই বিরাট্ দারা দশদিগ্রন্থী এই জগৎ দৃষ্ট, অর্থাৎ 'কৃত' সংখ্যাম্বরূপ ঐ দশটি দারা অনুভূত হইয়া থাকে। যিনি এইপ্রকার জানেন, কৃতসংখ্যারূপী সেই জ্ঞানী পুরুষও দশদিক্স্থিত এই সমস্ত বস্তু উপলব্ধি করিয়া থাকেন, এবং নিজেও অরভোগী হন %।' উক্ত উপাসনাপ্রসঙ্গন্ধান্তির জন্ম দিক্কিক্ত করা হইয়াছে॥ ২৬০॥ ৮

চতুর্পাধ্যায়ে তৃতীয় খণ্ডের ভাষাামুবাদ সমাপ্ত॥ ৪॥ ৩

^(*) তাৎপর্য—ভাষাটি বড়ই জটিল, সহজে ইহার ভাবার্থ সংগ্রহ করা কঠিল; এই জন্তু সংক্ষেপে ইহার মর্মার্থ প্রকাশ করিতেছি— লোকপ্রসিদ্ধ লাতক্রীড়ায় যে পাশা থাকে তাইার অপর নাম 'অয়'। সেই দ্যুতক্রীড়ায় যেমন একটি অয়ে চারিটি অয় থাকে, এথানেও তেমনি গ্রন্থমান শ্রেণীর মধ্যেও অগ্নি প্রভৃতি অধিদৈবত চারিটি আর বাক্ প্রভৃতি অধ্যান্ধ চারিটি, এই চারি অয়বিশিষ্ট অয়ের নাম কৃত। ত্রেতা নামে আর একটি অয়ে যেমন তিনটি করিয়া অয় থাকে, তেমনি অগ্নিপ্রভৃতি এবং বাক্প্রভৃতির মধ্যেও এক একটিকে বাদ পিলেই ভিন তিনটি হয়। দাপরন্মমক আর একটি অয়ের মধ্যে গেমন ছইটি অয় আছে, তেমনি এখানেও অগ্নি প্রভৃতি ও বাক্প্রভৃতির মধ্যেও ছই ছইটি বাদ দিলে সেই সংখ্যাই হয়ু। তাহার পর কলি নামক আর একটি, অয়ে যেমন একটি মাত্র অয় থাকে, তেমনি এখানেও গ্রামকর্তা—ক্রাম্থিদিনত, বায়ু অয়ের অধ্যান্ধ প্রাণ. এই ছইটিমাত্র পদার্থ আছে। এই রূপে দশসংখ্যার যোগ থাকায় অগ্নানি পাঁচ ও বায়ু প্রভৃতি পাঁচকে 'কৃত' খিয়া হইয়াছে। গ্রাতের সর্বসংহারকত্ব প্রস্থিতি আছে; তদকুসারেই দশসংখ্যানিশিষ্ট উক্ত দেবতাগণের স্বর্ধার-ভাত্ত্বত্ব কলিত হইয়ার্ছের

हर्ज्याशादा • '

চতুর্থঃ খণ্ডঃ।

দৃত্যকামো হ জাবালো জবালাং মাতরমামন্ত্রয়াঞ্জে ত্রহ্মচর্য্যং ভবতি বিবৎস্থামি, কিংগোত্রোন্তহমস্মীতি ॥২৬১॥১

সত্যকাম: (তরামা) হ (প্রসিদ্ধৌ) জাবাল: (জবালায়া: পুত্র:)
জবালা: (জবালনায়ী:) মাতরম্ আমন্তরাঞ্চক্রে (আমন্তিতবান্)। [কিমর্থম্?
ইত্যাহ]—ভবতি (হে পূজনীয়ে) অহং ব্রহ্মচর্যাঃ (বেদাধায়নার্থং নিরমবিশেষম্ [আশ্রিতা] বিবংস্থামি (গুরুগ্হে বাসং করিয়ামি) রু (পৃচ্ছামি)
জহং কিংগোত্র: (কিং গোত্রম্ অস্থ মমেতি কিংগোত্র:) অস্মি (ভবামি;
মেম বংশপরিচয়ং জ্ঞাতুমিচ্ছামীতি ভাব:)।

্ সত্যকাম-নামক জবালানন্দন মাতা জবালাকে আহ্বান করিয়া বলিয়া-ছিলেন— হে পূজনীয়ে, আমি ব্রশ্বচর্য্য অবলম্বন করিয়া গুরুগৃহে বাস করিতে। ইচ্ছা করি, বলুন, আমার গোত্র কি ?॥ ২৬১॥ ১]

ু শার্কর-ভাষ্ঠিন। সর্বাং বাগাগুগ্নাদি চ অন্নান্নাদ্বেন সংস্তবং * জগদেকীকৃত্য বো ড়শধা প্রক্রিভজা তশ্মিন্ ব্রহ্মদৃষ্টিবি ধাতব্যা, ইত্যারভাতে। প্রদ্ধাতপসোত্র দ্বো-পাসনাক্ষত্রপদর্শনার আধ্যারিকা। সতাকামো হ নামতঃ, হশক ঐতিহার্থঃ, জবালারা অপতাং জাবালঃ জবালাং স্বাং মাতরমামন্ত্রয়াঞ্চক্রে আমন্ত্রিতবিদ্— ব্রদ্ধার্যাং স্বাধ্যারগ্রহণার হে ভবতি, বিবৎস্থাম্যাচার্যাকৃলে; কিংগোরো-হং—কিমন্ত মম গোরুং, সোহহং কিংগোরাঃ মু অহমস্মীতি॥ ১৬১॥ ১

'আমন্দ্রিরিয়া পূর্বেণ সংবন্ধং দশরিতুম্ভরক্ত তাৎপথ্যমাহ—ক্ষর্বমিতি। একীকৃত্য কারণরূপেণৈক্যমানারেত্যর্থঃ। তহি তন্মিন্ ব্রহ্মদৃষ্টিরেব বিধীরতাং, কিমিত্যাখ্যারিকা
প্রশীরতে, তত্তাহ— শ্রেকাত্যপালিতি। ব্রহ্মচথ্যবাসক্তোদেশুং ফলং দর্শরতি—স্থাধ্যাক্রতি। আচাধ্যোহি মাণবক্ম্পনরতে বিজ্ঞাতক্লগোত্রমেবেতিং মধানঃ পৃচ্ছতি কিংগোত্রোহেইমিতি। ১

ভাষ্যামুবাদ। পূর্বের অন্ন ও অন্নাদরূপে যাহাদের প্রশংসা, করা হইয়াছে, সেই বাগাদি ও অগ্নিপ্রভৃতি সর্বর জগণকে একীকৃত ক্রিয়া সুস্ক্তিরূপে গ্রহণ করিয়া পুনশ্চ যোলজাগে বিভক্ত করিয়া

অন্নাদক সংখ্যতম্ ইতি কচিৎপাঠ:।

ভাহাতে ব্রহ্ম-দৃষ্টি বিধান করা আক্ষুক; এতদর্থে এই প্রকরণ আরদ্ধ্ হইতেছে—শ্রেদ্ধা ও তপস্থা যে ব্রহ্মোপাসনার অঙ্ক, তাহা প্রদর্শনের উদ্দেশে এই আখ্যায়িকা [কল্লিত হইয়াছে]। 'হ' শব্দটি পুরার্ত্ত-সূচক। সত্যকাম নামে জবালার পুত্র—জাবাল স্বায় মাতা জরালাকে আহ্বান করিয়াছিলেন [আহ্বান করিয়া জিজ্ঞাসা করিয়াছিলেন]—, হে ভবতি, (পূজনীয়ে) ব্রহ্মচর্য্যের—বেদাভ্যাদের নিমিন্ত আচার্য্য-গৃহে বাস করিতে ইচ্ছা করি; জিজ্ঞাসা করি, আমি কোন গোত্রীয়, অর্থাৎ এই আমার গোত্র কি (**)॥ ২৬১॥•১

সা হৈনমুবাচ নাহমেতদ্বেদ তাত যদোত্তস্ত্রমসি, বহুবহং চরস্ত্রী পরিচারিণা যৌবনে ত্বামলভে, সাহমেতন্ত্র কেদ্
যদোত্তস্থ্রমসি, জবালা তু নামাহমিন্সি সত্যকামে। নাম ত্বমসি স্বত্যকাম এব জাবালো ব্রবীথা ইতি॥ ২৬২॥২

্থিবং পৃষ্টা] সা ২ (জবালা) এনম্ (পুলুং) উবাচ (উক্তবতী) তাত ।
(হে পুলু,) ছং যদগোত্রং (যন্মিন্ গোত্রে জাতঃ), এইম্ এতং ন রেদ
(বেদ্মি); অহং বছ (নানাবিধং গৃহকর্ম) চরস্তী (কুর্বতী) পরিচারিণী,
(পরিচর্য্যাপরা সতী) যৌবনে ছাম্ অলভে (লব্ধব তী), [অভঃ পরিচর্য্যাব্যাসক্তটিউত্রা গোত্রাদিজ্ঞানে মম মনো নাভূৎ; তদৈব তে পিতা চ উপরতঃ;
তক্মাৎ] সা (তথা পরিচরণণীলা) অহম্ এতং ন বেদ হং যদগোত্রঃ আসি
(ভবসি); তু (পুনঃ) অহং জবালা নাম অন্মি, ছং চ সত্যকামঃ নাম অসি ;
স (ছং) [অহং] সত্যকামঃ এব জাবালঃ ; অস্মীতি] ব্রবীথাঃ (ক্রবীথাঃ—
আচার্য্যসমীপে কথয়েঃ) ইতি।

তিনি (জবালা) ইহাকে (সত্যকামকে) বলিলেন,—বাবা, তুমি যে গোত্রে ছাত, আমি তাহা জানি না; আমি বছ গৃহকর্ম সম্পাদন করত পরিচর্দ্যাপরা অবস্থায় গৌবনসময়ে তোমাকে লাভ করিয়াছিলাম, সেইজন্মই তুমি যে গৌত্রীয়, তাহা আমি ক্লানি না। কন্ত আমি হই জবালা, আর তুমি হইতিছ

^(*) তাৎপর্য্য—ব্রহ্মচর্য কার্য্যটি বেদশিক্ষারই অঙ্গ; বেদশিক্ষা আবার উপন্তি—ব্রু, অংশীর ; খভরাং ব্রহ্মচর্য্যবাসের কংগতেই উপনয়নের কথাও বলাই হইয়াছে। উপনয়নে সোত্তের উল্লেখ ক্ষিতে হয়, এইজন্ম নিজৈর গোত্ত-পরিচুর সিজ্ঞাসা করিয়াছেন।

সত্যকাম, [এইমাত্র জানি }। সেই ু তুমি [আপনাঞে] সত্যকাম জাবাল বিলিয়াই পরিচয় দিবে॥ ২৬২ ॥ ২

শাক্তর-ভাষ্যম। এবং পৃষ্টা জবালা সা হৈনং পুত্রমুবাচ—নাহমেতৎ তব গোত্রং বেদ, হে ভাত, যদেগাত্রস্থমি। কন্মান্ন বেৎসীভা্তলা আহ—বহু ভর্তৃগ্রে পরিচর্যীজাত্রম্ অতিথাভ্যাগতাদি চরস্তী অহং পরিচারিণী পরিচরস্তীতি পরি-চরণশীলৈবাহ্ম্, পরিচরণচিত্ততয়া গোত্রা দিন্দরণে মম মনো নাভূৎ। যৌবনে চ ভংকালে ত্বাম্ অলভে লব্ধবতান্মি; তদৈব তে পিতা উপরতঃ; অতঃ অনাথাহম্, সাহমেতৎ ন বেদ বদেগাত্রস্থমি। জবালা তু নামাহমন্দি, সত্যক্ষমো নাম স্বমিন, স তং মতাকাম এবাহং জাবালোহস্মীত্যাচার্য্যায় ক্রবীথাঃ; যগাচার্যেণি পৃষ্ট ইত্যভিপ্রায়ঃ॥ ২৬২॥ ২

আনন্দর্শ্বি:। অভিথাভ্যাগতাদাবিকৃত্য পরিচ্যাজাতং বছ চরস্তী ভত্গৃহে যতোহণ হৈতাঁ, তেন পরিচরন্তা সতী পরিচরণচিত্ততা গোত্রাদানাপুচ্ছন্। তথাচ তৎশ্বরণে মনো নিম নাসাদিতি। গোত্রাদিপ্রশাভাবে হেত্তরমাহ—্যোত্রন ইতি। বদাপি তস্যামবস্থায়াং ক্ষ্মা গোত্রাদি নাপ্রাক্ষান্তথাপি কাল্যুম্বরে কিমিতি পিডরং ন পৃষ্টবতী ? ইত্যাশক্ষাহ তেই কৈত্রেতি। তথাপি কিমিত্যক্তমভিজ্ঞং নাপ্রাক্ষাঃ ? ইত্যাশক্ষাহ অত ইতি । প্রথমং লুজ্ফ্মা পিতরং প্রতি ন প্রথঃ, পুনশ্চ তন্তোপরভ্যাৎ পশ্চাৎ ন ত্বঃখবাছকাদক্তং প্রতি প্রথম ইতি ন্থিতে প্রশাভাবকলমাহ—ক্যাহ্মিতি। কিং তহি তব জ্ঞানমন্তি ? তদাহ—ক্ষ্বালাক্তি ৮ এবং ন্থিতে কিমাচান্যং প্রতি ময়া বক্তবান্ ? ইত্যাশক্ষাহ—ক্ষ অমিতি। বিগুটা কন্তিচিদ্ রেমানিতি স্থায়ং স্চমতি—ঘদীতি ॥ ২৬২ ॥ ২

ভাষ্যান্ত্রাদ। এইরপ জিজ্ঞাসিত হইয়া সেই জবালা এই
পুদ্রকে বলিলেন—হে তাত, তুমি যে-গোত্রীয় তাহা আমি জাল্কিনা,
অর্থাৎ তোমার গোত্র পরিচয় জানি না। তুমি জান না কেন ? ইহা
জিজ্ঞাসিত হইয়া বলিলেন—স্বামি-গৃহে অতিথি-অভ্যাগতাদির বহু
পরিচর্য্যা করিতে করিতে আমি পরিচারিণী অর্থাৎ পরিচর্য্যাশীলাই
ছিলাম; ঐ পরিচর্য্যা-কার্য্যে ব্যগ্রচিত্ত থাকায় গোত্রাদি-চিন্তায় আমার
মন ছিল না। আর সেই সময় আমার সোবনকাল; সেই
যোক্তিই তোমাকে লাভ করিয়াছিলাম; সেই সময়ই তোমার থিতাও
মারা যান; অতএব আমি অনাথা [হইয়া পড়ি]। তদক্ষায় আমি,
ইহা জানি, না যে, তুমি কোন্ গোত্রীয়; পরস্ক, আমি, হই নামে
জ্বালাক্তির তুমি হইতেছ নামে সত্যকাম [এইমাত্র জানি]। সেই
ভূমি এই কথাই বলিবে যে, আমি হই সত্যক্ষননামক জার্বাল।

অভিপ্রায় এই যে, আচার্য্য খদি জিজ্ঞাসা করেন, [তাহা হইলেই বলিবে, নচেৎ নহে] ॥ ২৬২ ॥ ২

স হ হারিদ্রুমতং গৌতমমেত্যোবাচ ব্রহ্মচর্য্যং ভগ্বাত বৎস্থাম্যুপেয়াং ভগবন্তমিতি॥ ২৬৩॥ ৩

সঃ (সত্যকামঃ) হ হারিজ্মতং (হরিজ্মতোহপতাং । গৌতমন্ (গোতম-বংশীরং গুরুম্) এত্য (প্রাপা) উবাচ —ভগবতি (পুজনীয়ে) [ঘরি] ব্রন্ধচর্যাং বংস্থামি; [অতঃ] ভংবস্তম্ (ঘাং) উপেয়াম্ (শিষারূপেণ উপ্যাগদ্ভেয়ম্) ইতি॥

সেই সত্যকাম হরিক্রমানের পূত্র —হারিক্রমত নামক গৌতম ঋষির সমীপে উপস্থিত হইয়া বলিলেন, আমি আপনার নিকট ব্রহ্মচর্য্য বাদ করিব, এইজ্বস্থ পূজনীয় আপনার নিকট আদিয়াছি॥

তণ্ হোবাচ কিংগোত্রো সু সোম্যাসীতি, সং হোবাচ নাহমেতদ্বেদ ভো যদোত্রাহহমিমি, অপূচ্ছং মাতরণ সামা প্রত্যব্রবীদ্বহ্বহং চরন্তা পরিচারিণী যৌবনে ত্বামলতে, সাহমে-তন্ন বেদ যদ্গোত্রস্বমিদ, জবালা তু নামাহহমিমি স্ত্যকামো নাম ত্বমনীতি; সোহহণ্ সত্যকামো জাবালোহিমি ভো ইতি । ২৬৪॥ ৪

[এবম্কবন্ধং] তং (সতাকামং) গৌতমঃ উবাচ—র (ভোঃ) সেন্সা।
(প্রিয়দর্শন,) [ছং] কিংগোত্রঃ (কন্মিন্ বংশে জাতঃ) অসি (ভবিদি)
ইতি। সঃ (সত্যকামঃ) হ উবাচ—ভোঃ (সম্বোধনং) অহম্ এতং (ছংপৃষ্টং)ন বেদ (ন বেদ্মি), অহং যদ্গোত্রঃ অন্ধি (ভবামি) ইতি। মাতরম
(মম জননীং) অপৃচ্ছং (পৃষ্টবান্ অন্ধি); সা (মাতা) মা (মাং) প্রতাত্ত্রবীং
(প্রত্যুক্তরতী)—'অহুং বহু চরস্তী পরিচারিণী (পরিচর্য্যাপরা সতী) বৌননে
হাম্ অলভে; সা অহম্ এতং ন' বেদ যদেগাত্রঃ হম্ অসি; তু (পুনঃ) অহং
জ্বালা নামু অন্ধি, ছং [চ] ত্যেকামঃ নাম অসি ইতি। ভোঃ (মুন্মোধনং)
সঃ অহং সত্যকামঃ জাবারুং অন্ধি ইতি।

[এই কথা বলিলে, পর] ঋষি তাঁহাকে জিজাসা করিলেন--হে সোমা, তুমি

কোন্ গোত্রীয় ? [তহন্তরৈ পত্যকার্ম ব বিলনে—মহার্মী, আমি ইহা জানি না বে, আমি কোন্গোত্রীয় । মাতাকে জিজ্ঞাসা করিয়াছিলাম, তিনি প্রত্যুত্তরে আমাকে বলিলেন—'আমি বছতর গৃহকর্মো ব্যাপৃত পরিচারিকা অবহায় যৌবন্সমতে তোমাকে লাভ করিয়াছি; সেইজন্ম আমি জানি না যে, ত্মি যে গোত্রে উৎপন্ন হইয়াছ; পরস্ক, আমি হইতেছি জবালা নামে প্রসিদ্ধ, আর ত্মি হইতেছ সত্যকাম নামে প্রসিদ্ধ, [এই মাত্র জানি]। মহাশয়, সেই আমি হইতেছি জবালাপুত্র—জাবাল সত্যকাম॥ ২৬৪॥ ৪

শাক্ষরভাষ্যম। সহ সত্যকামং হারিক্রমতং হরিক্রমতোহপত্যং হারিক্রমতং গৈতিমং গোত্রত এতা গড়া উবাচ—ব্রন্ধচর্যাং ভগবতি পূজাবতি ডিম্নি বংস্থামি, অত উপেয়ামুপগচ্ছেমন্ শিষ্যতয়া ভগবস্থম্, ইত্যক্তবস্তং তং হ উবাচ গৌতমং—
কিং গোত্রো মু সোম্য অসীতি; বিজ্ঞাতকুলগোত্রং শিষ্য উপনেতব্যঃ; ইতি পৃষ্টঃ প্রত্যাহ সত্যকামঃ। স হোবাচ—নাহমেতৎ বেদ ভো যদ্গোত্রোহহমন্মি; কিন্তু, ভিপ্টছং পৃষ্টরানন্মি মাতরম্; সা ময়া পৃষ্টা মাং প্রত্যব্রবীৎ মাতা—বহু অহং চরস্ত্রীত্যাদি পূর্ববং। তন্তা অহং বচঃ ম্বরামি; সোহহং সত্যকামো জাবালোহন্মি ভো ইতি॥ ২৬৩—২৬৪॥ ৩—৪

শ আনন্দলিরিও। মাতৃবচনশ্রবণানন্তরং কিং কৃতবানিতাপেকায়ামাহ— স হেতি। থাচাব্যসমাপে, প্রথাচন্যবাস: শিব্যভাবাদৃতে ন সিধ্যতীতাভিমন্থানায়োক্তং—অত ইতি। কিমনয়া কাকদন্তপরীক্ষয়, ভবতা ত্বমুপনেতব্যোহাম ইত্যাশস্ক্যাহ—বিজ্ঞাতিতি । মাতরং পৃষ্ট্যা বিজ্ঞায়াগম্যতামিত্যাশক্ষ্যাহ—কিংজিত্যাদিনা ॥ ২৬ গাই ৮৮॥ ০॥ ৪

ভাষ্যানুবাদ। সেই সত্যকাম হারিক্রমত অর্থাৎ হরিক্রমানের পূর্ত্ত্ব—হারিক্রমতনামক গোতমবংশার গোতম ঝ্যিকে প্রাপ্ত হইয়া অর্থাৎ তাঁহার নিকট উপস্থিত হইয়া বালিলেন—পূজনীয় আপনার নিকট আমি ব্রহ্মচারিরূপে বাস করিব, এই নিমিত্ত শিষ্যভাবে আপনার নিকট আমিয়াছি। এইরূপ বলিলে পর গোতম তাহাকে জিজ্ঞাসা করিলেন—হে সোম্য (প্রিয়দর্শন), তুমি কোন্ গোত্রীয় ? কেননা, নাহার বংশ ও গোত্র পরিজ্ঞাত আছে, তাহাকেই উপনীত করিতে হয়, নচেৎ নরে। ইয় জিজ্ঞাসিত হইয়া সত্যকাম প্রত্যুত্তর দিল্লেন; তিনি ধলিকেন—মহাশয়, আমি ইহা জানি না যে, আমি হইতেছি কোন্ গোত্রীয়; কিছ্ক আমি মাতাকেও জিজ্ঞানং করিয়াছিলাম;

আমার জিজ্ঞাসার পর মাঁওা আমাকৈ প্রত্যুত্তরে বলিলেন—"বছ অহং চরন্তী" ইত্যাদি; ইহার অর্থ পূর্বকবং। আমি তাঁহার (মাতার) কথা স্মরণ করিতেছি, অর্থাৎ তাঁহার উপদেশানুসারে বলিতেছি মহাশয়, আমি হইতেছি সত্যকামনামক জাবাল অর্থাৎ আমার মাঁতার নাম জবালা, এবং আমার নাম সত্যকাম। ২৬০॥২৬৪॥৩॥৪

তত্থ হোবাচ নৈতদন্ত্রাহ্মণো বিবক্তু মর্হতি, সমিধত্ সোম্যাহ-রোপ ত্বা নেষ্যে ন সত্যাদগা ইতি। তমুপ্নীয় ক্লশানামবলানাং চতুঃশতা গা নিরাক্ত্যোবাচেমাঃ সোম্যানুসংব্রজেতি, তা অভিপ্রস্থাপয়মু বাচ—নাসহস্রেণাবর্ত্তেয়েতি; স হ বর্ষগণং প্রোবাস তা যদা সহস্রভ্ সম্পেতঃ॥ ২৬৫॥৫

ইতি চতুর্থাধ্যায়ে চতুর্থঃ খণ্ডঃ॥ ৪॥৪

আরাদ্ধণ: (রাদ্ধণেতরঃ বর্ণঃ) এতৎ (ঈদুশং সারলাপূর্ণং বর্টনং) বিবক্তুঃ
(বিশেষে গকথিরিতুং) ন অর্হতি (ন শক্রোতি); বুনং রাদ্ধণস্থমসীতি ভাবঃ]।
[এতঃ] হে সোম্য, সমিধং (যজ্ঞকাষ্ঠং) আহর (সমানয়), তা (তাং)
উপনৈর্দ্ধী (উপনীতং করিষামি) [অহমিতি শেষঃ]; [যতঃ তং] স্তাধি
(রাদ্ধণজাতীয়ধর্মাং যথার্থ তাষণাৎ) ন অগাঃ (ন ঝলিতোহসীতার্থঃ)।
[মনস্তর্কঃ] ত॰ (সত্যকামং) উপনীয় (উপনয়নসংক্ষারসম্পন্নং রুবী)
কুশানাং (ক্ষীণদেহানাং) অবলানাং (বলহীনান্ধে) [গবাঃ যথাৎ] চতুঃশতাং
(চতুঃশতসংখ্যকাঃ) গাঃ নিরাক্ত্য (পৃথক্কৃত্যা) উবাচ—হে সোম্য, ইমাঃ
(ময়া তাকাঃ গাঃ) অনুসংরজ (অনুসর) ইতি [আদিন্তঃ সত্যকামঃ]
তাঃ গাঃ অভিপ্রস্থাপরন্ (অরণ্যং প্রতি নয়ন্) উবাচ—অসহস্রেণ (য়বৎ
সহস্রমংখ্যা ন পূর্যাতে, ভাবৎ) ন আবর্ত্বের (প্রত্যাগচেছ্রম্), [ইত্যুক্ত্রা]
সঃ (সত্যকামঃ) হ বর্ষগণং (বর্ষাণাং গণং দীর্ঘকালং ব্যাপ্য) প্রোবাস
(প্রবাসংক্রাকাঃ সংপেত্রঃ (প্রশ্বিন্ কালে যাবতা কালেত্র) উয়ঃ (গায়ঃ) সহস্রং
শহস্রসংখ্যাকাঃ সংপেত্রঃ (প্রশ্বা বভুবুঃ)॥

গৌত্য-সত্যকামকে বলিলেন; ব্রাহ্মণ না হইলে এরপ সত্য কথা দৃঢ়তার

. সহিত বলিতে সমর্থ হর না ; হৈ সোমা, তুমি সমির্থ আহরণ কর, আমি তোমাকে উপনীত করিব ; কারণ, তুমি [ব্রাহ্মণধর্ম] সত্য হইতে খালিত হও নাই। অনপ্তর তাহাকে উপনীত কয়য়া রুশ ও হর্পল গো সমূহ হইতে চারিশত গোকে পৃথক করিয়া দিয়া বলিলেন,—হে সোমা, তুমি এই গোসমূহের অনুগমন কর। সত্যকাম সেই গো সমূহকে লইয়া যাইবার সময় [গুরুকে] বলিলেন, সহস্ত্র সংখ্যা পূর্ব না হইলে আমি প্রত্যাগমন করিব না ; [এই বলিয়া প্রস্তান করত] তিনি বছ বৎসর প্রবাস করিলেন। যে সময় সেই গোসমূহ সহস্রসংখ্যায় পূর্ব হইল, [সেই সময়] ॥২৬৫॥৫

শাঙ্কর-ভাষ্যম্। তং হ উবাচ গৌতমঃ—নৈতৎ বচঃ অব্রান্ধণো বিশেবেণ বক্তমুহঁতি আর্জ্জবার্থসংযুক্তম্। ঋজবো হি ব্রান্ধণাঃ, নেতরে স্বভাবতঃ। ষশ্মাৎ ন সভ্যাদ্ ব্রান্ধণজাতিধর্মাৎ অগাঃ নাপেতবানসি, অতো ব্রান্ধণং স্থাম্পনেষো , অতঃ সংস্থারার্থং হোমার সমিধং সোমা আহর, ইত্যুক্ত্বা তম্পনীয় ক্লশানামবলানাণ গোর্থাৎ নিনাক্তা অপক্ষয় চতুঃশতা চন্ধারি শতানি গবাম্ উবাচ ইমা গাঃ হোমা অসুসংব্রজ অনুগচ্ছ; ইত্যুক্তঃ তা অরণাং প্রতি অভিপ্রস্থাপুরন্ উরাচ-ইন অসহত্রেণ অপূর্ণেন সহত্রেণ আবর্ত্তের ন প্রত্যাগচ্ছেয়ম্। স এবমুক্ত্বা গাংমরণাঃ ভূণোদকক্ষণং দক্ষরহিতং প্রবেশ্র স হ বর্ষগণং দীর্থং প্রোবাস প্রোষিতবান্। তাংসম্যক্গাবো রক্ষিতা যদা যশ্মিন্ কালে সহত্রং সম্পেন্থঃ সম্পন্ধণ বভূবুঃ॥ ২৬৫॥ ৫॥

ইতি চতুর্থাধ্যায়ত চতুর্থপঞ্জাবাম্॥ ৪॥ ৪

শ্বানন্দগিরিঃ। বান্ধণস্থ বানৃতং বিনা কথমার্জবসংযুক্তবচনম্ ? ইত্যাশস্থাহ—
শক্তির ইতি। কলিয়াদীনামপি কেযাঞ্চিদার্জবমন্তীত্যাশস্থাহ—নেত্র ইতি।
শক্তবচনতেন বান্ধণতং প্রতিজ্ঞানীতে—হাম্মাদিতি। উপনীয়াঝাপ্য চেতি শেষঃ। তম্বায়বহুংধিং শুক্রমামাদিষ্টবানিত্যাহ—কুশানামিতি। আচাব্যনিয়োগশ্চ শিব্যেণ সফলীকর্ত্তবা
ইত্যাশরেনাই—ইত্যুক্তে ইতি। সম্পন্ন বভূবৃস্তদৈনমূমভোহভূক্তবানিতি সমন্ধঃ॥ ২৬০॥
ইতি চতুর্থাধ্যায়স্ত চতুর্থ: খণ্ডঃ॥ ৪॥৪ ৫

ভাষ্যানুবাদ। গোতম তাহাকে বলিলেন—আক্ষাণ ভিন্ন কেই এইরূপ সরলতাপূর্ণ বাক্য বিশেষরূপে (নিঃশক্ষচিত্তে) বলিতে সমর্থ হয় না। কিন না, ব্রাক্ষাণগণই স্বভাবতঃ সরল, অপর সকলে নহে। বৈহেতু তুমি ব্রাক্ষাভার ধর্ম—সত্যব্যবহার ইইতে শ্বলিত—অ্পগত হও নাই, অতএব ব্রাক্ষাভাষ্য তোমাকে উপনীত করিব; অতএব হে সোম্য, উপনয়ন-সংস্থারাক হোমের নিমিত্ত সমিধ্ (বজ্ঞকাষ্ঠ) আহরণ কর; এই কথা বলিয়া তাহাকে উপনীত করিয়া রুল ১৪ চুর্বল গোসমূহ হইতে চারি শত গো বাহির করিয়া বলিলেন,—হে সোমা, তুমি এই গো সমূহের অমুগমন কর। এই কথা বলিলে পর সত্যকাম সেই গো-সমূহকে অরণ্যাভিমুখে লইয়া যাইবার কালে [গোতমকে লক্ষ্য করিয়া] বলিলেন—সহস্র সংখ্যা পূর্ণ না হওয়া পর্যান্ত আমি প্রত্যাগমন করিব না। তিনি এইরূপ বলিয়া বহুতর তুণোদকপূর্ণ ও নিরুপদ্রব অরণ্যমধ্যে গো-সমূহ প্রবেশ করাইয়া বহুবর্ষব্যাপী দীর্ঘ-প্রবাস গ্রহণ করিয়াছিলেন। উপযুক্ত যত্ত্বসহকারে রক্ষিত সেই গো-সমূহ যথন [অর্থাৎ যে দীর্ঘকাল প্রবাসে] সহ্জ্যু সংখ্যায় পূর্ণ হইল—॥ ২৬৫॥ ৫॥

ইতি চতুর্পাধ্যায়ে চতুর্পথণ্ডের ভাষ্যানুবাদ ॥ ৪॥৪ °

ি চতুর্পাধ্যায়ে

পঞ্চমঃ খণ্ডঃ।

অথ হৈনম্যভোহভুগোদ—সত্যকাম ৩ ইতি, ভগব ইতি হ প্রতিশুশ্রাব, প্রাপ্তাঃ সোম্য, সহস্রস্থা, প্রাপয় ন আচার্য্যকুলম্॥ ২৬৬ ॥ ১

অথ (সহস্রাংখ্যাপুরণানন্তরং) ঝবভঃ (তদেগাযুগদ্ধঃ কশ্চিং রুবঃ) হ
এক্ষ্ (সভাকামণ্) অভাবাদ (উক্তবান্)—হে সভাকাম ৬ ইছি।
[সভাকামণ্চ] ভগবঃ (ভগবন্) ইতি প্রতিশুল্লাব (প্রতিবচনং দন্তবান্),
["ঝবভ আহ—] হে সোমা, [বয়ং] সহল্রং (ত্বং-প্রতিজ্ঞাতসংখ্যা-পৃতিং) প্রাপ্তাঃ
,ঝঃ (ভন্তামঃ ', (বয়ং সহল্রসংখ্যকাঃ সম্পন্না ইতার্থঃ), [অতঃ] নাং (জ্নুমান্)
(আচার্যকুলং শুক্র্ছং) প্রাপন্ন (নন্ন)।

ত অনস্তর একটি বৃষ তাঁহাকে (সত্যকামকে) বলিলেন—হে সভ্যকাম, সতাকাম প্রত্যুত্তরে বলিলেন—ভগবন্; [বৃষ বলিলেন—] হে সোম্য, আমরা সহস্র সংখ্যা প্রাপ্ত হইয়াছি; আমাদিগকে আচার্য্যগৃহে লইয়া যাও।

শাঙ্করভাব্যম। তমেতং শ্রদ্ধাতপোভ্যাং দিদ্ধং বাষ্দেবতা দিক্সমন্ধিনী" তুটুা সতী ঋষভমন্থ বিশ্ব ঋষভভাবমাপনা অনুগ্রহার অথ হ এনম্ ঋষভোহভূবাদ অভ্যুক্তবান্—সভ্যকাম ০ ইতি সম্বোধ্য। তমসৌ সভাকামো ভগবঃ. ইতি হ গ্রভিশুলাব প্রতিবচনং দদৌ। প্রাপ্তাঃ সোম্য সহস্রং স্বঃ, পূর্ণা তব প্রতিজ্ঞা, অতঃ প্রাপর নোহমান্ আচার্য্যক্রম্ ॥ ২৬৯॥ ১

আনক্ষিরিং। কথম্বভং সত্যকামং প্রতিবক্ত্মলং, ন হি লোকে বলীবর্দশু মনুবাং প্রতি প্রতিবচনং দৃষ্টম্ অভ আহ—ত্যাত্তমিতি। সত্যকামং প্রদাদিসম্পন্নমন্থ তস্যাম-বর্ষান্নাম্ খবভোহসুগ্রহার অভ্যুবাদেতি সম্বন্ধ:। খবভস্য স্বন্ধশাহ—বাষুদ্দেবতেতি।
ভারণ্ডে তব্র ভব্র গান্দার্যক: প্রদাপ্রকং তপদ্যুতো বাষুদেবতা কথং তুইত্যোশভাহ—
দিক্সমন্দ্দিনীতি । ২৬৬ । ১

্রভাষাাসুবাদ। অনস্তর দিগধিপতি বাষ্দেবতা পরিত্বৈ হইয়া.
সত্যকামের প্রতি অনুগ্রহ প্রকাশার্থ রুষদেহে প্রকেশপূর্ববিক বৃষ্ভাবা
পদ্ম হইয়া বৃষরূপে শ্রন্ধা ও তপশ্যা দ্বারা সিদ্ধিপ্রাপ্ত সেই এই

সত্যকামকে সত্যকাম ৩ বিশ্বপিরে সম্বোধনসূচনার্থ ৩ অঙ্কটি প্রদত্ত হইয়াছে। বিশ্বপি সম্বোধন করিয়া বলিলেন। সত্যকামও তাঁহাকে ভগবন্ বলিয়া প্রতিবচন দিলেন। বিষ বলিলেন—] হে সোমা, আমরা সহস্রসংখ্যা প্রাপ্ত হইয়াছি; তোমার প্রভিজ্ঞা পূর্ণ হইয়াছে; অতএব আমাদিগকে আচার্য্য-গৃহে লইয়া তল ॥ ২৬৬॥১

ব্রহ্মণশ্চ তে পাদং ব্রবাণীতি, ব্রবাতৃ মে ভগবানিতি, তামে হোবাচ—প্রাচী দিকলা প্রতীচী দিকলা দিকণা দিকলোদীচা দিকলৈষ বৈ সোম্য, চতুকলঃ পাদো ব্রহাণঃ প্রকাশবান্ নাম॥ ২৬৭॥ ২

্থাৰ ভ উবাচ—হে সত্যকাম] তে (ভূভাং) ব্ৰহ্মণঃ (পরব্ৰহ্মণঃ), পাদং (ভাংশং) ব্ৰবাণি [কথয়ানি, প্ৰাৰ্থনায়াং লোট্], [সত্যকাম উবাচ—] ভশ্বানু (পূজনীয়া ভবান্) ব্ৰবীভূ (কথয়ভূ) ইতি; [ঋষভঃ] তথৈ (সত্যুকামায়) উবাচ হ—প্ৰাচী (পূৰ্বা) দিক্ কলা (একঃ অংশঃ), প্ৰতীচী (পশ্চিমা দিক্ কলা (অপরঃ ভাগঃ), দক্ষিণা দিক্কলা (ভৃতীয়ো ভাগঃ), উদাচী (উত্তরা), দক্কিলা (চভূর্থোভাগঃ)। হে সোম্য, এষঃ বৈ (এব) ব্রহ্মণঃ প্রকাশবান্ নাম চভূক্লঃ পাদঃ।

• পূর্প্রতিহাকে বলিলেন—হে সত্যকাম,] তোমাকে পরব্রন্ধের পাদ বা অংশ বলিতে চাই; [সত্যকাম এলিলেন—] ভগবান্ (পৃজনীয় আপনি) বলুন; তাহার উদ্দেশে বলিলেন—পূর্বাদিক্ এক কলা, পশ্চিমদিক্ অপর কলা, দক্ষিণ্দিক্ ভৃতীয় কলা এবং উত্তরদিক্ চতুর্থ কলা। হে সোমা, ইহাই ব্রন্ধের প্রকাশবান্নামক কলা-চতুষ্ক-বিশিষ্ট এক পাদ।

শাহ্বরভাষ্যম্। কিঞ্চ, অহং ব্রহ্মণঃ পরস্ত তে তুভাং পাদং ব্রবাণি কথয়ানি, ইতাক্তঃ প্রত্যুবাচ—ব্রবীত কথয়ত মে মহুং ভগবান্। ইত্যক্তঃ প্রযভন্ত বৈ শভাকামায় হোবাচ—প্রাচী দিক্কলা ব্রহ্মণঃ পাদস্ত চতুর্থো ভাগঃ। তথা প্রতীচী দিক্কলা, তথা দক্ষিণা দিক্কলা, উদীচী দিক্কলা, এয়ঃ বৈ শোমা, বৃহ্মণঃ পাদস্তত্ত্বলঃ—চতপ্রঃ কলা অবয়বা যস্ত সোহয়া চতুক্ষণঃ পাদের ব্রহ্মণঃ প্রাণঃ প্রকাশবান প্রকাশবান তোব নাম অভিধানং যন্ত। তথোওরেহপি পাদান্তর-শচতুক্ষণা ব্রহ্মণঃ॥ ২৬৭ শ ২

আনন্দলিরি:। বাজান্তরং চ নদীয়ং জঁরতার্বিত্যাহ—ক্রিং 'চেডি। বায়ুদেবতা দিক্সব্ধিনীত্যক্তরাৎ দিগ্গোচর্নমেব দর্শনম্বাচ, ইত্যাহ—প্রাচীডি। বন্ধাং পাদসোডি ব্যবিকরণে বঠো। একপাদ এব ব্রন্ধেতি বিশ্রমং ব্যবস্ততি—ত্তপ্রেডি । ২৬৭ । ২

ভাষ্যাসুবাদ। অপিচ, সামি তোমার উদ্দেশে পরস্ত্রন্ধের পার্দ বলিতে ইচ্ছা করি। এই কথা বলিলে পর [স্ত্রাকাম] বলিলেন—পূজনীয় আপনি আমার উদ্দেশে বলুন। ঋষভ এইরূপ অভিহিত হইয়া সেই সত্যকামের উদ্দেশে বলিলেন,—প্রাচী, অর্থাৎ পূর্ববিদক্ একটি কলা, অর্থাৎ ব্রহ্মপাদের চতুর্থ ভাগ, সেইরূপ পশ্চিম-দিক্ অপর কলা, দক্ষিণদিক্ অপর কলা, উত্তর্রদিক্ আর একটি কলা, ইহাই ব্রন্ধের চারিটি কলা বা অংশবিশিষ্ট—চতুক্ষল প্রকাশবান্ অ্বর্থাৎ প্রকাশবান্ এই নামবিশিষ্ট পাদ। ব্রন্ধের পরবর্ত্তী পাদত্রয়ও এইর্মপ চতুক্ষল ॥ ২৬৭ ॥ ২

দু য এতমেবং বিদ্বাভ্শ্চতুষ্কলং পাদং ব্রহ্মণঃ প্রকাশ-বানিত্যুপান্তে, প্রকাশবানস্মিলোকে ভবতি প্রকাশবতো হ • লোকাঞ্জয়তি, য এতমেবং বিদ্বাভ্শ্চতুষ্কলং পাদং ব্রহ্মণঃ প্রকাশবানিত্যুপান্তে॥ ২৬৮॥ ৩

ইতি চতুর্থ:ধ্যায়ে পঞ্চমঃ খণ্ডঃ ॥ ৪ ॥ ৫

[ইদানীং বিভাফলমুপদিশতি 'সং বং' ইত্যাদিনা।]—সং বং (কশ্চিৎ) এবং (মুথোক্তপ্রকারং) বিশ্বান্ (জানন্) এতং (পূর্ব্বোক্তং) ব্রহ্মণঃ চতুষ্কলং পাদং 'পকাশবান্, ইতি (প্রকাশবান্ ইত্যেবং শুণেন) উপাস্তে, [সং বিদ্বান্] অম্বিন্ লোকে প্রকাশবান্ (প্রতিষ্ঠাবান্) ভবতি, [এতং তু দৃষ্টং ফলম্, অদৃষ্টং ফল মাহ]—প্রকাশবতঃ (উজ্জলান্) লোকান্ হ ক্ষয়তি (আয়ন্তীকরোতি); বং এবং বিদ্বান্ সন্ ব্রহ্মণঃ চতুষ্কলং পাদং প্রকাশবান্ইতি উপাস্তে।

দেই যে কোন লোক উক্তপ্রকার অবগত হইরা ব্রহন্ধর এই চতুর্বল পাদকে প্রকাশবান্ বলিরা উপাসনা করেন, সে লোক ইহ লোকে প্রতিষ্ঠাসম্পন্ন হর্মেন এবং স্পূর্ব পরও উল্লেখ লোকসমূহ জন করেন। নিন্দ্র ব্রহ্মের এই চতুর্বল পাদকে যথোকপ্রকারে অবগত হইরা প্রকাশবান্ বলিয়া উপাসনা করেন।

শাস্করভাষ্যম্ব স.ষঃ কৃষ্টিদেবং যথোক্তমেতা ব্রহ্মণশ্চত্মলং পাদং বিদান্
প্রকাশবানিত্যনেন ওণেন বিশিষ্টমুপান্তে, তভেদং ফলম্—প্রকাশবান্ অস্মিদ্
লোকে ভবতি প্রথ্যাতো ভবতীত্যর্থ:। তথা অদৃষ্টং ফলম্—প্রকাশবৃত্তো হ লোকান্ দেবাদিসম্বন্ধিনো মৃতঃ সন্ জয়তি প্রাপ্নোতি। য এত্যেবং বিদান্
চতুম্বাং পাদং ব্রহ্মণঃ প্রকাশবানিত্যপান্তে॥ ১৬৮॥ ৩

ইতি চতুর্থাধাারস্ত পঞ্চমখণ্ডভাষাম ॥ ৪ ॥ c

জানন্দ্রিরির। প্রথমপাদোপাসকন্ত দৃষ্টমদৃষ্টঞ্ ফলমাহ—স ঘ ইক্তাাদিনা কস্যোদং ফলমিত্যুক্তে পূর্ব্বোক্তমেবোপাসকমমূবদতি— য প্রক্রিমিডি ॥ ২৬৮ ॥ ৩ ইতি চতুর্বাধ্যায়দ্য পঞ্চমঃ খণ্ডঃ॥ ৪ ॥ ৫

ভাষ্যানুবাদ। 'সেই যে কোনও লোক ব্রন্ধের এই যথোক্তন প্রকার এই চতুষ্কল পাদটিকে অবগত হইয়া 'প্রকাশবান্' এই, গুণ-বিশিষ্টরূপে উপাসনা করে, তাহার ফল এই—সে লোক ইহ লোকে প্রকাশবান্ অর্থাৎ বিখ্যাত হয়; [ইহা হইতেছে দৃষ্ট ফল], 'সেইর্র্নেপ অদৃষ্ট ফল এই—[সে লোক] মৃত্যুর পর দেবতাসম্বন্ধী প্রকাশবান (উচ্ছল) লোকসমূহ প্রাপ্ত হয়। যিনি ইপ্রকার অবগৃত হইয়া ব্রন্ধের চতুষ্কল পাদটিকে 'প্রকাশবান্' বলিয়া উপাসনা করেন, [তাইন্থে উক্তপ্রকার ফল লাভ হয়]॥ ২৬৮॥ ৩

ইতি চতুর্বাধ্যায়ে পঞ্চমখণ্ডের ভাষ্যামুবাদ ॥ ৪ ॥ ৫

.চতুর্পাধ্যায়ে

ষষ্ঠঃ খণ্ডঃ।

ত্বা আগ্নিষ্টে পাদং বক্তেতি। স হ শ্বোভূতে গা অভি'প্রস্থাপয়াঞ্চকার তা যত্রাভি সায়ং বভূব্স্তত্রাগ্নিমুপসমাধায়
গা উপরুধ্য সমিধমাধায় পশ্চাদগ্নেঃ প্রাঙ্গুপোপবিবেশ (1 ২৬৯॥ ১

ৃণ্টে সভাকাম,] সং (প্রসিদ্ধঃ) অগ্নিঃ তে (তুভাং) পাদং (দিতীয়দাদং) বক্তা (বক্ষাতি ইতি (এতং) [উক্ত্বা উপররাম ঋষভঃ ইতি শেষঃ]।
সৈঃ (সতাকামঃ) হ খোভতে (পরাতে সংজাতে) গাঃ অভিপ্রস্থাপয়াঞ্চকার
(আচার্য্যুহাভিমূথং প্রস্থাপয়ামাস); তাঃ (গাবঃ) যত্র (যক্ষিন্ গেশে বা)
সামং (নিশামুখে) অভিসম্বভূবুঃ (সম্মিলিতাঃ বভূবুঃ); তত্র অগ্নিম্ উপসমাধার
(প্রস্লাল্য) গাঃ উপক্ষধা (বদ্ধা) সমিধম্ (কার্চম্) আধার (গৃহীত্বা—আহ্বতা)
শেরোঃ পশ্চাৎ প্রাকৃ (প্রাল্ম্বাঃ সন্) উপবিবেশ (উপবিষ্টঃ বভূব)।

হে সত্যকাম, প্রসিদ্ধ অগ্নি তোমাকে (দ্বিতীয় পাদ) উপদেশ করিছেন; । ইহা বলিয়া সেই বৃষ বিরত হইলেন। পর দিন উপস্থিত হইলে, সত্যকাম গো-সমূহকে গুরুগহাভিমুখে পেরণ করিলেন; সায়ংসময়ে সেই গো সমূহ বেখানে সমিলিত হইল, সেখানে অগ্নিসংস্থাপন করিয়া গো সমূহকে অবরুদ্ধ করিয়া এবং কার্চ সংগ্রহ পূর্বক অগ্নির পশ্চান্তাগে পূর্বমুখ হইয়া উপবেশন করিলেন। ক্

শাস্করভাষ্যম। সেহিয়ি: তে পাদং বক্তৈত্যপররাম ঝবভ:। স সত্যকান্মা হ ঝেছেতে পরেচানৈ তিকেং কলা গা অভিপ্রস্থাপয়াঞ্চকার আচার্যকুলং প্রজি। বাঃ শনৈশ্চরস্তা ভাবার্যকুলাভিম্থাঃ প্রস্থিতাঃ। যত্ত্বমিন্ কালে দেশে অভি সারম্ নিশায়ামভিমংবভূব্রেকত্রাভিম্থাঃ সভ্তাঃ, তত্রায়িম্পদহাধার গা উপক্ষধা সমিধমাধার পশ্চাদয়েঃ প্রাঙ্ম্থ উপনিবেশ ধরভবন্তা ধ্যারন্॥ ২৬৯॥ ১

আনন্দ্রিলিরে। অবশিষ্টং পাদত্রমং কর্মং ক্রষ্টব্যমিতি বৃভ্ৎসমানং সভ্যক্ষমং প্রভাহ—
